# রামার্চ্চনচন্দ্রিকা

সুপ্রসিদ্ধ যোগিপ্রবরেণ—

আনন্দবন পরমহংস মহোদয়েন।

প্রণীতা—

যথৈব বটবীজস্থঃ প্রকৃতশ্চ মহাদ্রুমঃ।

তথৈব রামবীজস্থং জগদেতচ্চরাচরং।

শ্রীযুক্ত গুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্য্যেণ

সংশোধিতানূদিতা চ।

---

(১ নং গরাণহাটাষ্ট্রীট দাক্ষায়ণী পুস্তকালয় হইতে)

শ্রীগণেশচন্দ্র ঘোষ কর্ত্তৃক

প্রকাশিত।

প্রথম সংস্করণ।

---

কলিকাতা।

১ নং নিমুগোস্বামীর লেন দাক্ষায়ণী যন্ত্রে

শ্রীমাখনলাল ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১২৯৬ সাল।

# বিজ্ঞাপন।

ব্রহ্মচারী কুলচূড়ামণি মুকুন্দবন পরমহংস মহাশয়ের প্রধান শিষ্য প্রাতঃস্মরণীয় অলৌকিক প্রভাবশালী যোগি-প্রবর আনন্দবন পরমহংস মহোদয় সংহিতা প্রভৃতি-শাস্ত্রানুসারে এই "রামার্চ্চনচন্দ্রিকা" গ্রন্থখানি প্রণয়ন করিয়াছেন, স্মার্ত্তশিরোমণি ধর্ম্মব্যবস্থাপক রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয় এই গ্রন্থের উল্লেখ করিয়া স্বকীয় স্মৃতি-সংগ্রহ পরিপুষ্ট করিয়া গিয়াছেন এবং সিদ্ধ পুরুষ প্রধান কৃষ্ণানন্দ ভট্টাচার্য্য প্রণীত তন্ত্রসারে ও স্থানে স্থানে রামার্চ্চনচন্দ্রিকা সংগৃহীত হইয়াছে অতএব এই গ্রন্থ-কতকাল যাবৎ যে, ভারতভবনের অমূল্যরত্ন হইয়াছে তা-হার নিশ্চয় করা যায়না। ইহাতে যে সকল বিষয় প্রণীত হইয়াছে তাহার অনেক বিষয়ই শাক্ত বৈষ্ণব সাধারণের আবশ্যকীয়, রামোপাসক মহাশয় দিগের সম্বন্ধে ইহাকে অদ্বিতীয় সাধন সোপান এবং অদ্বিতীয় বান্ধব বলিলেও অত্যুক্তি হয়না। গ্রন্থকার অভ্রান্ত মহাপুরুষ ছিলেন অতএব লিপিকরের প্রমাদবশতই বলিতে হইবে ইহার কোন কোন অংশ নিতান্ত অসংলগ্ন হইয়া পড়িয়াছে, মুদ্রণকার্য্যের জন্য ২ খানি পুস্তকের সাহায্য নিয়াছিলাম অনেকস্থলেই পুস্তকদ্বয়ের অনৈক্য দেখিয়া যাহা চারুতর বিবেচনা হইয়াছে তাহাই নিবেশিত হইয়াছে।

বহুকাল যাবৎ এতদ্দেশে নানা পচারেই মুদ্রণ যন্ত্র পরিসেবিত হইতেছে কিন্তু আক্ষেপের বিষয় যে, এই অমৃতময় উপচার সেবকবৃন্দের নয়নপথে পতিত হয় নাই, যাহা হউক পদে পদেই জগতের রুচির প্রভেদ দেখা যাইতেছে। আমি মদীয় আত্মীয় প্রবর শ্রীযুক্ত রাখালদাস কবিরত্ন মহাশয়ের নিকট উল্লিখিত পুস্তকদ্বয় ও পরমোপকার প্রাপ্ত হইয়া সাতিশয় আনন্দের সহিত ইহা মুদ্রিত করিলাম, এইক্ষণ উৎসাহবর্দ্ধক গ্রাহকবৃন্দের নিভব পদে প্রতিষ্ঠিত হইলেই সদানন্দের ভাজন হইব ইতি।

বিশেষ।—আমি এই পুস্তকের স্বত্ব অশেষ শুভাশীভাজন শ্রীযুক্ত বাবু গণেশচন্দ্র ঘোষ মহাশয়ের কর পল্লবে সমর্পণ করিলাম, ইহাতে আমার কোন স্বত্ব রহিলনা। ইতি।

শ্রীগুরুনাথ শর্ম্মা।

# সূচীপত্র ।


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| মঙ্গলাচরণং | ... | ১ |
| অথ গ্রন্থারম্ভঃ | ... | ২ |
| অথ গুরু লক্ষণং | ... | ৩ |
| অথ শিষ্য লক্ষণং | ... | ঐ |
| অথ দীক্ষা প্রকরণং | ... | ৪ |
| অথ সিদ্ধাদি শুদ্ধি কথনং | ... | ৫ |
| অথ সিদ্ধাদি চক্রং ( অকথহচক্রং ) | ... | ৬ |
| অথ প্রকারান্তরং | ... | ৭ |
| অথ সিদ্ধাদীনাংগুণ দোষ কথনং | ... | ৮ |
| অথ স্বকুলাকুলভেদঃ | ... | ৯ |
| অথ বালাদি ভেদঃ | ... | ১০ |
| অথ কুলাকুল চক্রং | ... | ১১ |
| অথ রাশি নক্ষত্র মেলনং | ... | ১২ |
| অথ রাশি চক্রং | ... | ১৩ |
| অথ নক্ষত্র চক্রং | ... | ১৪ |
| অথ মন্ত্রাণাং সুপ্ত প্রবোধ কালঃ | ... | ১৫ |
| অথ ঋণ ধন শুদ্ধি কথনং | ... | ঐ |
| অথ ঋণি ধনি চক্রং | ... | ১৯ |
| অথ রাশি শুদ্ধিঃ | ... | ২০ |
| অথ মন্ত্রাণাং দশসংস্কারাঃ | ... | ২১ |
| অথ শ্রীরামস্য মন্ত্রোদ্ধার প্রকরণং | ... | ২২ |
| অথ একাক্ষর মন্ত্রাদয়ঃ | ... | ঐ |
| অথ দ্ব্যক্ষর মন্ত্রাদয়ঃ | ... | ২৩ |
| অথ ষড়্ বিধ ত্র্যক্ষর মন্ত্রাঃ | ... | ঐ |
| অথ দ্বিবিধ চতুরক্ষর মন্ত্রঃ | ... | ঐ |
| অথ পঞ্চাক্ষর মন্ত্রঃ | ... | ঐ |
| অথ ষড়্ বিধ ষড়ক্ষরমন্ত্রাদয়ঃ | ... | ২৪ |
| অথ পঞ্চাশন্মাতৃকাবর্ণ পূর্ব্বক লক্ষ্যাদ্যনেকমন্ত্রাঃ | | ঐ |
| অথ স্বাহান্তাদিমন্ত্রাঃ | ... | ২৫ |
| অথ কামবীজাদি পূর্ব্বক মন্ত্রাঃ | ... | ২৬ |
| অথ অষ্টাক্ষর মন্ত্রাঃ | ... | ঐ |
| অথ নানাবিধনবাক্ষর মন্ত্রাঃ | ... | ঐ |
| অথ পুনরষ্টাক্ষর মন্ত্রাঃ | ... | ঐ |

বিষয় পৃষ্ঠা


অথ দশাক্ষর মন্ত্রঃ ... ২৭
অথ পুনর্দ্দশাক্ষর মন্ত্রঃ ... ২৮
অথ বিবিধ দ্বাদশাক্ষর মন্ত্রাদয়ঃ ... ঐ
অথ ত্রয়োদশাক্ষর মন্ত্রঃ ... ঐ
অথ অষ্টাদশাক্ষর মন্ত্রঃ ... ঐ
অথ দ্বাত্রিংশদক্ষর মন্ত্রঃ ... ২৯
অথ সপ্তচত্বারিংশন্মালা মন্ত্রঃ ... ৩০
অথ ষড়ক্ষরমন্ত্র মাহাত্ম্যং ... ৩১
অথ সীতায়াঃ ষড়ক্ষর মন্ত্রাদয়ঃ ... ঐ
অথ লক্ষ্মণ মন্ত্রাদয়ঃ ... ৩২
অথ ভরত শত্রুঘ্নয়োরপ্যয়ং বিধিঃ ... ঐ
অথ লক্ষ্মণ মন্ত্র জপস্যাবশ্যকত্বং ... ৩৩
অথ লক্ষ্মণ মন্ত্রস্য মাহাত্ম্যং ... ঐ
অথ লক্ষ্মণ মন্ত্র জপেন রোগপ্রতিকারাদি বহুবিধ ফলকথনং ৩৪
অথ হনুমতো মন্ত্রঃ ... ৩৬
অথ অস্য মালামন্ত্রঃ ... ৩৭
অথ অস্য পুরশ্চরণ নিয়মঃ ... ৩৮
অথ অস্য ফল কথনং .. ৩৯
অথাস্তচতুর্ব্বিংশত্যক্ষর মন্ত্রাদয়ঃ ... ৪০
অথানেন প্লীহাদিরোগ শান্তি প্রয়োগ কথনং ... ঐ
অথাস্ত নানাবিধ প্রয়োগেন নানাবিধ ফল লাভ কথনং ঐ
অথ হনুমতোযন্ত্রং ... ৪২
অথ হনুমতোঽষ্টাক্ষর মূলমন্ত্রঃ ... ঐ
অথ অস্য মালামন্ত্রঃ ... ৪৩
অথ রাম পূজায়াং গণেশাদি পূজায়া আবশ্যকত্বং ঐ
অথ গণেশ মন্ত্রধ্যানাদয়ঃ ... ৪৫
অথ সূর্য্য মন্ত্রধ্যানাদয়ঃ ... ৪৬
অথ শিবস্য মন্ত্রধ্যানাদয়ঃ ... ৪৭
অথ ভুবনেশ্বরী মন্ত্রধ্যানাদয়ঃ ... ৪৮
অথ শ্রীরামমন্ত্র মাহাত্ম্যং ... ৪৯
অথ অস্য ষড়ক্ষর মন্ত্র মাহাত্ম্যং ... ঐ
অথ অস্য শ্রুতি প্রমাণং ... ৫০
অথ শ্রীরাম বীজার্থঃ ... ঐ
অথ অক্ষরার্থ কথনং ... ৫১
অথ মূলমন্ত্রার্থঃ ... ৫২
অথ অধিকারি নির্ণয়ঃ ... ৫৩

| বিষয় | | |
|---|---|---|
| অথ তারকত্ব কথনং | ... | ঐ |
| অথ দীক্ষাবিধি নিষেধ মাসাঃ | ... | ৫৫ |
| অথ বারনিয়মঃ | ... | ৫৬ |
| অথ নক্ষত্র নিয়মঃ | ... | ঐ |
| অথ তিথি শুদ্ধিঃ | ... | ৫৭ |
| অথ কাল শুদ্ধিঃ | ... | ঐ |
| অথ সূর্য্য গ্রহণাদি বিশেষ কালঃ | ... | ঐ |
| অথ কর্ত্তব্যতাক্রমঃ | ... | ৫৮ |
| অথ কুণ্ডলক্ষণং | ... | ৬০ |
| অথ বেদী লক্ষণং | ... | ৬১ |
| অথ স্রুকস্রুব লক্ষণং | ... | ৬৩ |
| অথ অগ্নিস্থাপন বিধিঃ | ... | ৬৫ |
| অথ চরু শ্রপণং হোমবিধিশ্চ | ... | ৬৭ |
| অথ দীক্ষা প্রকারঃ | ... | ৬৮ |
| অথ সংক্ষেপদীক্ষা প্রকারঃ | ... | ৭১ |
| অথ দ্বিবিধোপাসনা | ... | ৭২ |
| অথ ভক্তিমার্গ কথনং | ... | ৭৫ |
| অথ ধর্ম্মনিষ্ঠা | ... | ৭৬ |
| অথ ব্রাহ্ম মুহূর্ত্ত কৃত্যং | ... | ঐ |
| অথ স্মরণং | ... | ঐ |
| অথ শৌচবিধিঃ | .. | ৭৭ |
| অথ আচমন বিধিঃ | .. | ৭৮ |
| অথ দন্ত ধাবনং | ... | ঐ |
| অথ ভাবনা | ... | ৭৯ |
| অথ প্রার্থনা | .. | ঐ |
| অথ যজ্ঞোপবীত ধারণং | ... | ৮০ |
| অথ কেশ প্রসাধনং | .. | ঐ |
| অথ শিখাবন্ধনং | ... | ঐ |
| অথ স্নানবিধিঃ | .. | ঐ |
| অথ শালগ্রামোদকেন স্নানং | ... | ৮১ |
| অথ শালগ্রাম সম্পৃক্ততোয় মাহাত্ম্যং | ... | ঐ |
| অথ বিপ্রপাদোদক মাহাত্ম্যং | ... | ৮২ |
| অথ আসন নিয়মঃ | ... | ঐ |
| অথ বৈষ্ণবাচমনং | ... | ৮৩ |
| অথ তিলক ধারণং | ... | ৮৪ |
| অথ বস্ত্র নিষ্পীড়নে বিধি নিষেধৌ | ... | ঐ |

| বিষয় | | পৃষ্ঠা। |
|---|---|---|
| অথ সন্ধ্যা | ... | ৮৫ |
| অথ রামগায়ত্রী | ... | ৮৬ |
| অথ তর্পণং | ... | ঐ |
| অথ অরুণাগায়ত্রী | ... | ৮৭ |
| অথ প্রথম যামসাবশিষ্টং কৃত্যং | ... | ৮৮ |
| অথ দেবতায়াঃ নির্ম্মাল্য স্থাপনে দোষঃ | ... | ঐ |
| অথ দ্বিতীয় যামকৃত্যং বেদাদ্যভ্যসনং | ... | ঐ |
| অথ মঙ্গলাষ্টকং | ... | ৮৯ |
| অথ তৃতীয় যাম কৃত্যং | ... | ঐ |
| অথ জীবিকা নিয়মঃ | ... | ঐ |
| অথ চতুর্থ যাম কৃত্যং | ... | ঐ |
| অথ মাধ্যাহ্নিক স্নান বিধিঃ | ... | ঐ |
| অথ অগস্ত্য সংহিতোক্ত শ্রীরাম পূজা | ... | ৯০ |
| অথ দ্বার পূজা | ... | ৯১ |
| অথ আসনে বিধিনিষেধৌ | ... | ৯২ |
| অথ মালা ধারণং | ... | ৯৩ |
| অথ শুদ্ধি চতুষ্টয়ং | ... | ঐ |
| অথ আসন শুদ্ধিঃ | ... | ৯৪ |
| অথ ভূতাপসারণং | ... | ৯৫ |
| অথ গুরুনতিঃ | ... | ঐ |
| অথ মাতৃকোপসংহারঃ ( জীবস্থাপনঃ ) | ... | ৯৬ |
| অথ ভূতোপসংহারঃ | ... | ৯৭ |
| অথ ভূতশুদ্ধি প্রকরণং | ... | ৯৮ |
| অথ প্রাণ প্রতিষ্ঠা | ... | ৯৯ |
| অথ প্রাণ শক্তিধ্যানং | ... | ১০০ |
| অথ ভূতশুদ্ধ্যকরণে দোষ কথনং | ... | ১০১ |
| অথ ন্যাস নির্ণয়ঃ | ... | ১০২ |
| অথ মাতৃ কাবর্ণৈঃ প্রাণায়ামঃ | ... | ঐ |
| অথ মাতৃকায়া ঋষ্যাদি ন্যাসঃ | ... | ঐ |
| অথ করাঙ্গাদি ন্যাসঃ | ... | ১০৩ |
| অথ মাতৃকা ধ্যানং | ... | ঐ |
| অথ অন্তর্মাতৃকা ন্যাসঃ | ... | ১০৪ |
| অথ বাহ্যমাতৃকা ন্যাসঃ | ... | ঐ |
| অথ অন্যা ধ্যানং | ... | ১০৫ |
| অথ পঞ্চাশৎ কলান্যাসঃ | ... | ঐ |
| অথ অন্যা ধ্যানং | ... | ঐ |

বিষয় পৃষ্ঠা


অথ অষ্টত্রিংশৎ কলা ন্যাসঃ ... ১০৬
অথ কেশব কীর্ত্ত্যাদি ন্যাসঃ ... ১০৭
অথ শ্রীকণ্ঠাদি ন্যাসঃ ... ১০৯
অথ অত্র ধ্যানং ... ১১০
অথ মাতৃকা ন্যাসস্য ফল কথনং ... ১১২
অথ তত্ত্বন্যাসঃ ... ঐ
অথ মূর্ত্তিপঞ্জর ন্যাসঃ ... ১১৩
অথ ইন্দ্রিয় ন্যাসঃ ... ১১৪
অথ কিরীট ন্যাসঃ ... ১১৫
অথ ঋষ্যাদি ন্যাসঃ ... ঐ
অথ করাঙ্গ ন্যাসঃ ... ১১৬
অথ অক্ষর ন্যাসঃ ... ঐ
অথ পীঠ ন্যাসঃ ... ঐ
অথ ব্যাপক ন্যাসঃ ... ১১৭
অথ ন্যাস ফলং ... ১১৮
অথ ধ্যানং ... ঐ
অথ ধ্যান ফলং ... ১১৯
অথ প্রকারান্তর ধ্যানং ... ঐ
অথ প্রণবাত্মক ঈশ্বর নিরূপণং ... ১২০
অথ প্রণবশ্রুতিঃ ... ঐ
অথ অর্ঘ্য স্থাপনং ... ১২২
অথ বহ্ন্যাদি কলা ন্যাসঃ ... ঐ
অথ তীর্থাবাহন মুদ্রাদর্শনং ... ১২৪
অথ অর্ঘ্যাদি পাত্রাণি ... ১২৫
অথ অশক্তাবেক পাত্রং ... ঐ
অথ অর্ঘ্যাদি দ্রব্যাণি ... ঐ
অথ অন্তর্যাগঃ ... ১২৬
অথ পূজা যন্ত্রং ... ১২৭
অথ গুর্ব্বাদি পীঠ দেবতা পূজা ... ১৩১
অথ পাদুকাদি মুদ্রাদর্শনং ... ১৩৩
অথ মুদ্রালক্ষণং ... ঐ
অথ শালগ্রাম যন্ত্রং ... ১৩৬
অথ প্রধান পূজাক্রমঃ ... ঐ
অথ সীতা লক্ষ্মণাদি পূজা ... ১৩৭
অথ অঙ্গাদ্যাবরণ পূজা ... ১৩৮
অথ পুনরাবরণ পূজা ... ১৪৯

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| অথ ধূপদীপনীরাজনানি | ... | ১৪৩ |
| অথ নৈবেদ্য পাত্রং | ... | ১৪৪ |
| অথ নৈবেদ্যোৎ সর্গ প্রকারঃ | ... | ঐ |
| অথ নীরাজনমন্ত্রঃ | ... | ১৪৫ |
| অথ হোমঃ | ... | ঐ |
| অথ ব্রহ্মার্পণ পূর্ণাহুতী | ... | ১৪৮ |
| অথ পঞ্চাঞ্জলিরূপণং | ... | ১৪৯ |
| অথ উচ্ছিষ্ট সমর্পণং | ... | ঐ |
| অথ প্রসাদ স্বীকারঃ | ... | ১৫০ |
| অথ বন্দনা | ... | ঐ |
| অথ অষ্টাঙ্গ প্রণামঃ | ... | ১৫১ |
| অথ প্রাদক্ষিণং | ... | ১৫২ |
| অথ প্রভুঃস্তুতিঃ | ... | ঐ |
| অথ হনুমৎ কল্পোক্ত স্তবঃ | ... | ১৫৬ |
| অথ রামবল্লভা স্তোত্রং | ... | ১৫৭ |
| অথ সঙ্গীতং | ... | ১৫৮ |
| অথ কপি মুদ্রা | ... | ঐ |
| অথ প্রার্থনা | ... | ঐ |
| অথ পাদোদক গ্রহণং | .. | ১৫৯ |
| অথ তীর্থ ধারণং | .. | ১৬০ |
| অথ তুলসার্চ্চা | ... | ঐ |
| অথ দ্বাত্রিংশদপরাধাঃ | ... | ১৬১ |
| অথ ক্ষমা প্রার্থনং | ... | ১৬২ |
| অথ কর্ম্মার্পণং | .. | ঐ |
| অথ আত্ম সমর্পণং | ... | ঐ |
| অথ আশীর্ব্বাদ গ্রহণং | ... | ১৬৩ |
| অথ বিসর্জ্জনং | ... | ঐ |
| অথ দিবসস্য ষষ্ঠভাগ কৃত্যং | .. | ১৬৫ |
| অথ পুরাণাদি পাঠঃ | ... | ঐ |
| অথ শয়ন বিধিঃ | .. | ১৬৬ |
| অথ ভোজন বিধিঃ | ... | ঐ |
| অথ আত্ম শয়ন বিধিঃ | ... | ১৭০ |
| অথ স্ত্রীসংসর্গ বিধিঃ | ... | ঐ |
| অথ পুরশ্চরণ বিধিঃ | — | ১৭১ |
| অথ স্নান নিয়মঃ | ... | ঐ |
| অথ হবিষ্যান্নং | ... | ১৭২ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| অথ বর্জ্জ্যানি | ... | ঐ |
| অথ স্নান নিয়মঃ | ... | ১৭৩ |
| অথ কূর্ম্ম চক্রং | ... | ১৭৪ |
| অথ আসন নিয়মঃ | ... | ১৭৫ |
| অথ মালানিরূপণং | ... | ১৭৬ |
| অথ জপক্রমঃ | ... | ১৭৮ |
| অথ পঞ্চাঙ্গে ইতি কর্ত্তব্যতা | ... | ১৮২ |
| অথ অশক্তস্য পুরশ্চরণ নিয়মঃ | ... | ১৮৪ |
| অথ প্রয়োগ সাধনং | ... | ১৮৫ |
| অথ ষট্কর্ম্মসু প্রধনাদি জ্ঞানং | ... | ঐ |
| অথ ষট্কর্ম্মসু নিয়মঃ | ... | ঐ |
| অথ কুণ্ডানি | ... | ১৮৬ |
| অথ বাহুনিয়মঃ | ... | ঐ |
| অথ জপ নিয়মঃ | ... | ঐ |
| অথ ঋতু নিয়মঃ | ... | ১৮৭ |
| অথ দিক্ নিয়মঃ | ... | ঐ |
| অথ তিথি নির্ণয়ঃ | ... | ১৮৮ |
| অথ নানাবিধ প্রয়োগেণ নানাবিধ ফল লাভ কথনং | | ঐ |
| অথ প্রথম যন্ত্রং | ... | ১৯২ |
| অথ দ্বিতীয় যন্ত্রং | ... | ২০০ |
| অথ তৃতীয়ং যন্ত্রং | ... | ঐ |
| অথ চতুর্থং যন্ত্রং | ... | ২০১ |
| অথ পঞ্চমং যন্ত্রং | ... | ২০৩ |
| অথ ষষ্ঠং যন্ত্রং | ... | ২০৪ |
| অথ সপ্তমং যন্ত্রং | ... | ২০৬ |
| অথ অষ্টমং যন্ত্রং | ... | ঐ |
| অথ যন্ত্র ধারণ নিয়মঃ | ... | ২০৮ |
| অথ চৈত্রমাস কৃত্যং | ... | ২০৯ |
| অথ দোলোৎসবঃ | ... | ঐ |
| অথ শ্রীরামনবমী মাহাত্ম্যং | ... | ২১০ |
| শ্রীরামনবমীব্রতস্য নিত্যত্বাদি বিচারঃ | ... | ঐ |
| অথ রাম নবমী ব্রত ব্যবস্থা | ... | ২১২ |
| অথ বৈষ্ণবলক্ষণং | ... | ২১৪ |
| অথ প্রতিনিধিঃ | ... | ২১৫ |
| অথ অষ্টমীকৃত্যং | ... | ২১৬ |
| অথ উপবাস নিবেদন মন্ত্রঃ | ... | ২১৮ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| অথ সঙ্কল্পঃ | ... | ঐ |
| অথ মূর্ত্তিনির্ম্মাণং | ... | ঐ |
| অথ শঙ্খ প্রতিষ্ঠা | .. | ২১৩ |
| অথ সর্ব্বতোভদ্রং | ... | ২২১ |
| অথ পীঠপূজা | ... | ২২৬ |
| অথ স্নানং | ... | ঐ |
| অথ পূজা বিধিঃ | ... | ঐ |
| অথ অকিঞ্চন ব্রতং | ... | ২২৭ |
| অথ অকিঞ্চন ব্রতোদ্যাপনং | ... | ২২৮ |
| অথ সমর্থস্য ব্রতোদযাপনং | ... | ঐ |
| অথ মদনোৎসবঃ | . | ঐ |
| অথ বৈশাখ জ্যৈষ্ঠকৃত্যং | ... | ২৩১ |
| অথ আষাঢ় কৃত্যং | ... | ২৩১ |
| অথ হরিশয়ন কৃত্যং | . | ২৩৪ |
| অথ চাতুর্ম্মাস্য ব্রতং | ... | ঐ |
| অথ শয়নে ত্যাজ্য দ্রব্যাণি | ... | ২৩৬ |
| অথ হবিষ্য ভোজ্যানি | ... | ঐ |
| অথ শ্রাবণ কৃত্যং | ... | ২৩৮ |
| অথ পবিত্র রোপণোৎসবঃ | .. | ঐ |
| অথ পবিত্র লক্ষণং | .. | ২৪০ |
| অথ পবিত্র রোপণবিধিঃ | ... | ২৪১ |
| অথ ভাদ্রকৃত্যং | ... | ২৪৪ |
| অথ আশ্বিনকৃত্যং | ... | ২৪৬ |
| অথ কার্ত্তিক কৃত্যং | . | ২৪৭ |
| অথ রথোৎসবঃ | ... | ঐ |
| অথ ত্রৈপুরোৎসবঃ | . | ২৫২ |
| অথ অগ্রহায়ণ কৃত্যং | ... | ঐ |
| অথ পৌষ মাঘ কৃত্যং | ... | ২৫৩ |
| অথ ফাল্গুণ কৃত্যং | ... | ঐ |
| অথ অধিমাস কৃত্যং | ... | ২৫৫ |
| অথ একাদশী ব্রতকৃত্যং | ... | ২৫৬ |
| অথ শ্রীরাম কবচং | ... | ২৫৭ |
| অথ গ্রন্থকর্ত্তুরাবেদনং | ... | ২৫৯ |
| অথ সমাপ্তিঃ। | ... | ২৬০ |

অজ্ঞানান্ধ-নিবারণৈকতরণির্ব্বিজ্ঞানচিন্তামণি-
নিত্যানন্দপদৈকভূর্ব্বিজয়তে শ্রীমান্মুকুন্দো মুনিঃ ॥ ২ ॥

বেদান্তবাক্যার্থহরির্ব্বিরাজতে
যস্মিন্ গজাঃ কামমদাদয়ো ন হি।
বুধাঃ সদানন্দপদং প্রপেদিরে
বন্দে মুকুন্দাখ্যবনং গুরুং পরং ॥ ৩ ॥

পূর্ব্বোত্তরতাপনীয়মখিলং কল্পং বরং মারুত
ব্রহ্মাগস্ত্যবশিষ্ঠনামসহিতাঃ কল্পাংস্তথা সংহিতাঃ।
শাস্ত্রং মন্ত্রময়ং যথা কুবলয়ং হ্যালোচ্য গীতাদিকং-
শ্রীরামার্চ্চনচন্দ্রিকা কলিমলপ্রধ্বংসিকা প্রোচ্যতে ॥

তত্তদ্গ্রন্থগতৈর্নানাবাক্যৈরেব সুসংস্কৃতৈঃ। লোকা-
র্থার্থং ক্রমশঃ সম্যক্ সংক্ষেপেণ প্রতন্যতে।

সংসারের মিহির স্বরূপ, বিজ্ঞানবিষয়ে চিন্তামণি, এবং নিত্য আনন্দের নিকেতন, সেই ভগবান্ মুকুন্দ মুনি সর্ব্বোৎকৃষ্টরূপে বিরাজ করেন। ২।

যাহাতে বেদান্তাদি দর্শন শাস্ত্রের বাক্যার্থ বোধরূপ কেশরী কেলি করে বিধায় কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্যরূপ গজগণ সমাগমন করিতে পারেনা, যাহাকে আশ্রয় করিয়া পণ্ডিতগণ পরম আনন্দ পদ প্রাপ্ত হন, আমি সেই পরম গুরু মুকুন্দবনকে প্রণাম করি। ৩।

পূর্ব্বতাপনীয়, উত্তরতাপনীয়, মারুত সংহিতা, ব্রহ্ম সংহিতা, অগস্ত্য সংহিতা, বশিষ্ঠ সংহিতা, গীতাপ্রভৃতি ধর্ম্মশাস্ত্র এবং নিখিল মন্ত্রকাণ্ড স্বরূপ কুবলয়ের ন্যায় আলোড়িত করিয়া আমি এই কলিকলুষবিনাশিনী রামার্চ্চনচন্দ্রিকা প্রণয়ন করিতেছি। আমি এই গ্রন্থে স্বকপোলকল্পিত কিছুই লিখিতেছি না, উল্লিখিত ধর্ম্মশাস্ত্রোক্ত বিশুদ্ধ বাক্য গুলিই লোকার্থার্থ ক্রমানুসারে সংগ্রহ করিয়া এই পুস্তক প্রকাশ করিতেছি।

প্রথমতঃ গুরু ও শিষ্যের লক্ষণ বলিতেছেন, তন্মধ্যে গুরুর লক্ষণ এই
শান্ত—শান্তিগুণযুক্ত অর্থাৎ অনাবশ্যকীয় বিষয় ভোগে বিরক্ত, যাহা না হইলে

উচ্যতে অধুনা তত্র লক্ষণং গুরুশিষ্যয়োঃ।

অথ গুরুলক্ষণং।—

শান্তো দান্তঃ কুলীনশ্চ বিনীতঃ শুদ্ধবেশবান্। শুদ্ধাচারঃ সুপ্রতিষ্ঠঃ শুচির্দক্ষঃ সুবুদ্ধিমান্। আশ্রমী ধ্যাননিষ্ঠশ্চ মন্ত্রতন্ত্রবিশারদঃ। নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে। ইতি গুরুলক্ষণং।

অথ শিষ্যলক্ষণং।—

শান্তো বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান্ ধারণক্ষমঃ। সমর্থশ্চ কুলীনশ্চ প্রাজ্ঞঃ সচ্চরিতো ধনী। এবমাদিগুণৈর্যুক্তঃ শিষ্যো ভবতি নান্যথা। গুরুতা শিষ্যতা চাপি তয়োর্বৎসরবাসতঃ। তথাচোক্তং সারসংগ্রহে।—সদ্গুরুঃ স্বাশ্রয়ং শিষ্যং বর্ষমেকং পরীক্ষয়েৎ। রাজ্ঞি চামাত্যজো দোষঃ

স্বাশ্রমোক্ত কার্য্য সম্পাদিত হয় না তাহাতে সাতি অভিলাষী, দান্ত ইন্দ্রিয়াদি দমনশীল হইয়া স্ব স্ব ধর্মানুষ্ঠানে ক্লেশ সহিষ্ণু, কুলীন—সদ্বংশজাত ও কৌলাচাররত, বিনয়ী, নির্ম্মলবেশধারী অর্থাৎ স্বকীয় আচার বিরুদ্ধ পাষণ্ডবেশভূষাতে ভূষিত নহেন, সদাচাররত, বিখ্যাতনামা, পূতচিত্ত, কর্ম্মঠ, সদ্বুদ্ধিশালী, একাশ্রমস্থায়ী, ইষ্টদেবতা চিন্তাতে আসক্ত, মন্ত্রতন্ত্রে পারদর্শী, নিগ্রহানুগ্রহে শক্ত—স্তুতি ও তিরস্কারে তুল্যজ্ঞান এতাদৃশ ব্যক্তিই গুরুপদের প্রতিপাদ্য হয়।

অনন্তর শিষ্যের লক্ষণ কথিত হইতেছে,—শান্ত শমাদিগুণযুক্ত, বিনয়শীল, সদাচাররত, শাস্ত্রার্থে দৃঢ়বিশ্বাসী, মেধাবী, তপস্যাদি কার্য্যে সমর্থ, সদ্বংশজাত, পণ্ডিত, নির্ম্মল চরিত্র, ধনবান্ এইরূপ ব্যক্তিকেই শিষ্য করিতে হয়, ইহার অন্যথা প্রকারে লক্ষিত লোককে শিষ্য করিবে না। যদি প্রথমতঃ কোন বংশের কাহাকে গুরু কি শিষ্য করিতে হয় তবে গুরু ও শিষ্য উভয়েই এক বৎসর পর্য্যন্ত এক স্থানে বসতি করিয়া পরস্পরের আচার ব্যবহার পরীক্ষা করিয়া গুরু ও শিষ্য স্বীকার করিবে। সারসংগ্রহে লিখিত আছে যে, সদ্গুরু যিনি হইবেন

পত্নীপাপং স্বভর্ত্তরি। তথা শিষ্যার্জ্জিতং পাপং গুরুঃ প্রাপ্নোতি নিশ্চিতং। শৈবাগমে শিববাক্যং।—গুরোঃ-শয্যাসনং যানং পাদুপানৎকপীঠকং। স্নানোদকং তথা ছায়াং লঙ্ঘয়েন্ন কদাচন। তত্রৈব চ।—গুরোরগ্রেপৃথক্ পূজামৌদ্ধত্যঞ্চ বিবর্জ্জয়েৎ। দীক্ষাব্যাখ্যাং প্রভুত্বঞ্চ গুরোরগ্রে বিবর্জ্জয়েৎ। ইতি শিষ্যলক্ষণং।

অথ দীক্ষাপ্রকরণং।—

দীক্ষাং বিনোপদেশস্য তুষ্টত্বাৎ প্রথমন্তু সা। পাপক্ষয়ং দিব্য ভাবং সাধকস্য করোত্যতঃ। তত্রাপি সিদ্ধসাধ্যাদিভেদৈঃ সংশোধয়েন্মনু।

তিনি একবৎসর পর্য্যন্ত নিজের নিকটে শিষ্যকে রাখিয়া তাহার আচারাদির পরীক্ষা করিবেন। যে হেতুক, অমাত্যকৃত পাপ রাজাকে, ভার্য্যাকৃত পাপ ভর্ত্তাকে, এবং শিষ্যোপার্জ্জিত পাপ গুরুকে ভোগ করিতে হয়। শৈবাগমে শিব বলিয়াছেন —গুরুর শয্যা, আসন, বাহন, পাদুকা, চর্ম্ম পাদুকা, পীঠ প্রভৃতি, স্নানের জল ও ছায়া এই সকল কোন কালেও লঙ্ঘন করিবে না। গুরুর নিকটে থাকিয়া পৃথক পূজা ও ঔদ্ধত্য করিবেনা এবং দীক্ষাব্যাখ্যা ও নিজের প্রভুতা বর্জ্জন করিবে। দীক্ষা সাধকের পাপক্ষয় ও দিব্যজ্ঞান দানকরে, দীক্ষা সকল সিদ্ধির প্রধান কারণ, দীক্ষা ব্যতিরেকে কোন উপদেশই ফলদায়ক হয় না অতএব প্রথমতঃ দীক্ষার প্রণালী বলিতেছেন। সিদ্ধ, সাধ্য, সুসাধ্য ও অরি বিচার করিয়া শোধিত মন্ত্রদ্বারা দীক্ষিত হইতে হইবে।

সংপ্রতি কিপ্রকারে সিদ্ধাদি শোধন করিতে হয় তাহা কথিত হইতেছে যথা, প্রথমতঃ চতুষ্কোণ একটী কোঠা নির্ম্মাণ করিবে, পরে ঐ কোঠাটীকে তুল্যরূপে চারি ভাগ করিলেই ৪টী কোঠা হইবে এবং এই চারি কোঠার প্রত্যেক কোঠাকেই পূর্ব্বরূপ চারি কোঠাতে বিভক্ত করিলে ষোড়শ কোঠায় বিভক্ত একটী ক্ষেত্র হইবে। এই ক্ষেত্রের প্রথম ঘরে অ, তৃতীয় ঘরে আ, একাদশ ঘরে ই, নবম ঘরে ঈ, দ্বিতীয় ঘরে উ, চতুর্থ ঘরে ঊ, দ্বাদশ ঘরে

অথ সিদ্ধাদিশুদ্ধিকথনং ।—

চতুরস্রং লিখেৎ কোষ্ঠং চতুঃকোষ্ঠসমন্বিতং । পুনশ্চতুষ্কং তত্রাপি লিখেদ্ধীমান্ ক্রমেণ তু । দক্ষিণাবর্ত্তযোগেন কোষ্ঠে বর্ণান্ লিখেৎ সুধীঃ । যেনৈব লিখনং কুর্য্যাত্তেনৈব গণনং স্মৃতং । ইন্দ্বগ্নিরুদ্রনবনেত্রযুগেনদিক্ষু ঋত্বষ্ট-ষোড়শচতুর্দ্দশভৌতিকেষু । পাতালপঞ্চদশবহ্নিহিমাংশু-কোষ্ঠে বর্ণান্ লিখেল্লিপিভবান্ ক্রমশঃ সুধীমান্ । জন্মর্ক্ষাক্ষরতো বীক্ষ্য তত্র মন্ত্রাদিমাক্ষরং । চতুর্ভিঃ কোষ্ঠৈকৈস্ত্বেক ইতি কোষ্ঠচতুষ্টয়ং । পুনঃ কোষ্ঠগকোষ্ঠেষু সব্যতো নাম্ন আদিতঃ । সিদ্ধসাধ্যসুসিদ্ধারি ক্রমাজ্জ্ঞেয়ং বিচক্ষণৈঃ । সিদ্ধঃ সিধ্যতি কালেন সাধ্যস্তু জপহোমতঃ । সুসিদ্ধো গ্রহণাদেব রিপুর্মূলনিকৃন্তনঃ । সিদ্ধার্ণা বান্ধবাঃ প্রোক্তাঃ সাধ্যাস্তে সেবকাঃ স্মৃতাঃ।সুসিদ্ধাঃ পোষকা জ্ঞেয়াঃ

ঋ, দশম ঘরে ৠ, ষষ্ঠে ঌ, অষ্টমে ৡ, ষোড়শে এ, চতুর্দ্দশে ঐ পঞ্চমে ও সপ্তমে ঔ, পঞ্চদশে অং, একাদশে অঃ এই প্রকারে ষোড়শ কোষ্ঠাতে অকার হইতে অঃ পর্য্যন্ত ষোড়শ স্বরবর্ণ লিখিয়া পুনর্ব্বার প্রথম কোষ্ঠাতে ক, তৃতীয় কোষ্ঠাতে খ, একাদশে গ, নবমে ঘ, দ্বিতীয়ে ঙ, চতুর্থে চ, দ্বাদশে ছ, দশমে জ ষষ্ঠে ঝ, অষ্টমে ঞ, ষোড়শে ট, চতুর্দ্দশে ঠ, পঞ্চমে ড, সপ্তমে ঢ, পঞ্চদশে ণ, পর্য্যন্ত লিখিয়া পুনর্ব্বার এই নিয়মে তকারাদি স পর্য্যন্ত বর্ণ সকল লিখিয়া অবশিষ্ট হকার বর্ণটীকে প্রথম কোষ্ঠায় লিখিবে। এই নিয়মে সকল বর্ণ লিখিত হইলে প্রথম ঘরে অ, ক, থ, হ, এই ৪টী বর্ণ লিখিত হইবে এই হেতুক এই চক্রের নাম অকথহ বলে। দ্বিতীয় ঘরে উ, ঙ, প, এই তিন বর্ণ হইবে, তৃতীয় ঘরে আ, খ, দ, এই তিন বর্ণ, চতুর্থ ঘরে ঊ, চ, ক, এই তিন বর্ণ হইবে। বোধ সৌকার্য্যের জন্য এই চক্রটী অঙ্কিত করিয়া দেওয়া হইল এই চক্রের প্রতি দৃষ্টিপাত করিলেই কোন ঘরে কি কি বর্ণ পতিত হইবে তাহা অনায়াসে বোধগম্য হইবে।

শত্রুবো ঘাতকা মতাঃ। জপেন বন্ধুঃ সিদ্ধঃ স্যাৎ সেবকোঽধিকসেবয়া। পুষ্ণাতি পোষকোঽভীষ্টান্ ঘাতকো নাশয়েদ্ ধ্রুবং। সিদ্ধঃ সিদ্ধো যথোক্তেন দ্বিগুণাৎ সিদ্ধসাধ্যকঃ। সিদ্ধসুসিদ্ধোঽর্দ্ধজপাৎ সিদ্ধারির্হন্তি বান্ধবান্। সাধ্যসিদ্ধো-দ্বিগুণকঃ সাধ্যঃসাধ্যো নিরর্থকঃ। তৎসুসিদ্ধ ত্রিগুণজপাৎ সাধ্যারির্হন্তি গোত্রজান্। সুসিদ্ধসিদ্ধোঽর্দ্ধজপাৎ তৎ সাধ্যো দ্বিগুণাধিকাৎ। তৎসুসিদ্ধো গ্রহাদেব সুসিদ্ধারিঃ

## অথ সিদ্ধাদিচক্রং।

| | | | |
|---|---|---|---|
| অ ক থ হ | উ ঙ প | আ খ দ | ঊ চ ফ |
| ও ড ব | ঌ ঝ ম | ঔ ঢ য | ৡ ঞ র |
| ঈ ঘ ন | ঋ জ ভ | ই গ ধ | ৠ ছ ব |
| অ ত স | ঐ ঠ ল | অং ণ ষ | এ ট শ |

এই রূপে ষোড়শ কোঠায় পরিপূর্ণ একটি কোঠায় উক্ত বর্ণ সকল লিখিয়া যেই কোঠাতে মন্ত্রগ্রহীতার নামের প্রথম বর্ণ দেখিবে সেই কোঠা হইতে মন্ত্রের প্রথম বর্ণ যেই কোঠাতে দেখিবে সেইকোঠা পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এই প্রকার গণনা করিয়া পুনর্ব্বার প্রথম কোঠাকে সিদ্ধ কোঠা করিয়া মন্ত্রাদ্যক্ষর পর্য্যন্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরিগণনা করিয়া সিদ্ধসিদ্ধ, সিদ্ধ সাধ্য, সিদ্ধ সুসিদ্ধ, সিদ্ধারি ইত্যাদি বিচার করিবে। যদি এক কোঠাতে নামের আদি অক্ষর ও মন্ত্রের আদি

স্বগোত্রহা। অরিসিদ্ধঃ সুতান্ হন্ত্যারিসাধ্যস্তু কন্যকাঃ।
তৎসুসিদ্ধস্তু পত্নীমন্তুরিহন্তি সাধকং।

প্রকারান্তরমাহ।-মাতাপিতৃকৃতং নাম যচ্চাপ্যন্তিজনৈস্তথা।
বিলিখ্য তদ্বৈবর্ণান্ স্বরবর্ণপ্রভেদতঃ। তথৈব মন্ত্রবীজানি
ততঃশোধনমারভেৎ। বিন্দুর্দ্বিবিন্দুকোপধ্মানীয়জিহ্বামূলু-
সম্ভবং। সংহতোচ্চারণপ্রাপ্ত মধিকাক্ষরমেবচ। অপভ্রংশ
শাক্ষরং লক্ষ্মৌ ত্যক্ত্বা যণ্ডচতুষ্টয়ং। মন্ত্রাক্ষরৈঃ সহৈকৈকং
নামবর্ণান্ বিশোধয়েৎ। ব্যঞ্জনৈ র্ব্যঞ্জনান্যেব স্বরৈঃ সার্দ্ধং
স্বরাংস্তথা। প্রাদ্যমাদ্যেন সংশোধ্যং দ্বিতীয়েন দ্বিতীয়কং।
মন্ত্রে বাপ্যথবা নাম্নি বর্ণাঃ স্যুর্ব্বিষমা যদা। তদা মন্ত্রং

অক্ষর থাকে তবে সেই কোষ্ঠাস্থিত প্রত্যেক বর্ণেতে পূর্ব্বোক্ত নিয়মে
গণনা করিবে।

সংপ্রতি কিরূপ মন্ত্র গ্রহণে কিরূপ ফল লাভ হয় তাহা কথিত হই-
তেছে। সিদ্ধ মন্ত্র কালে সিদ্ধ হয়, সাধ্যমন্ত্র জপ ও হোম করিলে ফলদায়ক
হয়, সুসিদ্ধ মন্ত্র গ্রহণ করামাত্র সিদ্ধ হয়, রিপু মন্ত্র বান্ধবনাশক হয়। সিদ্ধ
মন্ত্র বান্ধবতুল্য, সাধ্যমন্ত্র সেবকসদৃশ, সুসিদ্ধ মন্ত্র পোষকতুল্য এবং
অরিমন্ত্র ঘাতক হয়। বান্ধব মন্ত্র জপদ্বারা ফলপ্রদ হয়, সেবকমন্ত্র অনেক
সাধন দ্বারা ফলদায়ক হয়, পোষকমন্ত্র সেবকের পুষ্টিকারক হয় এবং ঘাতক
মন্ত্র বাঞ্ছিত নাশক হয়। মন্ত্র যদি সিদ্ধসিদ্ধ হয় তবে যথোক্ত কার্য্য করি-
লেই ফলদায়ক হয়, সিদ্ধ সাধ্য হইলে যথোক্ত কার্য্যের দ্বিগুণ করিলে ফল-
দায়ক হয় এবং সিদ্ধ সুসিদ্ধ অর্দ্ধ জপে ফলদ হয়। সিদ্ধারি মন্ত্র বন্ধুবিনাশক
হয়। সাধ্য সিদ্ধ দ্বিগুণ জপাদি দ্বারা সিদ্ধ হয়। সাধ্য সাধ্য নিরর্থক হয়
সাধ্য সুসিদ্ধ দ্বিগুণ জপে সিদ্ধ হয়। সাধ্যারি মন্ত্র স্বীয়কুলনাশক হয়।
সুসিদ্ধ সিদ্ধ অর্দ্ধজপে, সুসিদ্ধ সাধ্য দ্বিগুণ জপে এবং সুসিদ্ধ সুসিদ্ধ গ্রহণ
করা মাত্র সিদ্ধ হয়, সুসিদ্ধ অরি স্বগোত্র নাশ করে। অরিসিদ্ধ হইলে পুত্র,
অরিসাধ্য হইলে কন্যা, অরি সুসিদ্ধ হইলে ভার্য্যা এবং অরি অরিমন্ত্র হইলে
সাধককে বিনাশ করে।

সমারভ্য সমং যাবৎ প্রযোজয়েৎ। আদ্যন্তয়োঃ সিদ্ধবর্ণো মন্ত্রে যস্মিন্ বরাননে। অচিরেণৈব কালেন সভবেৎ সর্ব্ব-সিদ্ধিদঃ। সাধ্যান্তাদিযুতো যস্তু সোঽতি কৃচ্ছ্রেণ সিধ্যতি। আদাবন্তে সুসিদ্ধস্তু সর্ব্বকামবিভূতিদঃ। আদাবন্তে রিপুর্যস্য ভবেত্ত্যাজ্যঃ স মন্ত্রকঃ। স্থানত্রয়গতারির্য্যো মন্ত্রো মৃত্যুসমোমতঃ। শত্রুর্ভবতি যদাদৌ মধ্যে সিদ্ধ স্তদন্তকে সাধ্যঃ। কষ্টেন কার্য্যসিদ্ধিস্তস্য ফলং স্বল্পমেব ভবেৎ। অন্তে যদি ভবতি রিপুঃ প্রথমে মধ্যে চ ভবতি সাধ্য-যুগং। কার্য্যং বিলম্বিতং স্যাৎ প্রণশ্যতি সর্ব্বমেবান্তে। সাধ্যং সুসিদ্ধমথবা রিপুণান্তরিতং পরীক্ষয়েদ্ যত্নাৎ। বহ্বায়াসপ্রজ্বলিতং মন্ত্রং বর্জ্জয়েন্মতিমান্। নৃসিংহার্ক ব-

---

অনন্তর প্রকারান্তরে শোধন প্রণালী বলিতেছেন। সাধকের মাতা পিতা ও জ্ঞাতি প্রভৃতি কর্ত্তৃক কৃতনামের বর্ণ সকল এবং মন্ত্রের বর্ণ সকলকে স্বরব্যঞ্জন ভেদে পৃথক্ পৃথক্ করিয়া লইবে। ঋ, ঋ, ৯, ৯৯ ও অনুস্বার বিসর্গ জিহ্বা মূলীয় উপধ্মানীয় প্রভৃতি ত্যাগ করিয়া ব্যঞ্জনের সহিত ব্যঞ্জন, স্বরের সহিত স্বর, আদ্যবর্ণের সহিত আদ্য বর্ণ, দ্বিতীয় বর্ণের সহিত দ্বিতীয় বর্ণ এইরূপে একটি একটি নামবর্ণকে মন্ত্রবর্ণের সহিত সংশোধিত করিবে। মন্ত্রে কিম্বা সাধকের নামে যদি বিষম বর্ণ হইয়া উঠে তবে মন্ত্রাক্ষর লইয়া সে পর্য্যন্ত সম হইবে তাবৎ পর্য্যন্ত বিচার করিবে। আদ্যন্তে সিদ্ধ বর্ণ হইলে সহসাই মন্ত্র সর্ব্বসিদ্ধিপ্রদ হইবে। সাধ্যাদিমন্ত্র বহুসাধনে সিদ্ধ, আদ্যন্তে সুসিদ্ধবর্ণমন্ত্র সকল মনোঽভীষ্টপ্রদ হয়। আদ্যন্তে রিপু হইলে অগ্রাহ্য, স্থানত্রয়গত অরি হইলে মৃত্যু তুল্য জানিবে। আদিতে শত্রু, মধ্যে সিদ্ধ অন্তে সাধ্য হইলে অতিকষ্টে কার্য্যসিদ্ধি ফল ও অল্প হয়। অন্তে রিপু প্রথমেও মধ্যে সাধ্য হইলেও বিলম্বে কার্য্য সিদ্ধি হয়। এইরূপে সিদ্ধারি সুসিদ্ধারি প্রভৃতি বর্জ্জন করিবে। নৃসিংহ, দুর্গা, প্রাসাদ বীজ, (হৌঁ) প্রণব ও কূট মন্ত্র এই সকল গ্রহণ করিলে সিদ্ধাদি শোধনের প্রয়োজন নাই। এবং স্বপ্ন লব্ধ, স্ত্রীলব্ধ প্রদত্ত এবং বিংশতি অক্ষরের অধিক অক্ষর ঘটিত

বরাহাণাং প্রসাদপ্রণবস্য চ। সপিণ্ডাক্ষরমন্ত্রাণাং সিদ্ধাদী-
নৈব শোধয়েৎ। স্বপ্নলব্ধে স্ত্রিয়া দত্তে মালামন্ত্রে ত্রিবীজকে।
বৈদিকেষু চ সর্ব্বেষু সিদ্ধাদীনৈব শোধয়েৎ। ইতি সিদ্ধা-
দিশুদ্ধিঃ।

স্বকুলান্যকুলে ভেদং বক্ষ্যামো মন্ত্রিণামিতি। তথাচ
নিবন্ধে।—বায়্বগ্নিভূজলাকাশাঃ পঞ্চাশল্লিপয়ঃ ক্রমাৎ।
পঞ্চ হ্রস্বাঃ পঞ্চ দীর্ঘা বিন্দ্বন্তাঃ সন্ধিসম্ভবাঃ। কাদয়ঃ পঞ্চশঃ
ষকলসহান্তাঃ প্রকীর্ত্তিতাঃ। অ আ এ ক চ ট ত প য ষা
মারুতাঃ। ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষা আগ্নেয়াঃ। উ ঊ ও
গ জ ড দ ব ল লাঃ পার্থিবাঃ। ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব সা
বারুণাঃ। ঌ ৡ অং ঙ ঞ ণ ন ম শ হা নাভসাঃ। সাধকস্যা-
ক্ষরং পূর্ব্বং মন্ত্রস্যাপি তদক্ষরং। যদেকভূতদৈবত্যং

মন্ত্র, প্রাগমী মন্ত্র ও বৈদিক মন্ত্র এই সকল গ্রহণ করিতে হইলে সিদ্ধাদি
বিচারের আবশ্যকতা নাই। ইতি সিদ্ধাদি শুদ্ধি।

সম্প্রতি সাধকের কোন মন্ত্র অনুকূল ও প্রতিকূল হইবে তাহার বিচার
প্রণালী বলিতেছেন। অকার হইতে ক্ষ পর্য্যন্ত যে পঞ্চাশৎ বর্ণ তাহার দশ দশটী
করিয়া পঞ্চাংশে বিভক্ত বর্ণগুলি ক্রমে বায়ু, অগ্নি, ভূ, জল ও আকাশ এই
পঞ্চভূতময়। পাঁচটী কোষ্ঠাতে অঙ্কিত একটি চক্র করিয়া প্রথম কোষ্ঠা
হইতে ক্রমে প্রতি কোষ্ঠাতে অকার হইতে ঌ৯ পর্য্যন্ত একটী হ্রস্ব, একটী দীর্ঘ
এবং এ হইতে অং পর্য্যন্ত পাঁচটি বর্ণ পাঁচটি কোষ্ঠাতে রাখিবে। বিন্দুস্বরূপে
অনুস্বারান্ত (অং) বুঝিতে হইবে এবং এ, ঐ, ও, ঔ এই বর্ণ কয়টিকে
সন্ধিসম্ভব জানিবে। অপর ককারাদি হান্ত বর্ণ পাঁচ পাঁচটিকে ক্রমানুসারে
ঐ পঞ্চকোষ্ঠাতে বিন্যস্ত করিবে, তদ্দ্বারা প্রথম কোষ্ঠাতে অ আ এ ক
চ ট ত প য ষ এইকয়টী লিখিত হইল, ইহারা বায়ব্য জানিবে। এবং
দ্বিতীয়কোষ্ঠাতে ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষ হইবে ইহাদিগকে আগ্নেয়,
তৃতীয়কোষ্ঠায় উ ঊ ও গ জ ড দ ব ল ল এই কয়টিকে পার্থিব, চতুর্থ

জাতীয়াং স্বকুলং হি তৎ। ভৌমস্য বারুণং মিত্রং আগ্নেয়স্যাপি মারুতং। মারুতং পার্থিবানাঞ্চ আগ্নেয়-ঞ্চাম্ভসাং রিপুঃ। নাভসং সর্ব্বমিত্রং স্যাদ বিরুদ্ধং নৈব শীলয়েৎ। চকারাৎ আগ্নেয়ং পার্থিবানাং রিপুঃ। ইতি স্বকুলাস্বকুলভেদঃ।

বালাদিভেদোহপ্যপরো মন্ত্রাণামভিধীয়তে। আরভ্যৈকাক্ষরং মন্ত্রং বালা আষোড়শাক্ষরাৎ। তত-আবিংশতেঃ প্রৌঢ়াস্ততোহন্যে স্থবিরা মতাঃ। স্বাহান্তাঃ স্ত্রীস্বরূপাঃ স্যুর্নমোহন্তাশ্চ নপুংসকাঃ। হুংফড়ন্তাশ্চ যে মন্ত্রাঃ পুমাংসস্তে প্রকীর্ত্তিতাঃ। শস্তাস্তে ত্রিবিধা-মন্ত্রা বশ্যশান্ত্যভিচারকে। ইতি বালাদিভেদঃ।

---

কোষ্ঠস্থিত খ ছ ঠ ণ ফ ঢ ধ ভ ব স এইগুলিকে বারুণ এবং পঞ্চম কোষ্ঠস্থ [illegible] অং [illegible] ন ম শ হ এই বর্ণ গুলিকে আকাশ বর্ণ জানিবে। সাধকের নামের আদ্য বর্ণ ও মন্ত্রের আদিবর্ণ যদি একভূত বা এক দৈবত (এক কোষ্ঠস্থিত) হয় তবে সেই মন্ত্রকে স্বকুল জানিবে। মন্ত্রাদি বর্ণ এবং নামাদি বর্ণ একভূত না হইয়া যদি উভয়ের পরস্পর মিত্রতা ও থাকে তাহা হইলেও সেই মন্ত্র সিদ্ধিকারক হইবে। এই দ্বিবিধ মন্ত্রই গ্রহণ করিবে তদ্ভিন্ন অন্যথা প্রকার হইলে কদাচ গ্রহণ করিবেন না। এইক্ষণে কে কাহার মিত্র, কে কাহার রিপু তাহা কথিত হইতেছে।— ভৌমবর্ণের বারুণ বর্ণ এবং আগ্নেয় বর্ণের মারুত বর্ণ মিত্র হইবে। আকাশ বর্ণ সকলবর্ণের মিত্র। পার্থিব বর্ণের মারুত বর্ণ এবং বারুণ বর্ণের আগ্নেয় বর্ণ [illegible] পার্থিব বর্ণের শত্রু জানিবে। [illegible] লিখিত আছে যে, "পার্থিবে বারুণং মিত্রং তৈজসং শত্রুরীরিতঃ [illegible] পরিকীর্ত্তিতঃ" এই সকল বচনে এই গ্রন্থের "মারুতং পার্থিবানাঞ্চ আগ্নেয়ঞ্চাম্ভসাং রিপুঃ" এই বচনস্থিত চকার দ্বারা বলিতে হইবে যে, আগ্নেয় বর্ণ পার্থিব বর্ণের শত্রু হইবে। এবং বায়ুবর্ণ আকাশ ও জলবর্ণের শত্রু জানিবে। পাঠকমহাশয়দিগের সৌকর্য্যার্থ একটি চক্র অঙ্কিত করিয়া দেওয়া গেল ইহার প্রতি দৃষ্টি করিলেই সহজে বুঝিতে পারিবেন।

রাশিমেলনমাখ্যাস্যে নক্ষত্রস্থিতিমপ্যথ।

অ আ ই ঈ মেষঃ। উ ঊ ঋ ৠ বৃষঃ। ঌ ৡ মিথুনঃ। এ ঐ কর্কটঃ। ও ঔ সিংহঃ। অং অঃ শ ষ স হ ল ক্ষাঃ কন্যা। কবর্গস্তুলা। চবর্গো বৃশ্চিকঃ। টবর্গো ধনুঃ। তবর্গো মকরঃ। প বর্গঃ কুম্ভঃ। যাদয়ো মীনঃ। সাধ্যীয়াক্ষররাশ্যন্তং গণয়েৎ সাধকাক্ষরাৎ। একপঞ্চনববান্ধবাঃ স্মৃতা দ্বৌ চ ষষ্ঠদশমাশ্চ সেবকাঃ। বহ্নিরুদ্রমুনয়স্তু পোষকা দ্বাদশাষ্টচতুরস্তু ঘাতকাঃ। ইতি রাশি মেলনং।

অ আ অশ্বিনী দেবগণঃ। ই ভরণীমানুষঃ। উ ঊ কৃত্তিকা রাক্ষসঃ। ঋ ৠ ঌ ৡ রোহিণী মানুষঃ। এ মৃগশিরো দেবঃ ঐ আর্দ্রা মানুষঃ। ও ঔ পুনর্ব্বসুঃ দেবঃ। ক পুষ্যাদেবঃ। খ গ অশ্লেষা রাক্ষসঃ। ঘ ঙ মঘা রাক্ষসঃ। চ পূর্ব্বফল্গুণী মানুষঃ। ছ জ উত্তরফল্গুণী মানুষঃ। ঝ ঞ হস্তা দেবঃ। ট ঠ চিত্রা রাক্ষসঃ। ড স্বাতী দেবঃ। ঢ ণ বিশাখা রাক্ষসঃ। ত থ দ অনুরাধা দেবঃ। ধ জ্যেষ্ঠা রাক্ষসঃ। ন প ফ মূলং রাক্ষসঃ। ব পূর্ব্বাষাঢ়া মানুষঃ। ভ উত্তরাষাঢ়া মানুষঃ। ম শ্রবণা দেবঃ। য র ধনিষ্ঠা রাক্ষসঃ। ল শতভিষা

---

অনন্তর রাশিদ্বারা বিচার প্রণালী বলিতেছেন। দ্বাদশকোষ্ঠায় বিভক্ত একটি রাশিচক্র করিয়া তাহাতে যথাক্রমে মেষ, বৃষ, মিথুন ইত্যাদি দ্বাদশরাশি দ্বাদশ কোষ্ঠাতে সন্নিবেশিত করিয়া মেষাদি নিয়মে বর্ণ সকল লিখিতে হইবে যথা, প্রথম মেষের কোষ্ঠাতে অ আ ই ঈ, দ্বিতীয় বৃষের কোষ্ঠাতে উ ঊ ঋ, মিথুনে ৠ ঌ ৡ, কর্কটে এ ঐ, সিংহে ও ঔ, কন্যাতে অং অঃ শ ষ স হ ল ক্ষ, তুলাতে ক খ গ ঘ ঙ, বৃশ্চিকে চ ছ জ ঝ ঞ, ধনুতে ট ঠ ড ঢ ণ, মকরে ত থ দ ধ ন, কুম্ভে প ফ ব ভ ম, এবং মীনে য র ল ব এই কয়টি অঙ্কিত করা হইল দৃষ্টি করুন।

# অথ রাশিচক্র ।

সাধকের ( মন্ত্র গ্রহীতার ) জন্মরাশি হইতে মন্ত্ররাশি অর্থাৎ যেই রাশির কোষ্ঠাতে মন্ত্রের আদি অক্ষর দৃষ্ট হইবে সেই রাশিপর্য্যন্ত গণিবে। জন্ম রাশি হইতে মন্ত্ররাশি যদি এক, পঞ্চম ও নবম হয় তবে সেই মন্ত্র বান্ধব সদৃশ হয় এবং দ্বিতীয়, ষষ্ঠ, ও দশম হইলে সেবক সদৃশ বশতাপন্ন হয়। আর তৃতীয়,একাদশ ও সপ্তম হইলে পুষ্টিকারক হয় এবং দ্বাদশ, অষ্টম ও চতুর্থ মন্ত্র-রাশি হইলে বিনাশকারক হয়। অতএব রাশিচক্রে বিচার করিয়া দ্বাদশ অষ্টম চতুর্থ পরিত্যাগ করিয়া মন্ত্র গ্রহণ করিবে।

সংপ্রতি নক্ষত্রশুদ্ধির প্রণালী বলিতেছেন। এবিষয়েও একটি চক্র অঙ্কিত করিতে হইবে, কিন্তু এই সংগ্রহকর্ত্তা চক্রটি কি প্রকার করিতে হইবে এইসম্বন্ধে বিশেষ কিছু সংগ্রহ করেন নাই, আমি পাঠক মহাশয় দিগের সন্তোষার্থ অন্যগ্রন্থ হইতে এইসম্বন্ধে কতিপয় প্রমাণ উদ্ধৃত করিয়া দিলাম।

মানুষঃ। ব শ পূর্ব্বভাদ্রপদা মর্ত্ত্যঃ। ষ স হ উত্তরভাদ্রপদা মর্ত্ত্যঃ। অং অঃ ল ক্ষ রেবতী দেবঃ। এবং যথাযোগ্যং নামানুসারেণ মেলনমুহনীয়ং। প্রাদক্ষিণ্যেন গণয়েৎ সাধকাক্ষরতঃ সুধীঃ। জন্ম সম্পদ্বিপৎক্ষেমং প্রত্যরিঃ সাধকো বধঃ। মিত্রং পরমমিত্রঞ্চ জন্মাদীনি পুনঃ পুনঃ। বিপদ্বধঃ প্রত্যরিশ্চ পরিত্যাজ্যো মনীষিভিঃ। ইতি নক্ষত্রশুদ্ধিঃ।

"উত্তরাদ্দক্ষিণাগ্রাস্তু রেখাঃ কুর্য্যাচ্চতুষ্টয়ীং।
দশ রেখাঃ পশ্চিমাঃ স্যুঃ কর্ত্তব্যা বীরবন্দিতে।
অশ্বিন্যাদিক্রমেণৈব বিলিখেত্তারকাঃ পুনঃ।
অকারাদিক্ষকারান্তান্ দ্বিচন্দ্রবহ্নিবেদকান্।
ভূমীন্দুনেত্রচন্দ্রাংশ্চ অশ্লেষান্তং গতো প্রিয়ে।
দ্বিভূনেত্রনেত্রযুগ্মাংশ্চেন্দুনেত্রাদ্বিযুগ্মকান্।
মঘাদিকোষ্ঠেষ্বাজ্যেষ্ঠান্তং দ্বিতীয়ং নবতারকং।
বহ্নিভূমীন্দুনেত্রাংশ্চ যুগেন্দু নেত্রবহ্নিকান্।
লেখেন ভেদিতান্ বর্ণান্ রেবত্যন্তং গতাঃ ক্রমাৎ।

উত্তর হইতে দক্ষিণাগ্র চারিটী রেখা অঙ্কিত করিয়া তন্মধ্যে পশ্চিমাগ্র দশটী রেখা অঙ্কিত করিতে হইবে। অনন্তর অশ্বিনীপ্রভৃতি সপ্ত-বিংশতি নক্ষত্র সকল প্রথমকোষ্ঠা হইতে ক্রমে তিন শ্রেণিতে বিভক্ত সপ্ত-বিংশতি কোষ্ঠাতে লিখিয়া অকার হইতে ক্ষ পর্য্যন্ত বর্ণ সকল যে যে নক্ষত্রে যে গণ তাহাও সংস্কৃতবচনানুসারে লিখিবে, যথা,—প্রথম কোষ্ঠাতে—অ আ অশ্বিনী, দেবগণঃ। দ্বিতীয় কোষ্ঠাতে—ই ভরণী, মানুষঃ। অর্থাৎ অশ্বিনীহইতে অশ্লেষাপর্য্যন্ত ক্রমে নয়টি নক্ষত্র যুক্ত যে প্রথমপংক্তির ৯টি ঘর তাহার প্রথম অশ্বিনীনক্ষত্রযুক্ত কোষ্ঠাতে দুইটি বর্ণ (অ আ) ভরণীনক্ষত্রাঙ্কিত দ্বিতীয় কোষ্ঠাতে এক বর্ণ (ই) কৃত্তিকা নক্ষত্রাঙ্কিত তৃতীয় কোষ্ঠাতে তিনটি বর্ণ (ঈ উ ঊ) তৎপর কোষ্ঠাতে চারিটি বর্ণ (ঋ ৠ ঌ ৡ) তৎপর কোষ্ঠাতে একটী বর্ণ (এ) এই নিয়মে অশ্লেষা-পর্য্যন্ত অবশিষ্ট কোষ্ঠাসকলে একটি, দুইটি, একটি

সুপ্তপ্রবোধকালোঽথ মন্ত্রাণামভিধীয়তে।

অগ্নীষোমাত্মকা মন্ত্রা বিজ্ঞেয়াঃ ক্রূরসৌম্যয়োঃ। কর্ম্মণো-বহ্নিতারাস্ত্যবিয়ৎপ্রায়াঃ সমীরিতাঃ। আগ্নেয়া মনবঃ সৌম্যা ভূয়িষ্ঠেন্দ্বমৃতাক্ষরাঃ। আগ্নেয়াঃ সংপ্রবুধ্যন্তে প্রাণে চরতি দক্ষিণে। ভাগেঽস্মিন্ স্থিতে প্রাণে সৌম্যা বোধং প্রয়ান্তি চ। নাড়ীদ্বয়গতে প্রাণে সর্ব্বে বোধং প্রয়ান্তি তে। প্রযচ্ছন্তি ফলং সর্ব্বে প্রবুদ্ধা মন্ত্রিণং সদা। যদ্বা—প্রাণাপানে সমাযোগাচ্ছিবশক্ত্যোস্তু মেলনং। প্রবোধকালো বিজ্ঞেয়ঃ স্বাপকালস্ততঃ পরঃ। ইতি মন্ত্রাণাং সুপ্তপ্রবোধকালঃ।

অথর্ণধনশুদ্ধিস্তু কথ্যতে সিদ্ধিদায়িনী।

ষট্‌কালকালবিয়দগ্নিসমুদ্রবেদখাকাশশূন্যদহনাঃ খলু সাধ্যবর্ণাঃ। যুগদ্বিপঞ্চবিয়দম্বরযুক্‌শশাঙ্কব্যোমাব্ধিবেদ-

---

ও দুইটি বর্ণ লিখিবে। অপর মধ্য হইতে জ্যেষ্ঠা পর্য্যন্ত নবশায়কাঙ্কিত দ্বিতীয় পংক্তির নয় কোষ্ঠাতে ক্রমে ঘ হইতে আরম্ভ করিয়া দুইটি, একটি, দুইটি, ০টি, দুইটি একটি, দুইটি, তিনটী, দুইটি, করিয়া বর্ণ বিন্যস্ত করিবে। অবশিষ্ট মঘা হইতে রেবতীপর্য্যন্ত নয়টি কোষ্ঠে ৩, ১ ১, ১, ২, ০, ২, ৩, ৪, টি করিয়া অবশিষ্ট বর্ণ সকল লিখিবে। অশ্বিনী, রেবতী পুষ্যা স্বাতী, হস্তা, পুনর্ব্বসু, অনুরাধা, মৃগশিরা ও শ্রবণা এই সকল দেবগণ জানিবে। পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়, পূর্ব্বভাদ্র, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্র, ভরণী, আর্দ্রা ও রোহিণী এই নয়টি নক্ষত্র মানুষগণ। জ্যেষ্ঠা, শতভিষা, মূলা, ধনিষ্ঠা, অশ্লেষা, কৃত্তিকা, চিত্রা, মঘা ও বিশাখা এই নয়টি নক্ষত্র রাক্ষস গণ।

"স্বজাতৌ পরমা প্রীতির্মধ্যমা দেবমানুষে।
রক্ষোমানুষয়োর্ম্মৃত্যুর্বৈরং দানবদেবয়োঃ।

স্বজাতিতে পরম প্রীতি, ভিন্ন জাতিতে মধ্যম প্রীতি, মানব ও রাক্ষসে মৃত্যু, দেবতা ও রাক্ষসে শত্রুতা জানিবে। গণপ্রতি গণনার ক্রম কথিত

অথ নক্ষত্রচক্রঃ

| অশ্বিনী | ভরণী | কৃত্তিকা | রোহিণী | মৃগশিরা | আর্দ্রা | পুনর্ব্বসু | পুষ্যা | অশ্লেষা |
|---|---|---|---|---|---|---|---|---|
| অ আ | ই | ঈ উ ঊ | ঋ ৠ | এ | ঐ | ও ঔ | ক | খ গ |
| দেবঃ | মানুষঃ | রাক্ষসঃ | ঌ ৡ মানুষঃ | দেবঃ | মানুষঃ | দেবঃ | দেবঃ | রাক্ষসঃ |
| **মঘা** | **পূর্ব্বফাল্গুনী** | **উত্তরফাল্গুনী** | **হস্তা** | **চিত্রা** | **স্বাতী** | **বিশাখা** | **অনুরাধা** | **জ্যেষ্ঠা** |
| ঘ ঙ | চ | ছ জ | ঝ ঞ | ট ঠ | ড | ঢ ণ | ত থ দ | ধ |
| রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | দেবঃ | রাক্ষসঃ | দেবঃ | রাক্ষসঃ | দেবঃ | রাক্ষসঃ |
| **মূলা** | **পূর্ব্বাষাঢ়া** | **উত্তরাষাঢ়া** | **শ্রবণা** | **ধনিষ্ঠা** | **শতভিষা** | **পূর্ব্বভাদ্র** | **উত্তরভাদ্র** | **রেবতী** |
| ন প ফ | ব | ভ | ম | য র | ল | ব শ | ষ স হ | ক্ষ |
| রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | দেবঃ | রাক্ষসঃ | রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | অং অঃ দেবঃ |

হইতেছে, যথা—জন্ম, সম্পদ্, বিপদ, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র, ও পরম মিত্র এইরূপে সাধকের জন্মতারা হইতে মন্ত্রের প্রথম বর্ণ যে নক্ষত্রাঙ্কিত কোষ্ঠাতে দৃশ্য হইবে সেইকোষ্ঠাপর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে ক্রমে গণনা করিবে। যদি জন্মনক্ষত্র হইতে মন্ত্র নক্ষত্র তৃতীয়, পঞ্চম কিংবা সপ্তম হয় তবে সেই মন্ত্র গ্রহণ করিবে না। যদি জন্মতারা পরিজ্ঞাত না থাকে তবে সাধকের নামাদ্যাক্ষর সম্বন্ধী যে নক্ষত্র তাহাকে লইয়া গণনা করিবে। এইক্ষণ চক্রে দৃষ্টি করুন——

শশিনঃ খলু সাধকার্ণাঃ । নামাক্ষরাদকঠবাদ্যাঙ্কভুক্তশেষং জ্ঞাত্বোভয়োরধিকশেষমৃণং ধনং স্যাৎ। অস্যার্থঃ।— ষট্‌কালাদ্যঙ্কৈঃ সাধ্যার্ণান্ স্বরব্যঞ্জনরূপেণ পৃথক্‌কৃতান্ কৃত্বা তথা সাধকনামাক্ষরাণ্যপি যুগ্মাদিভিরঙ্কৈর্গণয়েৎ। নামাক্ষরা-লাদিতি স্বরব্যঞ্জনসমুদায়াৎ। অকঠবাদিতি বর্গচতুষ্টয়প্রতি-ভিন্নাৎ। অকারাদিঃ অঃ ইত্যন্তঃ অ ই উ ঋ ঌ এ ঐ ও ঔ অং অঃ। তদ্রূপোঽবর্গঃ। কাদিটান্তঃ কবর্গঃ। ঠাদিফান্তঃ ঠবর্গঃ। বাদিহান্তো ববর্গঃ। এতে একাদশৈকাদশৈকা দশাক্ষরাশ্চত্বারো বর্গাঃ। অস্মাৎ অকঠবাৎ অষ্টভির্হৃতে উভয়োঃ সাধ্যসাধকয়োঃ শেষস্যাধিকরূপস্য ঋণং ধনঞ্চ জ্ঞাত্বা মন্ত্রং দদ্যাৎ। ইতি ঋণধনশুদ্ধিঃ।

৯৯ পর্য্যন্ত দশটি স্বরবর্ণ লিখিয়া অবশিষ্ট এ অবধি স্বরবর্ণ ও ককারাদি হ পর্য্যন্ত ব্যঞ্জন বর্ণ সমস্তকে এক এক কোষ্ঠায় একটি একটি করিয়া বিন্যস্ত করিবে। এই ক্ষেত্রটির উদ্ধভাগে একাদশ কোষ্ঠার উপরিভাগে ৬, ৬, ৬, ০, ৩, ৪, ৪, ০, ০, ০, এবং ৩ এই একাদশ অঙ্ক অঙ্কিত করিবে ইহাকে ই সাধ্যাঙ্ক বলা হয়। অপর নিম্নদেশে একাদশ কোষ্ঠার নিম্নভাগে ২, ২, ৫, ০, ৩, ২, ১, ০, ৪, ৪, ১, এই একাদশটি অঙ্ক লিখিবে এইসকল অঙ্ককে সাধকাঙ্ক বলা হয়। এইরূপ বিচার প্রণালী দেখুন।—গ্রহণীয় মন্ত্রের স্বর ও ব্যঞ্জন সকলকে পৃথক পৃথক করিয়া রাখিবে এবং সাধকের (মন্ত্র গ্রহীতার) নামের স্বর ও ব্যঞ্জন সকলকে পৃথক করিয়া লইবে। এইরূপ করিয়া চক্রের যে২ কোষ্ঠাতে মন্ত্রের পৃথক্ পৃথক কৃত স্বর ও ব্যঞ্জন দৃষ্ট হইবে সেই সেই কোষ্ঠার উপরিভাগে অঙ্কিত অঙ্কগুলিকে যোগ করিয়া যুক্তাঙ্ককে ৮ দিয়া হরণ করিলে অবশিষ্ট যাহা থাকিবে, তাহা একস্থানে অঙ্কিত করিয়া রাখিতে হইবে। অপর সাধকের নামের পৃথক পৃথক কৃত স্বর ব্যঞ্জন ও যে যে কোষ্ঠাতে দেখিতে পাইবে, তাহার প্রত্যেকের অধস্তন অঙ্কসকল পূর্ব্বরূপ যোগ করিয়া ৮ দিয়া হরণ করিলে অবশিষ্ট যে অঙ্ক থাকিবে তাহাকেও একস্থানে রাখিয়া বিচার করিতে হইবে, যে পক্ষের স্থাপিত অঙ্ক অধিক হইবে তাহাকে

# অথ ঋণী-ধনীচক্রং

সাধ্যাঙ্কাঃ।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ৬ | ৬ | ০ | ৩ | ৪ | ৪ | ০ | ০ | ০ | ৩ |
| অ আ | ই ঈ | উ ঊ | ঋ ৠ | ঌ ৡ | এ | ঐ | ও | ঔ | অং | অঃ |
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ | ঞ | ট |
| ঠ | ড | ঢ | ণ | ত | থ | দ | ধ | ন | প | ফ |
| ব | ভ | ম | য | র | ল | ব | শ | ষ | স | হ |
| ২ | ১ | ২ | ১ | ০ | ০ | ১ | ০ | ৭ | ৩ | ১ |

সাধকাঙ্কাঃ।

ঋণী, যে পক্ষের স্থাপিতাঙ্ক ন্যূন হইবে তাহাকে ধনী জানিবে। যদি মন্ত্রের বর্ণদ্বারা সংগৃহীত অঙ্ক নামাঙ্ক হইতে অধিক হয় তবেই মন্ত্র ঋণী হইল এই মন্ত্র গ্রহণ করিতে পারিবে। এবং মন্ত্র যদি ধনী হয় অর্থাৎ মন্ত্রাঙ্ক যদি নামাঙ্ক অপেক্ষায় ন্যূন হয় তবে সেই মন্ত্র অগ্রাহ্য জানিবে। আর মন্ত্রাঙ্ক ও নামাঙ্ক উভয়েই যদি তুল্য হয় তবে সেই মন্ত্র গ্রাহ্য জানিবে, যদি উভয়াঙ্কই শূন্য হয় তবে তাদৃশ মন্ত্র গ্রহণে মন্ত্রগ্রহীতার মৃত্যু হয়। এইক্ষণ এতদ্বার চক্রে দৃষ্টি করিয়া দেখুন,——

নামগ্রহণপ্রকারমাহ সনৎকুমারীয়ে।

"পিতৃমাতৃকৃতং নাম ত্যক্ত্বা শর্ম্মাদিদেবকান্।

শ্রীবর্ণঞ্চ ততো দীক্ষা চক্রেষু যোজয়েৎ ক্রমাৎ।"।

সনৎকুমারীয়ে কিপ্রকার নামগ্রহণ করিতে হইবে তাহা বলিয়াছেন—

পিতা মাতা যে নাম রাখিয়াছেন সেই নামের দেবশর্ম্মা প্রভৃতি যে উপাধি

অথ মন্ত্রাণাং দশসংস্কারাঃ।

অন্যেঽপি মন্ত্রদোষা যে জ্ঞেয়া গ্রন্থান্তরাদ্বুধৈঃ। লিখ্যন্তে মন্ত্রসংস্কারাঃ শারদাতিলকাদ্দশ। জননং জীবনঞ্চেতি তাড়নং বোধনং মতং। অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ। তর্পণং দীপনং গুপ্তির্দ্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ। মন্ত্রাণাং মাতৃকামধ্যাদুদ্ধারো জননং স্মৃতং। প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ। এতজ্জীবনমিত্যাহুর্মন্ত্রতন্ত্রবিশারদাঃ। মন্ত্রবর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা। প্রত্যেকং বায়ুনা মন্ত্রী তাড়নং তদুদাহৃতং। বিলিখ্য মন্ত্রং তন্মন্ত্রী প্রসূনৈঃ করবীরকৈঃ। তন্মন্ত্রাক্ষরসংখ্যাকৈর্হন্যাদ্ যান্তেন বোধনং। স্বতন্ত্রোক্তবিধানেন মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া। অশ্বত্থপল্লবৈর্মন্ত্রমভিষিঞ্চেদ্ বিশুদ্ধয়ে। সংচিন্ত্য মনসা মন্ত্রং জ্যোতির্মন্ত্রেণ নির্দ্দহেৎ। মন্ত্রে মলত্রয়ং মন্ত্রী বিমলীকরণন্ত্বিদং। তারং ব্যোমাগ্নিমনুযুগ্ দণ্ডী জ্যোতির্ম্মনুর্মতঃ। কুশোদকেন জপ্তেন প্রত্যর্ণং প্রোক্ষণং মনোঃ। তেনমন্ত্রেণ বিধিবদেতদাপ্যায়নং স্মৃতং। মন্ত্রেণ বারিণা মন্ত্রতর্পণং তর্পণং স্মৃতং। তারমায়ারমাযোগো মনোর্দ্দীপনমুচ্যতে। জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনং। ইতি মন্ত্রসংস্কারঃ।

---

পর্য্যায় লগ্ন, ধন, ভ্রাতৃ, বন্ধু, পুত্র, শত্রু, কলত্র, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয় ইহাদ্বারা গণনা করিবে। জন্মরাশি হইতে মন্ত্র রাশি যদি শত্রু, মৃত্যু অথবা ব্যয় স্থানে বিচারিত হয় তবে সেই মন্ত্র গ্রহণ করিবে না। শত্রু, মৃত্যু ও ব্যয় এই তিন মাত্র পরিত্যাজ্য আর সমস্তই গ্রাহ্য।

অন্য যে সকল বিচার্য্য মন্ত্রদোষ তাহা অন্যোক্ত গ্রন্থ হইতে জানিবে। সংপ্রতি সারদা তিলক হইতে উদ্ধৃত করিয়া মন্ত্রের দশবিধ সংস্কার কথিত হইতেছে। জনন, জীবন, তাড়ন, বোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন,

## অথ মন্ত্রোদ্ধারপ্রকরণং।

মন্ত্রোদ্ধারমথাখ্যাস্যে মন্ত্রাণাং রাঘবস্য চ। ব্রহ্মকল্পাদিষু প্রোক্তং সাধকানাং সুসিদ্ধিদং। বহ্নিস্থং শয়নং বিষ্ণোরর্দ্ধ-চন্দ্রবিভূষিতং। একাক্ষরমনুঃ প্রোক্তো মন্ত্ররাজঃ সুরদ্রুমঃ। ব্রহ্মা মুনিঃ স্যাদ্গায়ত্রী ছন্দো রামোঽস্য দেবতা। দীর্ঘা-র্দ্ধেন্দুযুজাঙ্গানি কুর্য্যাদ্‌বহ্ন্যাত্মনা মনোঃ। সরযূতীরমন্দার বেদিকাপঙ্কজাসনে। শ্যামং বীরাসনাসীনং জ্ঞানমুদ্রোপ শোভিতং। বামোরুন্যস্ততদ্ধস্তং সীতালক্ষ্মণসংযুতং। অবেক্ষমাণ

তর্পণ, দীপনত্ত গুপ্ত এই দশবিধ মন্ত্র সংস্কার। এইক্ষণ কিপ্রকারে কোন সংস্কার করিতে হইবে তাহা কথিত হইতেছে।——মাতৃকা যন্ত্র করিয়া তাহা হইতে মন্ত্রের যে উদ্ধার করা তাহার নাম জনন সংস্কার। মন্ত্রের বর্ণ সকলকে প্রণব ( ওঁ ) দ্বারা পুটিত করিলেই মন্ত্রের জীবন সংস্কার করা হইল। মন্ত্রের বর্ণসকল লিখিয়া বায়ুবীজ ( যং ) উচ্চারণ করিয়া চন্দন মিশ্রিত জলদ্বারা প্রত্যেকে যে তাড়ন করা তাহাকে তাড়ন সংস্কার বলে। মন্ত্র অঙ্কিত করিয়া মন্ত্রাক্ষরের সংখ্যানুসারে করবীর পুষ্পগ্রহণ করিয়া তাহার দ্বারা বহ্নি ( রং ) এই পড়িয়া অঙ্কিত মন্ত্রাক্ষরে যে আঘাত করা তাহার নাম বোধন। মন্ত্রাক্ষরের সংখ্যানুসারে অশ্বথ পত্র লইয়া তদ্‌দ্বারা স্বতন্ত্রোক্ত বিধ্যনুসারে অঙ্কিত মন্ত্রে অভিষেক করার নাম অভিষেক সংস্কার। মনে মনে মন্ত্রাক্ষর চিন্তা করিয়া জ্যোতির্মন্ত্র ( ওঁ হ্রৌঁ ) দ্বারা আগন্তুক সহজ মায়িক এই মলত্রয়কে যে দাহ করা তাহার নাম বিমলী করণ। জ্যোতির্মন্ত্র উচ্চারণ করতঃ কুশোদক দ্বারা উক্তমন্ত্রের প্রত্যেক অক্ষরকে যে প্রোক্ষিত করা ইহার নাম আপ্যায়ন। এবং জ্যোতির্মন্ত্রে জলদ্বারা সেই মন্ত্রবর্ণে যে তর্পণ করা তাহার নাম তর্পণ। তার ( ওঁ ) মায়া ( হ্রীঁ ) রমা ( শ্রীঁ ) ইহা দ্বারা যে মন্ত্রোদ্দীপন করা ইহাকে দীপন বলে। এবং জপ্যমন্ত্রের অপ্রকাশ করার নাম মন্ত্রগুপ্তি জানিবে। এই দশবিধ ব্যাপারকেই মন্ত্রের দশবিধ সংস্কার কহে।

মাত্মানমাত্মন্যমিততেজসং। শুদ্ধস্ফটিকসঙ্কাশং কেবলং মোক্ষ-কাঙ্ক্ষয়া। চিন্তয়ন্ পরমাত্মানং ভানুলক্ষং জপেন্মনুং। বহ্নির্নারা-য়ণেনাঢ্যো জাঠরঃ কেবলোঽপি চ। দ্ব্যক্ষরো মন্ত্ররাজোঽয়ং সর্ব্বাভীষ্টফলপ্রদঃ। একাক্ষরোক্তমৃষ্যাদি ন্যাসাদ্যেন ষড়-ঙ্গকং। তারমায়ারমানঙ্গ বাক্স্ববীজৈস্তু ষড়্ বিধঃ। একাক্ষরো-মন্ত্ররাজঃ সর্ব্বাভীষ্টফলপ্রদঃ। দ্ব্যক্ষরশ্চন্দ্রভদ্রান্তো দ্বিবিধ-শ্চতুরক্ষরঃ। ঋষ্যাদি পূর্ব্ববজ্জ্ঞেয়মেতেষাস্তু বিচক্ষণৈঃ। সপ্র-তিষ্ঠৌ রমৌ বায়ুর্হ্রৎপঞ্চার্ণো মনুঃ স্মৃতঃ। বিশ্বামিত্রোমুনিঃ প্রোক্তঃ পঙ্‌ক্তিশ্ছন্দোঽস্য দেবতা। রামভদ্রো বীজশক্তী প্রথমার্ণনতী ক্রমাৎ। ভ্রূমধ্যে হৃদি নাভ্যুরুপাদয়োর্ব্বি-ন্যসেন্মনুং। ষড়ঙ্গং পূর্ব্ববদ্ যদ্ বা পঞ্চার্ণৈর্ম্মনুনাস্ত্রকং মধ্যেবনং কল্পতরোর্ম্মূলে পুষ্পলতাসনে। লক্ষ্মণেন প্রগুণিতমক্ষ্ণঃ

---

সংপ্রতি প্রথমতঃ রাঘবের মন্ত্রোদ্ধার কথিত হইতেছে। রাং এই একাক্ষর মন্ত্র সকল মন্ত্র হইতে শ্রেষ্ঠ এবং কল্পবৃক্ষ সদৃশ। এই একাক্ষর মন্ত্রের ব্রহ্মা ঋষি, গায়ত্রীছন্দ এবং রামচন্দ্র দেবতা। শিরসি ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীছন্দসে নমঃ, হৃদি শ্রীরামচন্দ্র দেবতায়ৈ নমঃ এই প্রকারে ঋষ্যাদি ন্যাস করিতে হয় এবং রাং হৃদয়ায় নমঃ রীং শিরসে স্বাহা, রূং শিখায়ৈ বষট্, রৈং কবচায় হুং রৌং নেত্রত্রয়ায় বৌষট্ রঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ এবং করন্যাস ও এই নিয়মে করিতে হইবে। সরযূতীর মন্দার বেদিকাপঙ্কজাসনে শ্যামং বীরাসনাসীনং জ্ঞানমুদ্রোপশোভিতং। বামো রুন্যস্তহস্তং সীতালক্ষ্মণসংযুতং। অবেক্ষমাণমাত্মানমাত্মন্যমিততেজসং। শুদ্ধস্ফটিক সংকাশং কেবলং মোক্ষকাঙ্ক্ষয়া। এই আকারে ধ্যান করিবে। ধ্যানার্থ——সরযূতটস্থ কল্পতরুসমীপে পদ্মাসনোপরি বীরাসনক্রমে উপবিষ্ট, শ্যামবর্ণ, দক্ষিণহস্তে জ্ঞানমুদ্রা ধারণ ও বামহস্ত বামজানুতে বিন্যস্ত করিয়াছেন সীতালক্ষ্মণ সংযুত, আত্মাতে তেজোময় নির্ম্মল স্ফটিকতুল্য আত্মাকে দেখিতেছেন। এই একাক্ষর মন্ত্রের দ্বাদশলক্ষ জপে পুরশ্চরণ হয়। রামচন্দ্রের

কোণেন শায়কং। অবেক্ষমাণং জানক্যা কৃতব্যজনমীশ্বরং। জটাভারলসচ্ছীর্ষং শ্যামং মুনিগণাবৃতং। লক্ষ্মণেন ধৃতচ্ছত্রমথবা পুষ্পকোপরি। দশাস্যমথনং প্রাগ্বৎ সসুগ্রীববিভীষণং। বিজয়ার্থী বিশেষেণ বর্ণলক্ষং জপেন্মনুং। স্বকামশক্তিবাগ্ লক্ষ্মীতারাদ্যঃ পঞ্চবর্ণকঃ। ষড়ক্ষরঃ ষড়্ বিধঃ স্যাচ্চতুর্ব্বর্গ ফলপ্রদঃ। পঞ্চাশন্মাতৃকাবর্ণমন্ত্রঃ প্রত্যেকপূর্ব্বকঃ।

মন্ত্রাস্মর কথিত হইতেছে। রাম এই দ্ব্যক্ষরমন্ত্র মন্ত্ররাজ এবং সর্ব্বাভীষ্ট-ফলপ্রদ। ইহার ঋষ্যাদি ও অঙ্গন্যাস প্রভৃতি একাক্ষরমন্ত্রের তুল্য। এই দ্ব্যক্ষর মন্ত্রের প্রথমে তার (ওঁ) মায়া (হ্রীঁ) রমা (শ্রীঁ) অনঙ্গ (ক্লীঁ) বাক্ (ঐঁ) স্ববীজ (রাং) এই কয়টী বীজ পৃথক পৃথক যুক্ত করিলে ছয় প্রকার ত্র্যক্ষর মন্ত্র হইবে। যথা—ওঁ রাম, হ্রীঁ রাম, ক্লীঁ রাম ঐঁ রাম এবং রাম এই ছয়প্রকার ত্র্যক্ষর মন্ত্র সকল মন্ত্রের প্রধান এবং সাধকের অভীষ্টফল প্রদান করে। ইহার চতুরক্ষর মন্ত্র দ্বিবিধ—রামচন্দ্র এবং রামভদ্র এই মন্ত্র মন্ত্রদ্বয়ের ঋষ্যাদি ন্যাস প্রভৃতিও পূর্ব্ববৎই জানিবে।

রামায় নমঃ এই পঞ্চাক্ষর মন্ত্র, ইহার বিশ্বামিত্র ঋষি, পংক্তিছন্দ, রামভদ্র দেবতা, রাং বীজ, নমঃ শক্তি। অঙ্গন্যাসাদি পূর্ব্ববৎ। ধ্যান যথা—মধ্যেবনং কল্পতরোর্মূলে পুষ্পলতাসনে। লক্ষ্মণেন প্রগুণিতমক্ষঃ কোণেন শায়কং। অবেক্ষমাণং জানক্যা কৃতব্যজনমীশ্বরং। জটাভারলসচ্ছীর্ষং শ্যামং মুনিগণাবৃতং। লক্ষ্মণেন ধৃতচ্ছত্রমথবা পুষ্পকোপরি। দশাস্যমথনং প্রাগ্বৎ সসুগ্রীব বিভীষণং। এই মন্ত্রে এই ধ্যান করিয়া পূজা করিবে। বিজয়ার্থী এই মন্ত্র লক্ষ জপ করিলে ফল প্রাপ্ত হয়। ইহার ষড়ক্ষর মন্ত্র ষড়্ বিধ যথা—(১) ওঁ রামায় নমঃ, (২) রাং রামায় নমঃ (৩) ক্লীং রামায় নমঃ, (৪) হ্রীং রামায় নমঃ (৫) ঐঁ রামায় নমঃ, (৬) শ্রীঁ রামায় নমঃ। এই ছয়টি মন্ত্রের ঋষি ও ভিন্ন ভিন্ন জানিবে। প্রথম মন্ত্রের ঋষি ব্রহ্মা, দ্বিতীয় মন্ত্রের ঋষি সম্মোহন, তৃতীয় মন্ত্রের ঋষি শক্তি, চতুর্থমন্ত্রের ঋষি দক্ষিণামূর্ত্তি, পঞ্চম মন্ত্রের ঋষি অগস্ত্য এবং ষষ্ঠ মন্ত্রের ঋষি শ্রীশিব। অং রামায় নমঃ, আং রামায় নমঃ, ইং রামায় নমঃ এই প্রকার অকারাদি পঞ্চাশন্মাতৃকা বর্ণের

লক্ষ্মীবাগ্রন্মথাদিশ্চ তারাদিঃ স্যাদনেকধা। শ্রীমায়ামন্মথৈ-কৈকবীজাদ্যন্তগতো মনুঃ। চতুর্ব্বর্ণঃ স এব স্যাৎ ষড়্‌বর্ণো-বাঞ্ছিতপ্রদঃ।- স্বাহান্তো হুংফড়ন্তো বা নত্যন্তো বা ভবে-দয়ং। ব্রহ্মা সম্মোহনঃ শক্তির্দক্ষিণামূর্ত্তিরেব চ। অগস্ত্যঃ শ্রীশিবঃ প্রোক্তো মুনয়োঽত্র ক্রমাদিমে। অথ বা কাম বীজাদের্ব্বিশ্বামিত্রো মুনির্ম্মনোঃ। ছন্দো গায়ত্রীসজ্ঞঞ্চ রাম-ভদ্রোঽস্য দেবতা। বীজশক্তী যথাপূর্ব্বং ষড়্‌বর্ণান্ বিন্য-সেত্ততঃ। ব্রহ্মরন্ধ্রে ভ্রুবোর্মধ্যে হৃন্নাভ্যন্ধুষু পাদয়োঃ। বীজৈঃ ষড়্‌দীর্ঘযুক্তৈর্ব্বা মন্ত্রার্ণৈর্ব্বা ষড়ঙ্গকং। ধ্যায়েৎ কল্পতরোর্ম্মূলে সুবর্ণময়মণ্ডপে। পুষ্পকাখ্যবিমানান্তঃ সিংহাসনপরিচ্ছদে। পদ্মে বসুদলে দেবামিন্দ্রনীলমণিপ্রভং। বীরাসনসমারূঢ়ব্যাখ্যামুদ্রোপশোভিতং। বামোরুন্যস্তত-দ্ধস্তং সীতালক্ষ্মণসেবিতং। সর্ব্বাভরণসম্পন্নং বর্ণলক্ষং জপেন্মনুং।

---

এক একটি বর্ণ বিন্দুযুক্ত করিয়া " রামায় নমঃ " ইহার পূর্ব্বে প্রয়োগ করিলে পঞ্চাশৎ প্রকার ষড়ক্ষর রামমন্ত্র হয়। আর রাম এই দ্ব্যক্ষর মন্ত্রের আদিতে ও অন্তে শ্রীঁ, ক্লীং অথবা হ্রীং এই বীজত্রয় পৃথক পৃথক যোগ করিলে চতুরক্ষর মন্ত্র হয়। যথা শ্রীঁ রাম শ্রীঁ, হ্রীং রাম ক্লীঁ ইত্যাদি। এই চতুরক্ষর মন্ত্রের অন্তে যদি স্বাহা অথবা হুং ফট্ অথবা, নম শব্দ প্রয়োগ করাহয় তবেও ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বর্গ ফলপ্রদ রামমন্ত্র হয়। অথবা ক্লীং রামায় নমঃ এই সকল মন্ত্রের বিশ্বামিত্র ঋষি, গায়ত্রী ছন্দ এবং শ্রীরামচন্দ্র দেবতা জানিবে। অঙ্গোপাঙ্গ ন্যাস পূর্ব্বরূপ করিতে হইবে। ব্রহ্মরন্ধ্রে, ভ্রূমধ্যে, হৃদিতে লিঙ্গমূলে এবং পাদদ্বয়ে উক্ত ছয়টি বর্ণদ্বারা ন্যাস করিতে হইবে। মন্ত্রবর্ণদ্বারা অথবা রাং, রীং ইত্যাদি দীর্ঘস্বরযুক্ত ষড়ক্ষর দ্বারা অঙ্গন্যাসাদি করিতে হইবে। এবং ধ্যায়েৎ কল্পতরোর্মূলে সুবর্ণময়মণ্ডপে" ইত্যাদি মূলোক্ত ধ্যান করিতে হইবে। পুরশ্চরণে ৬ লক্ষ জপ কর্ত্তব্য।

যদ্বা স্মরাদিমন্ত্রাণাং জবাভং বা হরিং স্মরেৎ। রামশ্চ চন্দ্রভদ্রান্তো ঙেহন্তো নতিযুতো দ্বিধা। তারাদিসহিতঃ সোঽপি মন্ত্রস্ত্বষ্টাক্ষরঃ স্মৃতঃ। তারাদ্যন্তগতঃ সোঽপি নবার্ণঃ স্যাদনেকধা। তারং রামশ্চতুর্থ্যন্তঃ ক্রোধাস্ত্রং বহ্নিতল্পগা। অষ্টার্ণোঽয়ং পরো মন্ত্র ঋষ্যাদিঃ স্যাৎ ষড়র্ণবৎ। গুণবীজং বদেন্মায়াং হৃদ্রামায় পুনশ্চ তাং। শিবোমারামমন্ত্রোঽয়ং বস্বর্ণঃ সুবসুপ্রদঃ। ঋষিঃ সদাশিবঃ প্রোক্তো গায়ত্রী ছন্দ উচ্যতে। শিবোমারামচন্দ্রোঽত্র দেবতা পরিকীর্ত্তিতা। দীর্ঘয়া মায়য়াঙ্গানি তারপঞ্চার্ণযুক্তয়া। রামং ত্রিনেত্রং সোমার্দ্ধধারিণং শূলিনং পরং। ভস্মোদ্ধূলিতসর্ব্বাঙ্গং কপর্দ্দিনমুপাস্মহে। রম্যাভিরামাং সৌন্দর্য্যসীমাং সোমাবতংসিনীং। পাশাঙ্কুশধনুর্ব্বাণধরাং ধ্যায়েৎ ত্রিলোচনাং।

---

অথবা ক্লীঁ আদি মন্ত্রে জবাভ হরি ধ্যেয় জানিবে। অনন্তর সপ্তাক্ষর মন্ত্র উদ্ধৃত হইতেছে। যথা—রামচন্দ্রায় নমঃ এবং রামভদ্রায় নমঃ প্রথমত এই দ্বিবিধ সপ্তাক্ষর মন্ত্র। এই সপ্তাক্ষর মন্ত্রের আদিতে ওঁ যোগ করিলে অষ্টাক্ষর মন্ত্র হয়। নবাক্ষর মন্ত্র বহুবিধ জানিবে। রামচন্দ্রায় নমঃ এই সপ্তাক্ষর মন্ত্রের আদিতে ও অন্তে ওঁ কার যোগ করিলে ওঁ রামচন্দ্রায় নমঃ ওঁ ওঁ রামচন্দ্রায় নমঃ ওঁ ইত্যাকার নবাক্ষর মন্ত্র হয়। ওঁ রামায় হুঁ ফট্ স্বাহা। এই একটি প্রধান অষ্টাক্ষর মন্ত্র জানিবে। ইহার ঋষ্যাদিন্যাস, ষড়ঙ্গন্যাস ও ধ্যান পূজা প্রভৃতি ষড়ক্ষর মন্ত্রের ন্যায় করিবে। আর গুণবীজ, মায়া (হ্রীঁ) এবং নমো রামায় হ্রীং এই অষ্টাক্ষর মন্ত্রের সদাশিব ঋষি, গায়ত্রীছন্দ শিবোমা রামচন্দ্র দেবতা। রামং ত্রিনেত্রং সোমার্দ্ধধারিণং ইত্যাদিদ্বারা দেবতাকে ধ্যান করিবে। আকার—ত্রিনেত্র অর্দ্ধচন্দ্রধারী, শূলহস্ত ভস্মবিভূষিতসর্ব্বাঙ্গ, জটাজুটালঙ্কৃত, রাম এবং বামাংশে ত্রিনয়না পরমাসুন্দরী হস্তে পাশ, অঙ্কুশ, শরাশন, ও শর, ললাটে শীতাংশুকে ধারণ করিয়াছেন। এই মন্ত্রের পুরশ্চরণে ৪ লক্ষ জপ, বিল্বপত্র

ধ্যায়ন্নেবং বর্ণলক্ষং জপেজ্জিমধুরাপ্লুতৈঃ। বিল্বপত্রৈঃ ফলৈঃ পুষ্পৈস্তিলৈর্ব্বা পঙ্কজৈর্হুনেৎ। স্বয়মায়ান্তি নিধয়ঃ সিদ্ধয়শ্চ সুরেপ্সিতাঃ। জানকীবল্লভং ঙেহন্তং বহ্নিজায়াহম্মাদিকং। দশাক্ষরোহয়ং মন্ত্রঃ স্যাদ্বশিষ্ঠঃ স্যাদৃষির্ব্বিরাট। ছন্দস্তু দেবতা রামঃ সীতাপাণিপরিগ্রহঃ। আদ্যো বীজং দ্বিঠঃ শক্তিঃ কামেনাঙ্গক্রিয়া মতা। শিরোললাটভ্রূমধ্যতালুকণ্ঠেষু হৃদ্যপি। নাভ্যুরুজানুপাদেষু দশার্ণান্ বিন্যসেন্মনোঃ। অযোধ্যানগরে রত্নচিত্রসৌবর্ণমণ্ডপে। মন্দারপুষ্পৈরাবদ্ধবিতানে তোরণান্বিতে। সিংহাসনসমারূঢ়ং পুষ্পকোপরি রাঘবং। রক্ষোভির্হরিভির্দ্দেবৈর্দ্দিব্যযানগতৈঃ শুভৈঃ। সংস্তূয়মানং মুনিভিঃ সর্ব্বতঃ পরিষেবিতং। সীতালঙ্কৃতবামাঙ্গং লক্ষ্মণেনোপ-

অথবা পদ্মপুষ্প, বিল্বফল ও তিল ইহাদ্বারা হোম করিতে হয়। ইহার যথোক্ত পুরশ্চরণ হইলে শঙ্খ পদ্মাদি নিধি সকল স্বয়ং আসিয়া ধনাগারে উপস্থিত হয় এবং মনোবাঞ্ছাসিদ্ধি হয়।

অনন্তর দশাক্ষর মন্ত্র বলিতেছেন।—হুং জানকীবল্লভায় স্বাহা এই দশাক্ষর মন্ত্রের বশিষ্ঠ ঋষি, বিরাটছন্দ, রামচন্দ্র দেবতা, হুং বীজ এবং স্বাহা শক্তি। ক্লীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি দ্বারা অঙ্গন্যাস করন্যাস করিতে হয়। এবং মস্তকে হুং নমঃ, ললাটে জাং নমঃ, হৃদয়ে লং নমঃ, নাভিতে ভ্যাং নমঃ উরুতে স্বং নমঃ, জানুতে স্বাং নমঃ, এবং পাদদ্বয়ে হাং নমঃ এই প্রকার মন্ত্রন্যাস করিয়া অযোধ্যানগরে রত্ন চিত্রসৌবর্ণমণ্ডপে ইত্যাদি মূলোক্ত ধ্যান করিবে। ধ্যানার্থ—অযোধ্যাপুরীমধ্যে বিবিধ রত্নরাজি বিরাজিত সুবর্ণমণ্ডপ, তাহাতে ইতস্তত দোদুল্যমান পারিজাত পুষ্প সুশোভিত চন্দ্রাতপ, তন্মধ্যে পুষ্পকোপরি সিংহাসনে উপবিষ্ট রামকে দিব্যযানারূঢ় রাক্ষস, বানর ও দেবগণ স্তব করিতেছেন, মুনিবৃন্দ চতুষ্পার্শ্বে উপবেশন করত অতিশয় শোভাবর্দ্ধন করিতেছেন, এবং জানকী বামাংশে উপবিষ্টা আছেন, লক্ষ্মণ সর্ব্বদা সমীপে দণ্ডায়মান রহিয়াছেন এবং শ্যামবর্ণ

শোভিতং। শ্যামং প্রসন্নবদনং সর্ব্বাভরণভূষিতং। ধ্যায়েন্বেনং জপেন্মন্ত্রং বর্ণলক্ষমনন্যধীঃ। রামং ঙেন্তং ধনুষ্পাণয়েহন্তে স্যাদ্বহ্নিসুন্দরী। দশাক্ষরোঽয়ং মন্ত্রঃ স্যান্মুনির্ব্রহ্মা বিরাট্ স্মৃতং। ছন্দস্তু দেবতা প্রোক্তা রামো রাক্ষসমর্দ্দনঃ। আদ্যো বীজং দ্বিঠঃ শক্তিস্তৈনৈবাঙ্গানি পূর্ব্ববৎ। বর্ণন্যাসং তথা ধ্যানং পৌরশ্চরণকং বিধিঃ। দশাক্ষরোক্তবৎ কুর্য্যাৎ চাপবাণধরংস্মরেৎ। ওঁ হৃদ্ভগবতে রামচন্দ্রভদ্রৌ চ ঙেযুতৌ। অর্কার্ণো দ্বিবিধোঽপ্যস্য ঋষিধ্যানাদি পূর্ব্ববৎ। শ্রীপূর্ব্বং জয়মধ্যস্থং তদ্দ্বিধা রামনাম চ। ত্রয়োদশার্ণ ঋষ্যাদি পূর্ব্ববৎ সর্ব্বকামদঃ। পদত্রয়ৈর্দ্বিধাবৃত্তৈরঙ্গন্যাসং দশার্ণবৎ। সতারং হৃদ্ভগবতে রামং ঙেঽন্তং মহা ততঃ। পুরুষায় পদং পশ্চাৎ হৃদন্তোঽষ্টাদশাক্ষরঃ। বিশ্বামিত্রো-মুনিশ্ছন্দো গায়ত্রং দেবতা মনোঃ। দশাস্যদর্পদলনো রাম-ভদ্রঃ সমীরিতঃ। তারবীজং নতিঃ শক্তিঃ মড়ঙ্গং কল্পয়েৎ ততঃ। মূলমন্ত্রং কৌশলেন্দ্রং সত্যসন্ধমনন্তরং। রাবণান্তক নামানং সর্ব্বলোকহিতং তথা। শুদ্ধপ্রসন্নবদনং চতুর্থ্যা নমসা বদেৎ। নন্দিগ্রামস্যোপবনে ভরতায় তু কৌতুকে।

---

মনোহরমুখকমল সর্ব্বাভরণে বিভূষিত, এইরূপে শ্রীরামচন্দ্রকে ধ্যান করিয়া পূজা করিবে এই মন্ত্রের পুরশ্চরণে চারিলক্ষ জপ করিতে হয়।

এবং রামায় পুষ্পগাণয়ে স্বাহা এই ও একটি রামের দশাক্ষর মন্ত্র, ইহার ব্রহ্মা ঋষি, বিরাটছন্দ, রাম দেবতা, হুং বীজ এবং স্বাহা শক্তি ও পূর্ব্ববৎ অঙ্গন্যাসাদি করিতে হয়। বর্ণন্যাস, ধ্যান এবং পুরশ্চরণের বিধিও পূর্ব্বোক্ত দশাক্ষর মন্ত্রের সদৃশ। অনন্তর দ্বাদশাক্ষর মন্ত্র কথিত হইতেছে— ওঁ নমো ভগবতে রামচন্দ্রায় এবং ওঁ নমো ভগবতে রামভদ্রায় এই দ্বিবিধ দ্বাদশাক্ষর মন্ত্রে ঋষ্যাদিন্যাস ও ধ্যানাদি পূর্ব্বরূপ। এবং শ্রীরাম জয়রাম জয় জয় রাম এই ত্রয়োদশাক্ষর মন্ত্র, এইমন্ত্রস্থ শ্রীরাম, জয় রাম এবং জয় জয়

রম্যৈঃ সুগন্ধিপুষ্পাদ্যৈঃর্ব্বর্ক্ষবৈশ্চ মণ্ডিতে। নিস্বানভেরী পটহশঙ্খতূর্য্যাদিনিস্বনে। প্রবৃত্তনৃত্যে পরিতো জয়মঙ্গল ভাষিতে। পটীরঘুসৃণোশীরকর্পূরাগুরু গন্ধিতে। নানাকুসুম সৌরভ্যবাহিগন্ধবহাঞ্চিতে। দেবগন্ধর্ব্বনারীভির্গায়ন্তীভির লঙ্কৃতং। সিংহাসন-সমারূঢ়ং পুষ্পকোপরি রাঘবং। সৌমিত্রি-সীতা-সহিতং জটামুকুটশোভিতং। চাপবাণধরং শ্যামং সসুগ্রীববিভীষণং। হত্বা রাবণমায়াতং কৃতত্রৈ-লোক্যরক্ষণং। রামভদ্রং হৃদি ধ্যায়ন্ দশলক্ষং জপেন্মনুং। রামভদ্রমহেষ্পূর্ব্বং মাসাবিষ্য ততঃ পরং। বীরং নরোত্তম-পদং দশাস্যান্তক মান্ততঃ। ততো রক্ষ ততো দেহি পশ্চাদ্দাপয় মে শ্রিয়ং। দ্বাত্রিংশদক্ষরো মন্ত্রো বিশ্বামিত্রো মুনির্মতঃ। ছন্দোঽনুষ্টুব্‌দেবতা চ রামচন্দ্রঃ প্রকীর্ত্তিতঃ। চতুঃকরণ-বেদাব্ধিবস্বর্ণৈরঙ্গকল্পনা। মূর্দ্ধ্নি ভালে দৃশোঃ শ্রোত্রে গণ্ড-যুগ্মে চ নাসিকে। আস্যে দোঃসন্ধিযুগলে স্তনহৃন্নাভিমণ্ডলে।

---

রাম এই পদত্রয়কে দুইবার আবৃত্তি করতঃ অঙ্গন্যাসাদি করিবে, ধ্যান দশাক্ষর মন্ত্রের ন্যায়। ওঁ নমো ভগবতে রামায় মহাপুরুষায় নমঃ এই অষ্টাদশাক্ষর মন্ত্র, এই মন্ত্রের বিশ্বামিত্র ঋষি, গায়ত্রীছন্দ এবং রামভদ্র দেবতা, বীজ ওঁ, শক্তি নমঃ। ষড়ঙ্গপ্রকার বলা হইতেছে। মূলমন্ত্র, কোশলেন্দ্রায় নমঃ, সত্যসন্ধায় নমঃ, রাবণান্তকায় নমঃ, সর্ব্বলোকহিতায় নমঃ এবং শুদ্ধপ্রসন্নবদনায় নমঃ এই বলিয়া অঙ্গন্যাসাদি করিতে হইবে। এবং নন্দিগ্রামস্থোপনে ভরতায় তু কৌতুকে ইত্যাদি মূলোক্ত ধ্যান করিবে। ধ্যানার্থ অতি সরল বলিয়া পরিত্যক্ত হইল। দশলক্ষ জপে এইমন্ত্রের পুরশ্চরণ হয়।

অনন্তর দ্বাত্রিংশদক্ষর মন্ত্র উদ্ধৃত হইতেছে। রামভদ্র মহেষ্বাস বিষবীনং নরোত্তম দশাস্যান্তক মাং রক্ষ দেহি দাপয় মে শ্রিয়ং, এই দ্বাত্রিংশদক্ষর মন্ত্রের বিশ্বামিত্র ঋষি, অনুষ্টুপ ছন্দ এবং রামভদ্র দেবতা। রামভদ্র, মহেষ্বাস

তত্তুল্য বপ্র করিয়া কুণ্ডের পশ্চিম ভাগে ৬ অঙ্গুল বিস্তীর্ণ ১২ অঙ্গুলি আয়ত এবং পৃষ্ঠভাগে উন্নত, সচ্ছিদ্র পূর্ব্বমুখী যোনি নির্ম্মাণ করিয়া করমাত্র কুণ্ডে যবমাত্র কণ্ঠ করিতে হইবে। এই প্রকার লক্ষণে লক্ষিত কুণ্ড অভিলষিত ফলদান করে,ইহাতে যদি ন্যূনাধিক কিছু হয় তবে অনেক অনিষ্ট হয় অতএব বিশেষ অবধানের সহিত কুণ্ডনির্ম্মাণ করিবে। হোমের সংক্ষেপ হইলে হস্তপরিমিত স্থণ্ডিল করিতে হইবে।

আর বায়ুকোণে অথবা ঈশান কোণে একহস্ত উন্নত ৪ হাত বেদী করিয়া তাহাতে শুক্ল, পীত কৃষ্ণ ও রক্ত প্রভৃতি বর্ণদ্বারা যন্ত্রলিখিবে। রাজাভিন্ন সাধারণের পক্ষে অষ্টপত্র পদ্ম লিখিতে হইবে। ইহাতে প্রথমতঃ পূর্ব্বে ও পশ্চিমে ১৭ টী রেখাদ্বারা একটি ক্ষেত্র করিয়া তাহার মধ্যস্থ ষোড়শ

পশোভিকোষ্ঠৈশ্চ ভবিতব্যন্ত্রিভিস্ত্রিভিঃ। পঞ্চায়তনদীক্ষাসু হ্যেষ সাধারণক্রমঃ। অষ্টপত্রন্তু কমলং বৃত্তত্রয়পরাবৃতং। সোমসূর্য্যাগ্নিবিম্বানি তথা কুর্য্যাদ্বিচক্ষণঃ। চতুরস্রং বহিস্তস্য ষট্‌কোণং কর্ণিকান্তরে। পীতং পূর্ব্বে সিতং দেয়ং পশ্চিমে ত্বুত্তরে তথা। রক্তন্তু দক্ষিণে কৃষ্ণং পাটলং বহ্নিসংস্থিতং। নৈর্ঋতে নীলবর্ণন্তু বায়ব্যে ধূম্রবর্ণকং। ঐশে গৌরং বিনির্দ্দিষ্টমষ্টপত্রেষ্বয়ং ক্রমঃ। শঙ্খচক্রগদাপদ্মধনুর্ব্বাণাংশ্চ মণ্ডলে। বিলিখ্য বর্ণকৈঃ সম্যক্ তত্র রামং সমর্চ্চয়েৎ। ন্যায়ার্জ্জিতৈঃ সাধনৈশ্চ দানহোমার্চ্চনাদিকং। কুর্য্যাম্নচে দধো গচ্ছেদ্‌ভক্ত্যা কুর্ব্বন্নপি দ্বিজঃ। কুণ্ডান্তরেহপ্যেবমেবমারাধ্য জুহুয়াম্মুনে। ইতি বেদীলক্ষণং।

কোষ্ঠা যন্ত্রের জন্য মার্জ্জিত করিয়া রাখিবে। এবং তাহার পরের দুইপংক্তি মার্জ্জনা করিয়া তাহাতে দ্বাদশ রাশি ও কোণ কোষ্ঠা করিবে। আর বহির্দ্দেশের পংক্তিদ্বয় বহ্নি স্থাপনার জন্য মার্জ্জিত করিবে। শেষপংক্তিদ্বয়ের অধস্তন পংক্তির চারি কোষ্ঠা এবং উপরিতন পংক্তির দুই কোষ্ঠা এই ছয় কোষ্ঠাদ্বারা চতুর্দ্দিগেই চতুর্দ্বার করিয়া উক্তপংক্তিদ্বয়ের তিন তিন কোষ্ঠাতে শোভা ও উপশোভা করিবে। পঞ্চায়তন দীক্ষাতে এই সাধারণ নিয়ম জানিবে। বহির্ভাগে তিনটি বৃত্ত দিয়া তাহার মধ্যে অষ্টদলপদ্ম করিবে। ঐ বৃত্তত্রয় চন্দ্র সূর্য্য ও বহ্নির সদৃশ। তাহার বহিঃপ্রদেশে চতুরস্র এবং কর্ণিকার মধ্যভাগে ষট কোণ লিখিবে। পদ্মের পূর্ব্বদিগের পত্র পীতবর্ণ, পশ্চিমে শুক্লবর্ণ, উত্তরদিগের পত্র রক্ত, দক্ষিণের কৃষ্ণ, অগ্নিকোণের পাটল, নৈঋতে নীল, বায়ুকোণের ধূম্র এবং ঈশান কোণের পত্র গৌরবর্ণ এই নিয়মে অষ্টপত্র লিখিয়া মণ্ডলে শঙ্খ, চক্র, ধনু ও বাণ লিখিয়া মণ্ডলোপরি শ্রীরামের পূজা করিবে। ন্যায়োপার্জ্জিত বিত্তদ্বারাতেই দান ও যজ্ঞাদি কার্য্য করিবে। অন্যায়োপার্জ্জিত বিত্তদ্বারা ভক্তিপুরঃসর কার্য্য করিলেও

অথ স্রুচোলক্ষণং।

আগস্ত্যে।—স্রুচং বাহুপ্রমাণেন হোমার্থং বিদধীত বৈ। বিংশত্যংশৈর্ভবেদ্দণ্ডো বেদীতৈরষ্টভির্ভবেৎ। একাংশেন মিতঃ কণ্ঠঃ সপ্তাংশেন মিতং মুখং। বেদীত্র্যংশেন বিস্তারঃ কাণ্ঠস্য পরিকীর্ত্তিতঃ। মুখং কাণ্ঠপ্রমাণং স্যাৎ মুখে মার্গং প্রকল্পয়েৎ। কনিষ্ঠাঙ্গুলিমানেন সর্পিষোনির্গমায় চ। বেদীমধ্যে বিধাতব্যা ভাগেনৈকেন কর্ণিকা। বিদধীত বহিস্তস্যা একাংশেনাভিতো বটং। তস্য খাতং ত্রিভির্ভাগৈর্ব্বৃত্তমর্দ্ধাংশতোবহিঃ। অংশেনৈকেন পরিতো দলানি পরিকল্পয়েৎ মেখলা মুখবেদ্যোঃ স্যাৎ পরিতোর্দ্ধাংসমানতঃ। দণ্ডমূলাগ্রয়োঃ কুম্ভৌ গুণবেদাঙ্গুলৈস্তু ক্রমাৎ। গণ্ডীযুগ্মং সমাংশংস্যাৎ। দণ্ডস্যানাহ ঈরিতঃ ষড়্ভিরংশৈঃ পৃষ্ঠভাগো বেদ্যাঃ কূর্ম্মাকৃতির্ভবেৎ। হংসস্য বা হস্তিনো বা পোত্রিণোবা মুখংলিখেৎ। মুখস্য পৃষ্ঠ-

---

অধোগামী হইতে হইবে। আর কুণ্ডান্তর হইলেও এইরূপ নিয়মানু সারেই পূজা করিয়া হোমাদি করিবে।

অনন্তর স্রুক স্রুবের লক্ষণ অভিহিত হইতেছে। হোমার্থ বাহু প্রমাণ স্রুচ করিতে হয়, প্রথমত স্রুচের কাষ্ঠ খানিকে ৩৬ ভাগ অঙ্কিত করিয়া তাহার বিংশতি অংশদ্বারা দণ্ড নির্ম্মাণ করিবে এবং পূর্ব্বোক্ত অঙ্কিত ভাগের ৮ ভাগদ্বারা বেদীর আকৃতি করিবে আর একভাগে কণ্ঠ এবং সপ্তমভাগে মুখ নির্ম্মাণ করিবে। উক্ত কণ্ঠের বিস্তার বেদীর তিনভাগের একভাগ হইবে। কণ্ঠের পরিমাণানুসারে মুখ করিয়া তাহাতে ঘৃত নিঃসরণার্থ কনিষ্ঠাঙ্গুলি প্রবেশ হয় এইরূপ একটি পথ করিবে। আর পূর্ব্বোক্ত বেদীর মধ্য স্থানে একাংশ পরিমাণে কর্ণিকা করিবে। ঐ কর্ণিকার বহির্ভাগে চতুর্দ্দিকে একভাগদ্বারা কর্ণিবট্ করিবে ঐ বটের যে প্রমাণ তাহার ত্রিভাগ পরিমাণে তাহাতে খাত করিবে এবং তাহার বহির্ভাগে অর্দ্ধভাগ পরিমাণ বৃত্ত করিতে

ভাগে স্যাৎ সংপ্রোক্তং লক্ষণং শ্রুচঃ। শ্রুচশ্চতুর্ব্বিংশতি ভির্ভাগৈর্ব্বিরচয়েৎ স্রুবং। দ্বাবিংশত্যাদণ্ডমানং অংশৈরে-তস্য কীর্ত্তিতং। চতুর্ভিরংশৈরানাহঃ কর্ষাজ্যগ্রাহিত-চ্ছিরঃ। অংশদ্বয়েন নিখনেৎ পঙ্কে মৃগপদাকৃতিঃ। দণ্ড-মূলাগ্রয়োর্দ্দণ্ডীভবেৎ কঙ্কণভূষিতঃ। পলাশপত্রে নিশ্ছিদ্রে রুচিরে শ্রুক স্রুবৌ ততঃ। বিদধ্যাৎ বাশ্বত্থপত্রে সং-ক্ষিপ্তে হোমকর্ম্মণি।

শ্রুচং বাহু প্রমাণেন হোমার্থং বিদধীতবৈ। চতুরস্রং বিধায়াদৌ সপ্তপঞ্চাঙ্গুলং ক্রমাৎ। তৃতীয়াংশেন গর্ত্তং-স্যাৎ তদন্তর্বৃত্তশোভিতং। খাত্বা সমং তীর্য্যগর্দ্ধং তদধঃ শোধয়েদ্বহিঃ। চতুর্থাংশং চাঙ্গুলস্য শেষাচ্চার্দ্ধং তদ-স্ততঃ। রম্যাঞ্চ মেখলাংখাতে শিষ্টেনার্দ্ধেন কারয়েৎ। কুর্য্যাত্রিভাগাবিস্তারমঙ্গুষ্ঠেন সমাবৃতং। সার্দ্ধমঙ্গুষ্ঠ-কং বা স্যাৎ তদগ্রে তু মুখং ভবেৎ। চতুরঙ্গুলবিস্তারং

হইবে, ঐ বৃত্তের চতুর্দ্দিকে একভাগ পরিমাণে পত্র কল্পিত করিবে। আর মুখ ও বেদীর চতুর্দ্দিকে অর্দ্ধাংশ পরিমাণে মেখলা করিবে। দণ্ডের মূলে তিন অঙ্গুলি এবং দণ্ডের অগ্রভাগে চারি অঙ্গুলি পরিমাণে দুইটি কুম্ভ করিবে। আর তুল্যভাগে বলয় যুগ্ম অঙ্কিত করিবে। শ্রুকদণ্ডের পরিমাণ এই প্রকার কথিত আছে। অনন্তর পূর্ব্বোক্ত বেদীর পৃষ্ঠকে ৬ ভাগে বিভক্ত করিয়া পৃষ্ঠস্থানটিকে হস্তির পৃষ্ঠদেশের তুল্য নির্ম্মাণ করিবে। আর নির্ম্মিত মুখের পৃষ্ঠভাগে হংস এবং হস্তী ও বরাহের মুখের আকৃতি অঙ্কিত করিবে।

অনন্তর স্রুবের লক্ষণ কথিত হইতেছে। শ্রুচের ৩ ভাগের একভাগ পরিত্যাগ করিয়া তিনভাগ দ্বারা স্রুব নির্ম্মাণ করিতে হইবে। অর্থাৎ ষট্-ত্রিংশৎ ভাগেশ্রুক হইবে তাহার ১২অংশ পরিত্যাগ করিয়া ২৪ অংশদ্বারা স্রুব করিতে হইবে। উক্ত চতুর্ব্বিংশতি ভাগে ২২ অংশে স্রুবদণ্ড করিবে, অবশিষ্ট ২ ভাগদ্বারা স্রুবের মুখভাগ অঙ্কিত করিবে। ঐ মুখভাগ এইরূপ

পঞ্চাঙ্গুলমথাপি বা। ত্রিদ্ব্যঙ্গুলকং তস্য মধ্যাস্তন্তু শোভনং। শুষিরং কণ্ঠদেশে স্যাৎ বিশেষয়াবৎ কনীয়সী। শেষং কুণ্ডস্তু কর্ত্তব্যং যথারুচি বিচিত্রিতং। চষকেণ সমাযুক্তো হস্তমাত্রঃ স্রবো ভবেৎ। চতুষ্ককং শোভনং বৃত্তং দ্ব্যঙ্গুলং বিদধীত বৈ। যথাল্পপঙ্কে গোষ্পাদে সুচিরং দৃশ্যতে তথা। একস্মিন পুস্তকে এতাদৃশানি স্রুকস্রুবপ্রমাণানি।

ততঃ কুণ্ডস্থলং সম্যক্ গোময়েনোপলিপ্য চ। আদৌ বহ্নিমথং কুর্য্যাদুপবিষ্টঃ সুবিষ্টরে। প্রাণানায়ম্য মনসা জপেন্মন্ত্রমনন্যধীঃ। যাবন্মরুৎ সঞ্চরতি সর্ব্বাঙ্গেষ্বপি নিশ্চলঃ। সংকল্প্য স্থণ্ডিলে কুণ্ডে কৃত্বা রেখাশ্চ মধ্যতঃ। ষটকোণং বা ত্রিকোণং বা বহ্নিমন্ত্রাদধীত বৈ। প্রোক্ষ্যাপসার্য্য তৎ পশ্চাৎ দত্বা বিষ্টরমাদরাৎ। লক্ষ্মীমৃতুমতীং তত্র প্রভোর্নারায়ণস্য চ। গ্রাম্যধর্ম্মেণ সংজাতং বহ্নিং তত্র বিচারয়েৎ। প্রাথম্যবিধিনৈবাগ্নিমাহিতাগ্নের্গৃহাদপি।

অঙ্কিত করিবে যে তাহাতে কর্ষপরিমিত ঘৃত পরিমিত হয়। আর কর্দমে পতিত হরিণপদ চিহ্ন যেরূপ লক্ষিত হয় তদনুসারে উক্ত স্রুবের অগ্রভাগ নির্ম্মিত করিবে। স্রুবের অগ্রভাগ ও নিম্নভাগে বলয়যুক্ত কুম্ভদ্বয় নির্ম্মাণ করিতে হইবে। এই প্রকার স্রুক স্রুব প্রভৃতি অসংগটিত হইলে নিশ্ছিদ্র অশ্বত্থ পত্র দ্বারা অথবা পলাশপত্রদ্বারা স্রুকস্রুবাদি করিয়া তাহাদ্বারা হোম করিবে। স্রুক্‌ স্রুবের প্রমাণ প্রকান্তর ও মূল লিখিত হইয়াছে, অনাবশ্যক বলিয়া তাহার অনুবাদ করা হইল না।

অনন্তর অগ্নিস্থাপন বিধি কথিত হইতেছে। কুণ্ডস্থানে গোময় দ্বারা ভালরূপ লেপন করিয়া কুশাসনে উপবেশন পূর্ব্বক বহ্নিস্থাপন করিবে। প্রথমতঃ যেপর্য্যন্ত বায়ু সর্ব্বাঙ্গে সঞ্চরণ করিয়া নিশ্চল না হয় তাবৎকাল পর্য্যন্ত অনন্যচিত্ত হইয়া প্রাণায়াম ও মন্ত্র জপ করিয়া সংকল্প করিবে। অনন্তর স্থণ্ডিলে অথবা কুণ্ডে মধ্যস্থানে ত্রিকোণ অথবা ষটকোণ অথবা পূর্ব্বাগ্র

আনীয় চাদধীতাত্র কুশৈঃ প্রজ্বাল্য যত্নতঃ। সংপ্রোক্ষ্য যাজ্ঞিকৈঃ কাষ্ঠৈঃ পুনঃ প্রজ্বালয়েদপি। প্রাণায়ামং ততঃ কৃত্বা প্রবিস্তীর্য্য কুশাঙ্কুরান্। স্বগৃহ্যোক্তবিধানেন বাসু-দেবাদিমর্চ্চয়ে। তান্যবেক্ষ্য পবিত্রেণ চোত্তানানি বিধায় চ। পুনঃপ্রক্ষালয়েৎ পাত্রং পরিপূর্য্য শুভাম্বুনা। দত্বা-ক্ষতান্ পবিত্রঞ্চ তত্রোৎপূয় বিধায় তৎ। দিশ্যুত্তরস্যাং তৎপাত্রং প্রণীতেত্যুচ্যতে বুধৈঃ। তত্রার্চ্চয়েৎ প্রভুং বিষ্ণুং ব্রহ্মাণং ব্রাহ্মণৈর্যুতং। আজ্যং সংস্কৃত্য বিধিবৎ স্রুক্ স্রুবাবোমিতি ব্রুবন্। গর্ভাধানাদিকং বহ্নের্ব্বিবাহা-ন্তং সমাচরেৎ। অষ্টাবষ্টৌ চ তারেণ চৈকৈকস্য চ কর্ম্মণঃ। জুহুয়াদর্চ্চিতে বহ্নৌ বৌষড়ন্তং সমাপ্য চ। ইধ্মা-দানাদ্যগ্নিমুখাজ্যভাগৌ জুহুয়াৎ পুনঃ। ইত্যগ্নিমুখং।

---

রেখাত্রয় লিখিয়া প্রোক্ষণ করিতে হইবে। অনন্তর কুণ্ডমধ্যে অথবা স্থণ্ডিলে বিষ্টর প্রদান করিয়া মদনাতুরা ঋতুমতী লক্ষ্মীর অর্চ্চনা করিবে। অনন্তর অগ্নিকে লক্ষ্মীনারায়ণের সঙ্গমে উৎপন্ন চিন্তা করিয়া সাগ্নিকের গৃহ হইতে অগ্নি আনয়ন করিয়া কুশাদ্বারা প্রজ্বলিত করিবে। এবং শুদ্ধ জলের প্রোক্ষণ করিয়া যজ্ঞীয় কাষ্ঠদ্বারা অগ্নিকে পুনর্ব্বার অতিশয় প্রজ্বলিত করিবে। অনন্তর প্রাণায়াম করিয়া কুশাঙ্কুর বিস্তৃত করিয়া তাহাতে বিধানা-নুসারে পাত্রাসাদন করিবে। অনন্তর প্রণীতাদি পাত্রসকল উত্তানী-কৃত করিয়া রাখিয়া পুনর্ব্বার প্রক্ষালন করত শুদ্ধ জলদ্বারা পরিপূর্ণ করিবে। আর ঐ প্রণীতাতে আতপ তণ্ডুল ও পবিত্র ক্ষেপণ করিয়া ঐ পবিত্রদ্বারা প্রণীতার জল উৎপ্লবন ও ক্ষেপণ করিবে এবং ঐ প্রণীতাপাত্রটিকে অগ্নির উত্তর দিকে স্থাপিত করিবে। অনন্তর ঐ অগ্নিতে বিষ্ণু ও ব্রাহ্মণের সহিত ব্রহ্মাকে অর্চ্চনা করিবে এবং বিধিপূর্ব্বক আজ্য ও স্রুক স্রুব প্রভৃতির সংস্কার করিয়া (ওঁ) এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অর্চ্চিত বহ্নিতে অগ্নির গর্ভাধান হইতে বিবাহ পর্য্যন্ত প্রত্যেক সংস্কারের ৮টি হোম করিয়া বড়জ হোম করিবে। অনন্তর গন্ধ পুষ্পাদিদ্বারা অগ্নির অর্চ্চনা করিয়া ইধ্মাদানাদি আজ্য-

এবমগ্নৌ সুসম্পন্নে বৈষ্ণবং শ্রপয়েচ্চরুং। সাঙ্গাবরণ-মন্ত্রাগ্নৌ পূজয়েদ্রঘুনন্দনং। সমিদাজ্যচরূণাঞ্চ প্রত্যেকং ষোড়শাহুতীঃ। জুহুয়ান্মূলমন্ত্রেণ পরিবারেভ্য এব চ। তিস্রো বিনায়কাদিভ্যঃ সর্ব্বেভ্যোহপ্যাহুতীর্মুনে। দ্বারাঙ্গপরিবারেভ্যঃ স্থরেভ্যো জুহুয়াৎ পুনঃ। হুত্বা তেনাহুতীস্তত্র প্রদদ্যাত্তত্তদাপ্তয়ে। অঙ্গাদিবৈষ্ণবান্তেভ্যস্তিস্র আজ্যাহুতীঃ পৃথক্। ততঃ স্বিষ্টিকৃতং হুত্বা ঘৃতেন মুনি-সত্তম। অনেন বিধিনা সম্যক্ পরিষিচ্য সমন্ততঃ। প্রণীতা-মার্জ্জনং কৃত্বা দদ্যাচ্চ ব্রহ্মদক্ষিণাং। স্বস্ববিত্তানুসারেণ লোভমোহবিবর্জিতঃ। ততো ব্রহ্মাণমুদ্বাস্য ব্রাহ্মণান্ ভোজয়েত্ততঃ। অগ্নিমধ্যগতং দেবং পুনঃ স্বাত্মনি যোজ-য়েৎ। একীভূতং বিচিন্ত্যৈবং বাচয়েৎ স্বস্তিবাচনং। সাশীর্ব্বচোভির্ব্বিদুষাংমেধ্যমানঃ সুখী ভবেৎ। হুতশেষং

---

ভাগান্ত কার্য্য সমাপন করিয়া প্রধান হোমাদি করিবে। বিশেষ পরেই লিখিত হইবে। ইত্যগ্নিস্থাপনং।

অনন্তর প্রকৃত হোম কথিত হইতেছে। এই প্রকার বিধানানুসারে অগ্নি সংস্থাপিত হইলে যথাবিধি বৈষ্ণব চরুশ্রপণ করিয়া, অগ্নিতে অঙ্গ ও আবরণ দেবতাগণের সহিত রঘুনন্দনের পূজা করিবে এবং যথোক্ত সমিধ, ঘৃত ও চরু ইহার প্রত্যেক দ্বারা রামের মূলমন্ত্র উচ্চারণ করিয়া ষোড়শাহুতি প্রদান করিবে। এবং বিনায়কাদি সমস্ত পরিবার দেবতা সকলের ও প্রত্যেকে উক্ত প্রত্যেকদ্রব্যদ্বারা তিন তিনটি করিয়া আহুতি দিয় পুনর্ব্বার আজ্যদ্বারা দ্বারদেবতা, পীঠ দেবতা ও অঙ্গ দেবতা প্রভৃতির আহুতি প্রদান করিবে।এবং অঙ্গাদিবৈষ্ণবান্ত সকলের পৃথক পৃথক তিন তিনটি আহুতি দিবে। অনন্তর ঘৃতদ্বারা স্বিষ্টিকৃৎ হোম সমাপন করিয়া বিধানানুসারে জল-সেক ও প্রণীতামার্জ্জন করিয়া ব্রহ্মদক্ষিণা করিবে। অনন্তর শিষ্য নিজের বিত্তানুসারে লোভ মোহ বর্জ্জিত হইয়া ব্রাহ্মণ ভোজনাদি ব্যাপার সকল নির্ব্বাহ করিয়া অগ্নিমধ্যস্থিত নিজের দেবতাকে আত্মার সহিত যোগ

ততঃ প্রাশ্য কুক্কুটাণ্ডপ্রমাণকং। মন্ত্রিতং রামগায়ত্র্যা ততস্তস্মৈ বলিং হরেৎ। সান্নিধ্যাবপি দেবস্য বাহ্যাস্তর্দ্দিক্ষু চাম্বুধা। নিত্যনৈমিত্তিকে কাম্যেপ্যাহুতেদগ্নিমুখং স্মৃতং। সর্ব্বত্রাভ্যুদয়শ্রাদ্ধমঙ্কুরারোপণং তথা। আদাবেব প্রকুর্ব্বীত কর্ম্মণোহভ্যুদয়ার্থদং। ইতি হোমবিধিঃ।

কলসস্থায় রামায় দদ্যাৎ পুষ্পাঞ্জলিত্রয়ং। ততঃ শিষ্যমুপানীয় ভক্তিনম্রমকল্মষং। প্রাণানায়ম্য বিধিবদ্ভূতশুদ্ধিং বিধায় চ। সুরাস্ত্বামিতি মন্ত্রেণ বহুভির্ব্রাহ্মণৈঃ সহ। অভিষিঞ্চেচ্চ তং মূর্দ্ধ্নি তদেতৎকলসোদকং। ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথ স্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায়তে। আখণ্ডলোহগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো-দিক্‌পালাঃ পান্তু তে সদা। কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তির্ম্মায়ানিদ্রা চ ভাবনা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু দেবপত্ন্যঃ সমাগতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ। ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাংগণাঃ। অস্ত্রাণি সর্ব্বশাস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি

করিবে। এবং আত্মাও দেবতা এক হইল ইহা চিন্তা করিয়া ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন বলাইবে। ব্রাহ্মণগণের আশীর্ব্বাদে বর্দ্ধিষ্ঠ হইয়া চিরদিন সুখভোগ করিবে। অনন্তর শ্রীরামের গায়ত্রী পাঠ করিয়া কুক্কুট (পক্ষিবিশেষ) ডিম্ব পরিমাণ মস্ত্রাংশন ভোজন করিবে এবং সঞ্জীব অন্নদ্বারা দেবতার সমীপে দশদিকে বলি প্রদান করিবে। নিত্য, নৈমিত্তিক ও কাম্য সাধারণেই এই

কালস্যাবয়বাশ্চযে। সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে। ইতি বশিষ্ঠসংহিতোক্তো অভিষেকমন্ত্রাঃ।

নারায়ণঃ স্বয়ং রামঃ শিষ্যে সন্নিদধাতু বৈ। সর্ব্বগঃ সর্ব্বতোঽপ্যাস্তু প্রসীদতু কৃপানিধিঃ। ইতি সংস্কৃত্য সংস্কৃত্য তজ্জলৈরভিষেচয়েৎ। পরিধাপ্য সুবাসশ্চ চন্দনাদ্যবলিপ্য চ। কুণ্ডলে চাঙ্গুলীয়ঞ্চ ধারয়িত্বা ন্যসেত্ততঃ। বৈষ্ণবীং মাতৃকাঞ্চৈব তত্বন্যাসং বিশারদঃ। তন্মূর্ত্তিপঞ্জরন্যাসমৃষ্যাদিন্যাসমেব চ। পূর্ব্ববদ্ বিধিবৎ শিষ্যতনাবেবং প্রবিন্যসেৎ। ততস্তচ্ছিরসি স্বস্য হস্তং দত্বা শতং জপেৎ। অষ্টোত্তরং ততো মন্ত্রং দদ্যাদুদকপূর্ব্বকং। আবয়োস্তুল্য ফলদো ভবত্বেবমুদীরয়েৎ। প্রসন্নবদনস্তস্মৈ শিষ্যায় মুনিপুঙ্গব। স্বতো জ্যোতির্ম্ময়ীং বিদ্যাং গচ্ছন্তীং ভাবয়েদ্‌গুরুঃ। আগতাং ভাবয়েচ্ছিষ্যোধন্যোঽস্মীতি বিশেষতঃ। কৃতকৃত্যস্তথা শিষ্যঃ সর্ব্বং তস্মৈ নিবেদয়েৎ। যচ্চ যাবচ্চ তদ্ভক্ত্যা গুরবে হৃষ্টচেতনঃ। গোভূহিরণ্যবিপিনগৃহক্ষেত্রাদিকং বহু। নচেদর্দ্ধং তদর্দ্ধং বা তদ্দশাংশমথাপি বা। অক্লেশাদন্নবস্ত্রাদি দদ্যাদ্ বিত্তানুসারতঃ। শ্রীভাগবতে।—ইয়মেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যা গুরুনিষ্কৃতিঃ। যদ্বা বিশুদ্ধ ভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরাবিতি। প্রকারান্তরমালম্ব্য

---

রূপ হোম বিধান আভ্যুদয়িক শ্রাদ্ধ ও অঙ্কুরারোপণ প্রভৃতি আদিতে করিয়া পরে প্রধান কার্য্য আরম্ভ করিবে তবেই কার্য্যে মঙ্গল হইবে।

ইতি হোম বিধি।

অভিষেক বিধি কথিত হইতেছে। গুরু কলসস্থ রামকে পুষ্পাঞ্জলি দিয়া ভক্ত ও নিষ্পাপী শিষ্যকে সমীপস্থ করিয়া প্রাণায়াম ও ভূত শুদ্ধি

গুরুং যত্নেন তোষয়েৎ। গুরুপুত্রকলত্রাদীংস্তোষয়েৎ কণকাদিভিঃ। অর্হণাভিশ্চ বহুধা ভক্ত্যাচ্ছাদনভূষণৈঃ। এবমুক্তপ্রকারেণ গুরবে দত্তদক্ষিণঃ। কৃতকৃত্যং তথাত্মানং মত্বা বিপ্রাংশ্চ ভোজয়েৎ। তেভ্যোঽপি দক্ষিণাং দত্বা সর্ব্বং তৎপরিপূরয়েৎ। ব্রাহ্মণাশীর্ব্বচোভিশ্চ গুর্ব্বাশীর্ভিঃ সমেধিতঃ। বিসর্জ্জয়েচ্চগুর্ব্বাদীন্ ততো ভুঞ্জীত মন্ত্রবিৎ। এবং লব্ধমনুর্ব্বিপ্রঃ কৃতার্থঃ স্যান্ন সংশয়ঃ। ইতি দীক্ষাপ্রকারঃ।

---

প্রভৃতি করিবে। অনন্তর বহুতর ব্রাহ্মণের সহিত (সুরাস্তামভি-বিঞ্চন্তু) ইত্যাদি মন্ত্রে কলসস্থ জল দ্বারা শিষ্যের মস্তকে অভিষেক করিবে। সগুণ স্বয়ং দয়াময় রাম শিষ্যের সন্নিহিত হইয়া প্রসন্ন হউন এই বলিয়া কলসস্থ জল দ্বারা অভিষেক সম্পাদন হইলে শিষ্য উত্তম বস্ত্রাদি পরিধান করত চন্দনাদি দ্বারা শরীরে অবলেপন এবং কুণ্ডল যুগল ও অঙ্গুরীয়ক প্রভৃতি অলঙ্কার ধারণ করিবে। অনন্তর গুরু শিষ্যের শরীরে মাতৃকা, ঋষ্যাদি ও মূর্ত্তিপঞ্জর প্রভৃতি ন্যাস সকল করিবেন। এবং শিষ্যের মস্তকে জল প্রদান পূর্ব্বক নিজের হস্ত রাখিয়া অষ্টোত্তরশত মূলমন্ত্র জপ করিয়া ইষ্টদেব আমাদের উভয়েরই তুল্যফলপ্রদ হইলেন এই বলিয়া প্রসন্নচিত্তে নিজের আত্মা হইতে জ্যোতিঃ স্বরূপা বিদ্যা শিষ্যে সংক্রান্ত হইল এইরূপ চিন্তা করি-বেন। শিষ্যকেও ধন্য এবং কৃতকার্য্য মন্যমান করিয়া সন্তুষ্ট চিত্তে গো, ভূমি, কাঞ্চন, উপবন ও গৃহ প্রভৃতি সকল সম্পত্তি ভক্তি পুরঃসর গুরুপদে নিবেদন করিতে হইবে। অশক্ত হইলে তদর্দ্ধ কিম্বা চতুর্থাংশ অথবা দশাংশ অর্পণ করিবে। একান্ত অশক্ত হইলে বিত্তানুসারে অন্ন বস্ত্রাদি দ্বারা সন্তুষ্ট করিবে। ভাগবতে লিখিত আছে ভক্তশিষ্য সমস্ত সম্পত্তি ও আত্মাকে সমর্পণ করিয়া গুরুর নিকট নিষ্কৃতি লাভ করিবে। এবং গুরুপুত্র গুরুপত্নী প্রভৃতিকে ও ভক্তি পূর্ব্বক অর্চ্চনা করিয়া স্বর্ণ অলঙ্কার ও বস্ত্রাদিদ্বারা সন্তুষ্ট করিবে। এই প্রকার গুরুকে দক্ষিণা দিয়া কৃতার্থম্মন্য হইয়া ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া ভোজন দক্ষিণা দিবে। অনন্তর গুরু এবং ব্রাহ্মণের আশীর্ব্বাদ গ্রহণ করিয়া তাহাদিগকে বিদায় করিয়া নিজে ভোজন করিবে। এইরূপ বিধানানুসারে দীক্ষিত হইলে নিশ্চয়ই কৃতার্থ হইবে।

দীক্ষাং বক্ষ্যেঽথ সংক্ষিপ্তামশক্তাবার্য্যসম্মতাং। তন্ত্র-সারে।—যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ। ন তিথির্ন ব্রতং হোমো ন স্নানং ন জপক্রিয়া। দীক্ষায়াঃ কারণং কিন্তু স্বেচ্ছাবাপ্তে তু সদ্গুরাবিতি। তদেব লগ্নং সুদিনং তদেব তারাবলং চন্দ্রবলং তদেব। বিদ্যাবলং দৈববলং তদেব লক্ষ্মীপতে রঙ্‌ঘ্রি যুগং স্মরামি। স্বচিন্তনে চ। মুহূর্ত্তে সর্ব্বতোভদ্রে ন বকুম্ভং বিধায় চ। সোদকং গন্ধপুষ্পাভ্যামর্চ্চিতং বস্ত্র-সংবৃতং। সর্ব্বৌষধীপঞ্চরত্নপঞ্চপল্লবসংযুতং। ততো-দেবার্চ্চনং কৃত্বা হুনেদষ্টোত্তরং শতং। শিষ্যং স্বলঙ্কৃতং বিদ্বা-নুপাগ্নি চোপবেশয়েৎ। মন্ত্রিতং প্রোক্ষণীতোয়ৈঃ শান্তিকুম্ভ জলৈস্তথা। মূলমন্ত্রেণাষ্টশতমন্ত্রিতৈরভিষেচয়েৎ। অথ সম্পাদয়েন্মন্ত্রং হস্তং শিরসি ধারয়েৎ। সমোঽস্ত্বিত্য-ক্ষতান্ দদ্যাদথ শিষ্যোঽর্চ্চয়েদ্‌গুরুং।

অত্রাপ্যশক্তঃ কশ্চিচ্ছেদজমভ্যর্চ্চ সাক্ষতং। তদ-স্বনাভিবিচ্যাষ্টবারং মূলেন মস্তকে। নিধায়াষ্টৌ জপেৎ

---

অনন্তর সংক্ষিপ্তদীক্ষাবিধান কথিত হইতেছে। তন্ত্রসারে লিখিত আছে—গুরুর আজ্ঞানুসারে যে সময় ইচ্ছা হইবে সে সময়ই মন্ত্রগ্রহণ করিতে পারিবে। গুরুর অভিপ্রেতদিনে তিথি বিচার, হবিষ্যাশন, হোম, স্নান ও জপ প্রভৃতি কিছুই আবশ্যকীয় নহে।

গুরুর ইচ্ছা হইলেই সাধকের পক্ষে এইরূপ বিবেচনা করিতে হইবে যে, অদ্য শুভদিন, শুভলগ্ন, শুভনক্ষত্র, দৈববল, বিদ্যাবল, তারাবল আর চন্দ্রবল সমস্তই হইল।

সংপ্রতি কার্য্যপদ্ধতি বিবৃত হইতেছে। গুরু নিজের অভিপ্রেত দিনে মুহূর্ত্তসময়ে সর্ব্বতোভদ্রমণ্ডলোপরি নূতন বস্ত্র, পঞ্চপল্লব, পঞ্চরত্ন গন্ধপুষ্প সর্ব্বৌষধীযুক্ত জলপূর্ণ নূতন কুম্ভ স্থাপিত করিয়া তাহাতে যথাবাধ দেবতার অর্চ্চনা করিয়া স্থণ্ডিলে অষ্টোত্তরশত হোম করিবেন। অনন্তর অলঙ্কারাদি বিভূষিত শিষ্যকে অগ্নিসমীপে উপবেশন করাইয়া অষ্টোত্তরশত মূলমন্ত্রে

কর্ণে উপদেশে স্বয়ংবিধিঃ। চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে। মন্ত্রমাত্রপ্রকথনমুপদেশঃ স উচ্যতে। ইত্যুপদেশঃ।

দ্বিবিধং স্যাল্লকমনোর্ব্বাহ্যাভ্যন্তরমুপাসনং। অভ্যাসিনাঞ্চান্তরং প্রোক্তমন্যেষামুভয়ন্তথা। পঞ্চবর্ণাত্মিকা শক্তির্ব্বিন্দ্বাখ্যা সমুদাহৃতা। নাদাত্মকে শিবে ষষ্ঠে সংহৃত্যাত্মানুচিন্তনং। আত্মনস্তত্ত্বচিন্তা তু তস্যাপ্যাত্মনি চিন্তনং। উভয়োরৈক্যচিন্তা তু উভয়ান্তরমান্তরং। (তত্ত্বমান্তরমান্তরং)। দ্রব্যাদ্যারাধনং বাহ্যং গৃহস্থস্য তদপ্যথ। তদেবোক্তং সংহিতায়াং শম্ভুনা শাম্ভবীং প্রতি। ন গৃহী জ্ঞানমাত্রেন পরত্রেহ চ মঙ্গলং। প্রাপ্নোতি চন্দ্রবদনে দানহোমাদিভির্ব্বিনা। গৃহস্থো যদি দানাদি দদ্যান্ন জুহুয়াদপি।

---

অভিমন্ত্রিত প্রোক্ষণীপাত্র ও শান্তিকুম্ভের জল দ্বারা অভিষিক্ত করিয়া শিষ্যের মস্তকোপরি হস্ত প্রদান পূর্ব্বক ইষ্টমন্ত্র বলিয়া সমোহস্ত এই বলিয়া তণ্ডুল বিক্ষেপ করিবেন। অনন্তর শিষ্য যথাশক্তি গুরুকে অর্চ্চনা করিয়া আশীর্ব্বাদাদি গ্রহণ করিবে।

ইহাতেও যে সাধক অশক্ত হইবে তাহার পক্ষে গুরু সংক্ষিপ্তবিধানে ইষ্টদেবের পূজা সমাপন করিয়া অর্ঘ্য পাত্রস্থ জল দ্বারা মূলমন্ত্রে ৮বার অভিষেক করিয়া মস্তকে হস্তার্পণ করিয়া কর্ণে ইষ্টমন্ত্র বলিবেন।

উপদেশ——চন্দ্রসূর্য্যগ্রহণসময়ে, তীর্থ স্থানে, প্রসিদ্ধ স্থানে ও শিবালয়ে মন্ত্রমাত্র কথনের নাম উপদেশ।

দীক্ষিত ব্যক্তির উপাসনা দ্বিবিধ—বাহ্য ও আন্তর (মানসিক) তন্মধ্যে যাহারা অভ্যাসশীল তাঁহাদের আন্তরিকী উপাসনা, তদতিরিক্তের আন্তর আরাধন বাহ্য আরাধন উভয়বিধই হইতে পারে। ওং এই যে পঞ্চবর্ণাত্মিকা শক্তি ইহাকে বিন্দু বলে এই শক্তিকে ষষ্ঠ যে সহস্রার স্থিতনাদ (৺) রূপ শিব তাঁহাতে সংশ্লিষ্ট করিয়া সেই পরমাত্মার যে চিন্তা করা এবং আত্মতত্ত্ব সকল চিন্তা করত আত্মাওতত্ত্ব সকল এই উভয়ের যে ঐক্যচিন্তা ইহার নাম

গৃহস্থৈর্বিধিনা নৈব কঃ কুর্য্যাদেতদন্বহং। ন ব্রহ্মচারিণো দা-
তুমধিকারোঽস্তি ভাবিনি। গুরুভ্যোঽপ্যত্র সর্ব্বেভ্যঃ কো-
বা দাস্যত্যপেক্ষিতং। নারণ্যবাসিনাং শক্তিন তে সন্তি
কলৌ যুগে। পরিব্রাড্জ্ঞানমাত্রেণ দানহোমাদিভির্ব্বিনা।
সর্ব্বদুঃখপিশাচেভ্যো মুক্তো ভবতি নান্যথা। পরিব্রাড়-
বিরক্তশ্চ বিরক্তশ্চ তথা গৃহী। কুম্ভীপাকে নিমজ্জতাং
তাবুভৌ কমলাননে। পুণ্যস্ত্রিয়ো গৃহস্থাশ্চ মঙ্গলৈর্ম্মঙ্গ-
লার্থিনঃ। পূজোপকরণৈঃ কুর্য্যুর্দ্দদ্যুর্দ্দানানি চান্বহং।
বানপ্রস্থাশ্চ যতয়ো যদ্যেবং কুর্য্যুরন্বহং। সংসারান্ন নি-
বর্ত্তন্তে বিধ্যতিক্রমদোষতঃ। আরূঢ়পতিতা হ্যেতে ভবে-
য়ুর্দ্দুঃখভাজনং। অহিংসা পরমো ধর্ম্মস্তেষামেষা ন পদ্ধতিঃ।

আন্তর উপাসনা এবং গৃহস্থ ব্যক্তির নানাবিধ দ্রব্য দ্বারা দেবতার যে আরা-
ধনা করা তাহাকে বাহ্য উপাসনা বলে। সংহিতাতে শিব ও ভগবতীর
নিকট বলিয়াছেন যে, চন্দ্রবদনে! পূজা দান ও যজ্ঞাদি ব্যতিরেকে কেবল
জ্ঞানমাত্রে ইহ কালে ও পরকালে সুখোপভোগরূপ ফল প্রাপ্ত হইতে পারিবে না।
গৃহস্থই যদি প্রতিদিন যথাবিধি দান, হোম ও অর্চনাদি না করে তবে আর
কে করিবে? ব্রহ্মচারীর দান করিতে অধিকারই নাই, বনবাসী দিগেরও
তাহাতে শক্তি নাই, বিশেষ কলিযুগে বনবাসী প্রায় নাই বা কোথায়?
ভিক্ষুক সকলই দান হোমাদি ভিন্ন কেবল জ্ঞানমাত্রে সমস্ত দুঃখরূপ পিশাচ
হইতে মুক্তিলাভ করে। কমলাননে। অবিরাগী ভিক্ষুক এবং বিরাগী গৃহস্থ
এই উভয়কে কুম্ভীপাক নরক ভোগ করিতে হয়। গৃহিণী ও গৃহস্থ সকল
ইহারা প্রতিদিন মঙ্গল কামনা করিয়া নানাবিধ মাঙ্গল্য উপকরণ দ্বারা
পূজা ও নানাবিধ দান করিবে। বনবাসী যতিগণ যদি গৃহস্থের ন্যায়
পূজা ও দানাদি করে তবে ইহারা বিধিকে অতিক্রম করা নিবন্ধন সংসার
হইতে নিবৃত্তি লাভ করিতে পারে না এবং চিরদিন দুঃখের ভাজন ও পতিত
হইয়া থাকিতে হয়। হিংসা না করাই যতিদিকের পরমধর্ম্ম ইহাদের পক্ষে

ন হিংসাব্যতিরেকেণ লভ্যন্তে তানি তানি বৈ। ভাবনাকল্পিতৈঃ পূজা সাধনৈরেব যুজ্যতে। ন বহির্যোগযুক্তানাং অন্তস্তেষাং প্রশস্যতে। আত্মানং সততং রামং সম্ভাব্য বিহরন্তি যে। তেষাং ন দুষ্কৃতং কিঞ্চিদ্দুষ্কৃতোত্থা ন চাপদঃ। যতিভির্ভাবিতৈর্দ্রব্যৈঃ পূজ্যো রামোঽন্বহং ততঃ। সংপাদিতৈর্গৃহস্থৈশ্চ স এব ক্রম উচ্যতে। ইত্যুপাসনা।

ইতি শ্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীমন্মুকুন্দানন্দ।
চরণ শিষ্যানন্দবন বিরচিতায়াং রামার্চ্চন-
চন্দ্রিকায়াং প্রথমঃ পটলঃ॥

গৃহস্থের ন্যায় বিধি হয় না যেহেতু হিংসা ব্যতিরেকে সেই সকল উপকরণাদির সম্ভব হয় না অতএব যতিদিকের চিন্তা দ্বারা কল্পিত উপচারেই আরাধনা করা উপযুক্ত। আর গৃহস্থের পক্ষেও কেবল মানসিক আরাধন প্রশস্ত নহে। যাহারা অবিরত আত্মাকে রামরূপে চিন্তা করে তাহাদের দুরিত নিকর ও বিপদসকল বিদূরিত হয়। পর্য্যবসানে যতি ও গৃহস্থ সম্বন্ধে এই নিয়ম অভিহিত হইল যে, যতিগণ মানসিক দ্রব্য দ্বারা এবং গৃহীগণ নানাবিধ উপপাদিত দ্রব্য দ্বারা প্রতিদিন শ্রীরামের আরাধনা করিবে।

প্রথম পটল সমাপ্ত।

# দ্বিতীয়ঃ পটলঃ।

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে। তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া। পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতিগৃহীতয়া। অতস্তে চ দ্বিজশ্রেষ্ঠা বর্ণাশ্রমবিভাগকে। স্বনুষ্ঠিতস্য ধর্ম্মস্য সংসিদ্ধির্হরিতোষণং। তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাং পতিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যশঃ। অব্যক্তব্রহ্মসেবী চ নির্ব্বিঘ্নং ন পরং ব্রজেৎ। দুর্জ্জয়ো হ্যরিষড়্‌বর্গো মূর্ত্তং ব্রহ্ম ততো ভজেৎ।

## ইতি ভক্তিমার্গঃ।

---

অনন্তর ভক্তিমার্গ প্রদর্শিত হইতেছে। তত্ত্ববিদগণ যাহাকে অদ্বৈত বলিয়া জানেন এবং যিনি ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান এই শব্দত্রয়ের প্রতিপাদ্য, মুনিগণ তাঁহাকে দৃঢ় বিশ্বাসী হইয়া জ্ঞানবৈরাগ্যযুক্ত এবং শ্রুতি নির্ব্বাচিত ভক্তি দ্বারা আত্মাতে সেই পরমাত্মাকে দেখিতেছেন, এই জন্যই মুনিগণ বর্ণাশ্রম বিভাগে দ্বিজশ্রেষ্ঠ। হরির সন্তোষই সম্যক্ প্রকারে অনুষ্ঠিত ধর্ম্মের ফলপ্রাপ্তি, এই হেতুই সেই ভগবান যাদবেশ্বর সর্ব্বদা চিন্তনীয়, পূজনীয়, শ্রবণীয় এবং প্রসংশনীয়। যিনি অব্যক্ত ব্রহ্মোপাসক হন তিনি নির্ব্বিঘ্নে সদ্গতি লাভ করিতে পারেন না যেহেতু কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্যরূপ অরিকুল দুর্জ্জয়। অতএব সেই মূর্ত্তিমান ব্রহ্মকে উপাসনা করিবে।

স্বীয় স্বীয় ধর্ম্ম অবলম্বন করিয়াই উপাসনা করা আবশ্যক যেহেতু স্বধর্ম্ম

বিনা স্বধর্ম্মং যৎকিঞ্চি দ্দেবতারাধনাদিকং। পরিভ্রংশ্যেত্ত যতস্মাৎ ক্ষণাৎ সৈকতহর্ম্মাবৎ। ইতি ধর্ম্মনিষ্ঠা।

ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় চিন্তয়েদ্রঘুনন্দনং। রামরামেতি রামেতি তারকাখ্যং পরং স্মরেৎ। শ্রীপূর্ব্বং জয়মধ্যস্থং দ্বির্জ্জয়ান্তং বিচক্ষণঃ। প্রাতঃ স্মরামি দিননায়কবংশ-ভুষং বেদান্তবেদ্যমভয়ং কৃতরাজবেশং। বৈদেহিলক্ষ্মণ-যুক্তং ভুবনাভিরামং সংসারসর্পগরলোপশমায় রামং। প্রাতঃ স্মরামি চরিতং ছুরিতং নিহন্তুং রামস্য তস্য পলভক্ষ-কৃতান্তকস্য। যঃ সিন্ধুবন্ধকথয়া ভববন্ধহন্তা রাজ্যং তনোতি চ বিভীষণরাজ্যদাতা। প্রাতঃ করোমি কলিকল্মষ-

হইতে পরিভ্রষ্ট হইয়া যে দেবতার উপাসনা করা হয় তাহা হইতে কর্দ্দম-ময় প্রাসাদের ন্যায় তৎক্ষণেই অধঃপতিত হইতে হয়।

সংপ্রতি স্মরণবিধি অভিহিত হইতেছে। ব্রাহ্ম মুহূর্ত্তে গাত্রোত্থান করত শ্রীরাম রাম জয় রাম জয় জয় এই তারকব্রহ্মনাম উচ্চারণ করিয়া রঘু-নন্দনকে স্মরণ করিবে। এবং প্রাতঃ স্মরামি দিননায়কবংশভূষং বেদান্ত বেদ্যমভয়ং কৃতরাজবেশং ইত্যাদি মূলোক্ত স্তব পাঠ করিবে। স্তোত্রার্থ— যিনি দিবাপতি বংশের ভূষণ স্বরূপ, বেদান্ত দ্বারা বোধবিষয়, সৌম্য মূর্ত্তি, রাজবেশভূষাতে বিভূষিত, জানকী ও লক্ষ্মণের সহিত বিরাজমান এবং বিশ্বমনোরম, আমি সংসাররূপ ভুজঙ্গবিষ নিবারণের জন্ত সেই শ্রীরামকে প্রাতঃসময়ে চিন্তা করি এবং মাংসাশী রাক্ষসকুলের কালস্বরূপ আর যাহাকে সমুদ্রবন্ধন মোচন প্রস্তাবনাদ্বারা সংসার বন্ধন নিবারক এবং বিভী-ষণকে রাজ্য প্রদান করিয়া ছিলেন ইহাদ্বারা রাজ্যদাতা জানা যাইতেছে আমি পাপাপনোদনের জন্য প্রাতঃসময়ে সেই শ্রীরামচন্দ্রের সুচারু চরিত্র স্মরণ করি। আমি সেই অভ্যন্তরস্থিত মনোহর জগদ্ব্যাপী কলেবর সচ্চি দানন্দময় শ্রীরাম কর্ত্তৃক নিযুক্ত হইয়া কলি কলুষ বিনাশক কর্ম্ম করিতেছি। এই যে সকল প্রাতঃকালীন কার্য্য করিতেছি ইহা আমার ভক্তিকর ও সুখ-

নাশকর্ম্ম তচ্চন্দ্রপদং ভবতু ভক্তিকরং পরং মে। অন্তঃ স্থিতেন সুখজ্ঞানচিদাত্মকেন রামেণ রাজ (রম্য) গুরুস্নেহবতা নিযুক্তঃ। শ্লোকত্রয়ং যঃ পঠতি প্রভাতে শ্রীরামচন্দ্রার্পিত চিত্তবুদ্ধিঃ। আয়ুঃ শ্রিয়ং কীর্ত্তিমনন্তসৌখ্যং লব্ধা চিরং রামপদং স এতি। গুর্ব্বর্থে ত্যক্তরাজ্যো ব্যচরদনুবনং পদ্মপদ্ভ্যাং প্রিয়ায়াঃ পাণিস্পর্শাক্ষমেণোমৃজিতপথি-রুজো যো হরীন্দ্রানুজেন। বৈরূপ্যাৎশূর্পণখ্যা প্রিয়-বিরহরুষারোপিতভ্রূবিজৃম্ভত্রস্তাব্ধির্ব্বদ্ধসেতুঃ খলদববহনঃ কোশলেন্দ্রোহবতান্নঃ। ইতি স্মরণং।

সন্ধ্যাসুদঙমুখোহহ্ন্যপি নিশি তু পুনর্দ্দক্ষিণাস্যো নিবীতী কুর্য্যান্মূত্রাদিশৌচং বহিরথ সলিলৈস্তত্র লিঙ্গে মৃদেকা। পঞ্চাপানেহথ হস্তে দশ পুনরুভয়োঃ সপ্ত বৈ তদগৃহস্থে

প্রদ হউক। যে ব্যক্তি শ্রীরামচন্দ্রে মন ও বুদ্ধিকে অর্পিত করিয়া প্রাতঃসময়ে এই শ্লোকত্রয় পাঠ করে সে দীর্ঘায়ু, সমৃদ্ধি, কীর্ত্তি ও অপার সুখ লাভ করিয়া রামপদ প্রাপ্ত হয়। যিনি জনকের অনুমতিতে রাজ্য ত্যাগ করিয়া পদদ্বয়ে বনে বনে বিচরণ করিয়াছিলেন, যিনি বনপথে বিচরণ সময়ে প্রিয়তমার করস্পর্শে অসমর্থ কপিরাজ কনিষ্ঠ সুগ্রীব কর্তৃক সেবিত হওয়াতে কষ্টানুভব করিয়াছিলেন না, অভিলষিতের প্রতিকূল আচরণ নিবন্ধন প্রিয় বিরহে কোপিতা শূর্পণখার প্রতি যাহার ভ্রূকুটি কুটিল হইয়াছিল, যিনি সিন্ধু মধ্যে সেতু বন্ধন করিয়াছিলেন এবং যিনি খলরূপ দারু নিচয়ের প্রতি অনলস্বরূপ সেই কোশলাধীশ্বর শ্রীরামচন্দ্র আমাদিগকে রক্ষা করুন।

অনন্তর শৌচবিধি কথিত হইতেছে। দিবসে ও সন্ধ্যার সময়ে উত্তরাস্য এবং রাত্রিযোগে দক্ষিণাস্য হইয়া যজ্ঞ সূত্রকে কণ্ঠাবলম্বিত করিয়া, মৃত্তিকাদি দ্বারা মূত্রাদি শৌচ করিতে হয়, তাহার বিধান এই লিঙ্গে ১বার মৃত্তিকা লেপন করত প্রক্ষালন করিবে এবং গুহ্যস্থানে ৫বার, দক্ষিণ হস্তে ও বামহস্তে দশবার, উভয়হস্ত যুক্ত করিয়া সাতবার লেপনাদি করিবে।

বৈগুণ্যাদিক্রমাত্বৃত্তিবনিযতিষু স্যাত্তদর্দ্ধং নিশায়াং। ইতি শৌচবিধিঃ।

কৃত্বাদৌ পাদশৌচং বিমলমথ জলং ত্রিঃ পিবেদ্দ্যুম্মজে দ্দি র্দেশিন্যঙ্গুষ্ঠযুগ্মাৎ সজলমভিমৃজেন্নাসিকারন্ধ্রযুগ্মং। অঙ্গুষ্ঠানামিকাভ্যাং নয়নযুগযুতং কর্ণযুগ্মং কনিষ্ঠাঙ্গুষ্ঠাভ্যাং নাভিদেশং হৃদয়মথ তলেনাঙ্গুলীভিঃ শিরোহংশং। ইত্যাচমনবিধিঃ।

দন্তোল্লেখো বিতস্ত্যা ভবতি পরিমিতাদায়ুরিত্যাদিমন্ত্রাৎ প্রাতঃ ক্ষীর্য্যাদিকাষ্ঠৈর্ব্বটখদিরপলাশৈস্তথাম্রার্কবিল্বৈঃ। ভুক্ত্বা গণ্ডূষষট্কং দ্বিরপি কুশমুতে দেশিনীমঙ্গুলীভির্নাভূতাষ্ট (ভূতাদি) পর্ব্বণ্যপি ন চ নবমী

এই নিয়মটি গৃহস্থের পক্ষে নির্ব্বাচিত জানিবে, ব্রতী, বনবাসী ও যতিদিকের ক্রমানুসারে উল্লিখিত নিয়মের দ্বিগুণ করিতে হয়। কিন্তু রাত্রিযোগে সাধারণেরই স্ব স্ব নিয়মের অর্দ্ধ কর্ত্তব্য।

সংপ্রতি আচমনবিধি প্রদর্শিত হইতেছে। প্রথমত যথাবিধি পাদদ্বয় প্রক্ষালন করিয়া বারত্রয় বিশুদ্ধ জলপান করিবে অনন্তর (অঙ্গুলির মূলভাগ দ্বারা নাসিকারন্ধ্রের অধস্তন ভাগে) দুইবার উন্মার্জ্জন করিয়া জলস্পর্শ পূর্ব্বক অঙ্গুষ্ঠ তর্জ্জনীকে মিলিত করিয়া তাহার অগ্রভাগ দ্বারা নাসিকারন্ধ্রদ্বয়ে দুইবার মার্জ্জন করিবে এবং মিলিত অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা নেত্রদ্বয়ে এবং কর্ণদ্বয়ে দুইবার দুইবার মার্জ্জন করিয়া মিলিত কনিষ্ঠ ও অঙ্গুষ্ঠ দ্বারা নাভিতে, করতল দ্বারা হৃদয়ে, একত্রিত অঙ্গুলি সমস্ত দ্বারা ভুজদ্বয়মূলের ঊর্দ্ধভাগে ও মস্তকে একবার একবার মার্জ্জন করত আচমন সমাপন করিবে।

দন্তধাবন।—প্রাতঃসময়ে (সূর্য্যোদয়ের পূর্ব্বে) দ্বাদশাঙ্গুল পরিমিত আম্র বট খদির পলাশ বিল্ব অশ্বত্থ প্রভৃতি প্রশস্ত ক্ষীরীবৃক্ষের কাষ্ঠ দ্বারা "আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্মপ্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো দেহি বন-

জন্মবাররব্রতেষু। ওঁ আয়ুর্ব্বলং যশোবর্চ্চঃ প্রজাঃ পশুবসূনিচ। ব্রহ্মপ্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বমো ধেহি বনস্পতে। ইতিদন্তধাবন মন্ত্রঃ। নখং সমস্তং সংশোধ্য শুচির্ভূত্বা বিশেৎ ক্ষণং। স্বস্তিকাদ্যাসনে ধ্যায়েদ্রাঘবং স্বাত্মরূপিণং। অহং রামো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্। সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্। ইতি ভাবনা।

ত্রৈলোক্যচৈতন্যময়াধিদেব শ্রীনাথ বিষ্ণো ভবদাজ্ঞয়া বৈ। প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে। জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জ্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি। ইতি প্রার্থনাবিধিঃ।

স্পতে" এই মন্ত্র পাঠ করিয়া দন্তধাবন করিতে হয়। উক্ত প্রশস্ত কাষ্ঠের অভাবে এবং প্রতিপদ, দশমী, ষষ্ঠী, নবমী, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা। সংক্রান্তি, শ্রাদ্ধবাসর, জন্মবার ও ব্রতদিবস প্রভৃতিতে দ্বাদশগণ্ডূষ জল দ্বারা মুখ শুদ্ধি করিবে ঐ সকল দিবসে ও তৃণাদি দ্বারা দন্তধাবন শাস্ত্র বিরুদ্ধ। এবং দন্তধাবনে তর্জ্জনী ভিন্ন অঙ্গুলি সকল নিষিদ্ধ হইল জানিবে।

ভাবনা—নখাদির সংশোধন হইলে সাধক শুচি হইয়া স্বস্তিকাদি আসনে উপবেশন করিয়া সেই পরমাত্মা রঘুনন্দনকে চিন্তা করিয়া আমি সেই রামই অন্য নহি, সেই সচ্চিদানন্দ ব্রহ্মস্বরূপই শোকাশ্রয় নহি এবং নিত্যমুক্তস্বরূপ এইরূপ আত্মাকে ভাবনা করিবে।

প্রার্থনা—হে শ্রীনাথ! হে বিষ্ণো! তুমি ত্রিলোকের চৈতন্যময় অধীশ্বর, আমি তোমার আজ্ঞাতে প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া তোমার তৃপ্তির জন্য এই সংসার যাত্রার অনুবর্ত্তন করিতেছি। সৎকার্য্য করিলে ধর্ম্ম হয় আমি জানি বটে, কিন্তু তাহাতে আমার প্রবৃত্তি হইতেছে না, আর অসৎ কার্য্যে অধর্ম্ম হয় ইহা জানিয়াও তাহাতে আমার নিবৃত্তি হইতেছে না, অতএব তুমি যাহাতে নিযুক্ত করিতেছ তাহাই করিতেছি।

শুচৌ দেশে বিধানেন কৃতং যদ্যজ্ঞসূত্রকং। যজ্ঞোপবীতম্ মিত্যেতন্মন্ত্রেণ ধারয়েচ্ছুভং। ন দক্ষিণামুখো নোর্দ্ধঃ কুর্য্যাৎ কেশপ্রসাধনং। স্মৃত্বোংকারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখাং ততঃ। ধৌতাম্বরাণি দর্ভাংশ্চ গৃহীত্বা মৃত্তিলাংস্তথা। নদ্যাদি-তীরমাগত্য স্নায়াৎ স্বস্ববিধানতঃ। অধৌতেন চ বস্ত্রেণ নিত্যনৈমিত্তিকীং ক্রিয়াং। কুর্ব্বন্ ফলং ন চাপ্নোতি দত্তং ভবতি নিষ্ফলং। ধৌতাঙ্ঘ্রিপাণিরাচান্তঃ কুর্য্যাৎ সংকল্প-মাদৃতঃ। রামার্চ্চাঙ্গতয়া স্নানং করিষ্যেহহং তদাজ্ঞয়া।

স্বস্থিতং পুণ্ডরীকাক্ষং মন্ত্রমূর্ত্তিং প্রভুং স্মরন্। অনন্তাদি-ত্যসংকাসং বাসুদেবং চতুর্ভুজং। সঙ্খচক্রগদাপদ্ম মুকুটং বনমালিনং। তৎপাদোদংকজা ধারাং নিপতন্তীং স্ব-

অনন্তর স্নান বিধি কথিত হইতেছে। পবিত্র স্থানে বিধানানুসারে নিষ্পাদিত যে যজ্ঞোপবীত তাহাকে "যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতির্যৎ সহজং পুরস্তাৎ আয়ুঃ সমগ্রং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ" (সামবেদীয় ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্যত্বোপবীতেনোপনেহ্যামি) এই মন্ত্রে ধারণ করিয়া দক্ষিণাস্য ও ঊর্দ্ধস্থিত না হইয়া কেশ প্রসাধন করিয়া ওঁকার উচ্চারণ পূর্ব্বক শিখাবন্ধন করিবে। অনন্তর ধৌত বস্ত্র, উত্তরীয়, দর্ভ, মৃত্তিকা ও তিল গ্রহণ করিয়া নদী প্রভৃতির তটে গমন করত স্ব স্ব বিধানানুসারে স্নান করিবে। অধৌত বস্ত্র পরিধান করিয়া নিত্য নৈমিত্তিক কার্য্য করিলে তাহার ফল প্রাপ্ত হয় না এবং দানাদি করিলে তাহাও নিষ্ফল হয়। অনন্তর হস্ত পদ প্রক্ষালন করত আচমন করিয়া শ্রীরামের আজ্ঞানুসারে তদীয় অর্চ্চনার অঙ্গ স্নান করিতেছি এই প্রকার নাম গোত্রাদি উল্লেখ পূর্ব্বক সঙ্কল্প করিয়া স্নান করিবে। স্বীয় হৃদয়স্থিত, মন্ত্রাত্মক, তেজোময়, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মধারী, মুকুট ও বনমালাতে বিভূষিত প্রভু বাসুদেবকে স্মরণ করত তদীয় শ্রীচরণে সমুদ্ভূত জলধারা নিজের মস্তকে পতিত হইয়া ব্রহ্মরন্ধ্র দ্বারা স্বকীয় দেহ মধ্যে প্রবেশ

ষ্ণুস্থান। চিন্তয়েদ্ব্রহ্মরন্ধ্রেণ প্রবিশন্তীং স্বকাং তনুং। তয়া সংক্ষালয়েৎ সর্ব্বমন্তর্দ্দেহগতং মলং। তৎক্ষণাৎ বিরজা মন্ত্রী জায়তে স্ফটিকোপমঃ। ইদং স্নানং বরং মন্ত্রাৎ সহস্রস্নাধিকং স্মৃতং। কৃত্বাদৌ বৈদিকং স্নানং ততস্তান্ত্রিকমাচরেৎ। বিন্যস্যাঙ্গে ষড়ঙ্গানি প্রাণায়ামপুরঃসরং। শ্রীসূর্য্যমণ্ডলাত্তীর্থমাকৃষ্যাঙ্কুশমুদ্রয়া। বহ্নিত্রয়েণ চাপ্লাব্য কবচেনাবগুণ্ঠয়েৎ। সংরক্ষ্যাস্ত্রেণ মূলেন মন্ত্রয়েদ্রুদ্রসংখ্যয়া। নিমজ্জ্য তস্মিন্ ধ্যায়েৎ শ্রীরামং ভক্ত্যা জপেন্মনুং। উন্মজ্জ্য কুম্ভমুদ্রাঞ্চ বদ্ধা স্নায়াদ্দ্বিজস্ততঃ। শালগ্রামশিলাতোয়ং তুলসীগন্ধমিশ্রিতং। কৃত্বা শঙ্খে ভ্রাময়ংস্ত্রিঃ প্রক্ষিপেন্নিজমূর্দ্ধনি। শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে। বিষ্ণুপাদোদকাৎ পূর্ব্বং বিপ্রপাদোদকং পিবেৎ। বিরুদ্ধমাচরেন্মোহাদাত্ম-

দেহের এইরূপ চিন্তা করিয়া তদ্দ্বারা শরীরাভ্যন্তরের মল সমস্ত প্রক্ষালিত করিবে তৎক্ষণেই সাধক রজোগুণ বিরহিত হইয়া স্ফটিকের ন্যায় নির্ম্মল প্রভা বিশিষ্ট হয়। এই স্নান মন্ত্রস্নান হইতে শ্রেষ্ঠ, সহস্রগুণ ফলদায়ক কথিত হইয়াছে। প্রথমতঃ বৈদিক স্নান করিয়া অনন্তর তান্ত্রিক স্নান করিতে হয়। প্রাণায়াম পুরঃসর ষড়ঙ্গন্যাস করিয়া অঙ্কুশ মুদ্রা দ্বারা সূর্য্যমণ্ডল হইতে তীর্থাকর্ষণ করিয়া বরুণ বীজ (বং) দ্বারা আপ্লাবন, কবচ (হুং) দ্বারা অবগুণ্ঠন, অস্ত্র (ফট্) দ্বারা রক্ষিত করিয়া ১১বার মূলমন্ত্র জপ করত তাহাতে নিমগ্ন হইবে এবং শ্রীরামকে ধ্যান করিয়া ভক্তিপূর্ব্বক মূলমন্ত্র জপ করিবে। অনন্তর কুম্ভমুদ্রা দ্বারা জল তুলিয়া তাহার দ্বারা অভিষেক স্নান করিবে এবং শালগ্রামচক্র সম্পৃক্ত তুলসী চন্দন মিশ্রিত জল দ্বারা শঙ্খ পাত্র পূরণ করিয়া তাহাকে মস্তকোপরি তিনবার ভ্রমণ করাইয়া অভ্যুক্ষণ করিবে। আর যে ব্যক্তি শালগ্রামচক্রের সম্পৃক্ত জল পান না করিয়া মস্তকে অভ্যুক্ষণ করে তাহাকে ব্রহ্মহত্যাকারী কথিত হইয়াছে। প্রথমতঃ ব্রাহ্মণের পাদো-

ছা স নিগদ্যতে। পৃথিব্যাং যানি তীর্থানি তানি তীর্থানি সাগরে। সসাগরাণি তীর্থানি পাদে বিপ্রস্য দক্ষিণে। ততঃ সংক্ষেপতো দেবান্ মনুষ্যাংস্তর্পয়েৎ পিতৄন্। পীড়য়িত্বা-ম্বরং চোরূ প্রক্ষাল্যাচম্য যত্নতঃ। ধারয়েদ্বাসসী শুদ্ধে পরিধানোত্তরীয়কে। অচ্ছিন্নসুদশে শুক্লে আচামেৎ পীঠসং-স্থিতঃ। বহ্বৃচপরিশিষ্টে।—যতীনামাসনং শুক্লং কূর্ম্মা-কারন্তু কারয়েৎ। অন্যেষান্তু চতুষ্পাদং চতুরস্রন্তু কারয়েৎ। গোশকৃন্মৃন্ময়ং ভিন্নং তথা পালাশপিপ্পলং। লৌহবিদ্ধং সদৈবার্কং বর্জ্জয়েদাসনং বুধঃ। স্নানমাচমনং হোমং ভোজনং দেবতার্চ্চনং। প্রৌঢ়পাদো ন কুর্ব্বীত স্বাধ্যায়-ঞ্চৈবতর্পণং। আসনারূঢ়পাদস্তু প্রৌঢ়পাদঃ স উচ্যতে। ইতি স্নানবিধিঃ।

---

দক পান করিয়া অনন্তর বিষ্ণু পাদোদক পান করিবে। মোহ বশত ব্যক্তি-ক্রম আচরণ করিলে আত্মহত্যাপাপভাগী হইবে।

পৃথিবী মণ্ডলে যে সকল তীর্থ আছে সেই সকল তীর্থই সাগরেতে বর্ত্তমান আছে। কিন্তু ব্রাহ্মণের দক্ষিণপাদে সেই সাগরের সহিত সমস্ত তীর্থ বিদ্যমান জানিবে। অনন্তর সংক্ষেপত দেবতা, মনুষ্য ও পিতৃপুরুষগণের তর্পণ করিয়া বস্ত্রনিষ্পীড়ন করিবে। এবং উরুযুগল প্রক্ষালিত করিয়া আচমন করত পরিশুদ্ধ শুক্লবর্ণ অচ্ছিন্নদশান্বিত উত্তরীয় ও পরিধেয়বস্ত্র পরিধান করিয়া পীঠোপরি উপবেশন করিবে।

বহ্বৃচ পরিশিষ্টোক্ত আসনের নিয়ম অভিহিত হইতেছে। ব্রহ্মচারী-দিকের আসন শুক্লবর্ণ ও কূর্ম্মাকৃতি, তদ্ভিন্নের চতুষ্পদান্বিত ও চতুর্দ্দিকে তুল্য করাইবে। গোময়, মৃত্তিকা, পলাশ পিপ্পল ও অর্কবৃক্ষ দ্বারা নির্ম্মিত এবং লৌহবিদ্ধ ও ভগ্ন আসন বর্জ্জনীয় জানিবে। প্রৌঢ়পাদ হইয়া স্নান, আচমন ভোজন, হোম, দেবার্চ্চন, অধ্যয়ন ও তর্পণ করিবে না। আসনারূঢ় পদে অর্থাৎ জানুদ্বয় উত্তোলন করিয়া পাদদ্বয় মাত্র আসনে সংলগ্ন করিয়া যে উপবেশন করে তাহার নাম প্রৌঢ়পাদ জানিবে। ইতি স্নান বিধি।

কেশবাদ্যৈস্ত্রিভিঃ পীত্বা দ্বাভ্যাং প্রক্ষালয়েৎ করৌ। দ্বাভ্যামোষ্ঠৌ চ সংমার্জ্জ্য দ্বাভ্যামুন্মার্জ্জনং তথা। একেন হস্তং প্রক্ষাল্য পাদাবপি তথৈকতঃ। সংপ্রোক্ষ্যৈকেন মূর্দ্ধানং ততঃ সংকর্ষণাদিভিঃ। আস্যনাশাক্ষিকর্ণাংশ্চ নাভ্যুরঃ কং ভুজং স্পৃশেৎ। এবমাচমনং কৃত্বা সাক্ষান্নারায়ণো ভবেৎ। কেশব (১) নারায়ণ (২) মাধব (৩) গোবিন্দ (৪) বিষ্ণু (৫) মধুসূদন (৬) ত্রিবিক্রম (৭) বামন (৮) শ্রীধর (৯) হৃষীকেশ (১০) পদ্মনাভ (১১) দামোদর (১২) সঙ্কর্ষণ (১৩) বাসুদেব (১৪) প্রদ্যুম্ন (১৫) অনিরুদ্ধ (১৬) পুরুষোত্তম (১৭) অধোক্ষজ (১৮) নৃসিংহ (১৯) অচ্যুত (২০) জনার্দ্দন (২১) উপেন্দ্র (২২) হরি (২৩) কৃষ্ণাঃ (২৪)। চতুর্থীনমোন্তৈরেভির্নামভিঃ কর্ত্তব্যং। ইতি বৈষ্ণবাচমনং।

অনন্তর বৈষ্ণবাচমন প্রদর্শিত হইতেছে।

কেশবায় নমঃ, নারায়ণায়নমঃ এবং মাধবায় নমঃ এই মন্ত্রত্রয় উচ্চারণ করত তিন বার জলপান করিয়া গোবিন্দায় নমঃ এবং বিষ্ণবে নমঃ এইবলিয়া ক্রমে হস্তদ্বয় প্রক্ষালন, মধুসূদনায় নমঃ এবং ত্রিবিক্রমায় নম. এই বলিয়া ওষ্ঠদ্বয় সংমার্জ্জন বামনায় নম. এবং শ্রীধরায় নমঃ এই বলিয়া উর্দ্ধোষ্ঠে উন্মার্জ্জন, এবং হৃষীকেশায় নমঃ এই বলিয়া হস্ত প্রক্ষালন, পদ্মনাভায় নমঃ এই বলিয়া পাদদ্বয় প্রক্ষালন এবং দামোদরায় নমঃ এই বলিয়া মস্তকে অভ্যুক্ষণ করিবে। মুখে সঙ্কর্ষণায় নমঃ, দক্ষিণ নাসিকাতে বাসুদেবায় নমঃ, বামনাসিকাতে প্রদ্যুম্নায় নমঃ, দক্ষিণনেত্রে অনিরুদ্ধায় নমঃ, বাম নেত্রে পুরুষোত্তমায় নমঃ, দক্ষিণকর্ণে অধোক্ষজায় নমঃ. বামকর্ণে নৃসিংহায় নমঃ. নাভিতে অচ্যুতায় নমঃ, বক্ষে জনার্দ্দনায় নমঃ, মস্তকে উপেন্দ্রায় নমঃ, দক্ষিণভুজে হরয়ে নমঃ. এবং বামভুজে কৃষ্ণায় নমঃ- বলিয়া যথাবিধি অঙ্গুল্যাদি দ্বারা স্পর্শ করিয়া বৈষ্ণবাচমন করিবে।

ললাটে কেশবং ধ্যায়েৎ নারায়ণমথোদরে। মাধবং হৃদয়ে ধ্যায়েদ্‌গোবিন্দং কণ্ঠদেশকে। বামে চ দক্ষিণে পার্শ্বে বিষ্ণুং ব্যাপ্তং চ চিন্তয়েৎ। তৎপার্শ্ববাহুমধ্যে তু চিন্তয়েন্মধুসূদনং। ত্রিবিক্রমঞ্চ তৎস্কন্ধে বামপার্শ্বে তু বামনং। শ্রীধরং বাহুকে বামে হৃষীকেশন্তু কন্ধরে। অপরে পদ্মনাভঃ স্যাৎ ককুদ্দামোদরং স্মরেৎ। তৎপ্রক্ষালনতোয়েন বাসুদেবেতি মূর্দ্ধনি। দক্ষিণে তু করে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনং। পদ্মং মৎস্যং চাপরেণ শঙ্খং কূর্ম্মং গদাস্তথা। ললাটে তু গদা ধার্য্যা মূর্দ্ধ্নি চাপং শরং তথা। নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খচক্রে ভুজদ্বয়ে। শঙ্খচক্রাঙ্কিতো বিপ্রঃ শ্মশানে ম্রিয়তে যদি। প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য নারদ। ইতি তিলকধারণং। নিষ্পীড়্য়িত্বা বস্ত্রন্তু পশ্চাৎ সন্ধ্যাং সমাচরেৎ। অন্যথা কুরুতে যস্তু স্নানং তস্যাফলং ভবেৎ। বস্ত্রং ত্রিগুণিতং

অনন্তর তিলক ধারণবিধি অভিহিত হইতেছে।

ললাটে কেশব, উদরে নারায়ণ, হৃদয়ে মাধব, কণ্ঠে গোবিন্দ, দক্ষিণ পার্শ্বে বিষ্ণু, দক্ষিণপার্শ্বও বাহুমধ্যে মধুসূদন, দক্ষিণস্কন্ধে ত্রিবিক্রম, বামপার্শ্বে বামন, বামবাহুতে শ্রীধর, গ্রীবাতে হৃষীকেশ, দক্ষিণ বাহুতে পদ্মনাভ, ককুৎ প্রদেশে দামোদর এবং মস্তকে বাসুদেবকে চিন্তা করিয়া শালগ্রামচক্র সম্পৃক্ত বিশুদ্ধজল ও মৃত্তিকা দ্বারা তিলক ধারণ করিবে। আর দক্ষিণ হস্তে সুদর্শন, মৎস্য ও পদ্ম, বামহস্তে শঙ্খ, কূর্ম্ম এবং গদা, ললাটে ও গদা এবং মস্তকে ধনু ও বাণ, হৃদয়ে নন্দক এবং ভুজদ্বয়ে শঙ্খ ও চক্র অঙ্কিত করিবে এই সকল ধারণ করিয়া সামান্য শ্মশানে প্রাণ ত্যাগ করিলেও প্রয়াগে মরণে যেরূপ সদ্গতি কথিত হইয়াছে তদ্রূপসদ্গতি প্রাপ্ত করে॥

বস্ত্রং নিষ্পীড়য়তি মন্দধীঃ। বৃথা স্নানং ভবেত্তস্য নিষ্পীড়য়তি চাম্বুনি। রামাত্মকং গুরুং নত্বা রামসন্ধ্যাং সমাচরেৎ। সায়ং প্রাতশ্চ মধ্যাহ্নে রামং ধ্যাত্বা মনুং জপেৎ। জলমন্ত্রেণ সংশোধ্য কবচেনাবগুণ্ঠ্য চ। চক্রীকৃত্য জলং সম্যক্ দর্ভমূলেন মন্ত্রবিৎ। আবাহনাদিমুদ্রাভিস্তীর্থমাবাহ্য পূজয়েৎ। ব্রহ্মাণ্ডোদর তীর্থানি করৈঃ স্পৃষ্টানি তে রবেঃ। তেন সত্যেন মে দেব তীর্থং দেহি দিবাকর। গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু। এবমাবাহ্য চারাধ্য বিধিবত্তজ্জলং মুনে। আদায়াঞ্জলিনা সম্যগ্জপেন্মালামনুং সকৃৎ। জলং দক্ষিণহস্তস্থং সব্যহস্তে বিনিঃক্ষিপেৎ। তন্নিঃসৃতাম্বুনা মূর্দ্ধ্নি সিঞ্চেন্মালামনুং স্মরন। দশাক্ষরেণ তচ্ছেষমভিমন্ত্র্য জলং পিবেৎ।

বস্ত্রনিষ্পীড়ন করিয়া পরে সন্ধ্যার অনুষ্ঠান করিবে, ইহার ব্যতিক্রম করিলে স্নান নিষ্ফল হয় জানিবে। আর যে মন্দবুদ্ধি বস্ত্রকে ত্রিগুণিত (তিন ভাজ) করিয়া জল মধ্যে নিষ্পীড়ন করে তাহার সেই স্নান বৃথা হয়।

সন্ধ্যা— রামরূপী গুরুদেবকে নমস্কার এবং শ্রীরামচন্দ্রকে ধ্যান করিয়া তদীয় মন্ত্র জপ করত সায়ংকালে, প্রাতঃকালে ও মধ্যাহ্ন কালে শ্রীরাম চন্দ্রের সন্ধ্যার অনুষ্ঠান করিবে। প্রথমতঃ জলমন্ত্র (বং) দ্বারা শোধন কবচ (হুং) দ্বারা অবগুণ্ঠন এবং দর্ভমূল দ্বারা প্রোক্ষণ করিয়া ঐ মণ্ড জল মধ্যে আবাহনাদি মুদ্রা করত "ব্রহ্মাণ্ডোদর তীর্থানি করৈঃ স্পৃষ্টানি তে রবেঃ তেন সত্যেন মে দেব তীর্থং দেহি দিবাকর। গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু" এই মন্ত্রদ্বয় পড়িয়া তীর্থ সকলের আবাহন করিয়া বিধানানুসারে উক্ত জলের অর্চ্চনা করিবে। অনন্তর দক্ষিণ হস্তে জলোত্তলন করিয়া একবার মালামন্ত্র জপ করিয়া ঐ জল বামহস্তে ক্ষেপণ করিবে। এবং মালামন্ত্র স্মরণ করত বামহস্তোৎক্ষিপ্ত জলের ক্ষরিত বিন্দু দ্বারা মস্তকে অভিষেক করিয়া অবশিষ্ট জলে দশাক্ষর মন্ত্র জপ

পুনরঞ্জলিমাদায় জলং মূর্দ্ধি ত্রিরুৎক্ষিপেৎ। মণ্ডলস্থায় রামায় নমোহর্ঘ্যং কল্পয়াম্যহং।ততো রামোঽহমস্মীতি গায়ত্রীং নিয়তো জপেৎ। জন্ম প্রভৃতি যৎপাপং দশভির্যাতি সঞ্চিতং। পুরা কৃতং শতেনৈব সহস্রেণ জপেন চ। বদেদ্দাশরথায়েতি বিদ্মহে- ইতি পদস্ততঃ। সীতাপদং সমুদ্ধৃত্য বল্লভায় ততো বদেৎ। ধীমহীত্যপি তন্নোঽথ রামশ্চাপি প্রচোদয়াৎ। এষা স্যাদ্রাম গায়ত্রী ভক্তানাং ভুক্তিমুক্তিদা। পুরশ্চরণমপ্যস্যাশ্চতুর্লক্ষ জপাবধি। যচ্চ যাবচ্চ পূজাদি সর্ব্বং পূর্ব্ববদাচরেৎ। ওমাদি রেষা গায়ত্রী মুক্তিমেব প্রযচ্ছতি। মায়াদিরপি বৈ মুখ্যং রমাদিশ্চ শ্রিয়ং মুনে। মদনেনাপি সংযুক্তা সম্মোহয়তি মেদিনীং। অনয়ারাধিতো রামঃ সর্ব্বাভীষ্টং প্রযচ্ছতি। তর্পয়েচ্চ ততো মূলমন্ত্রোচ্চারণপূর্ব্বকং। রামং তর্পয়ামি নমঃ

---

করিয়া ঐ জল পান করিবে। অপর অঞ্জলি পূরিয়া জল উঠাইয়া জলাঞ্জলিকে ললাট সংলগ্ন করিয়া শ্রীরাম উদ্দেশে এব জলাঞ্জলিঃ নমো মণ্ডলস্থায় রামায় নমঃ এই বলিয়া তিনবার অর্ঘ্য দিবে। পরে অহং রামোঽস্মি অর্থাৎ আত্মা ও রামের অভেদ চিন্তা করিয়া রামগায়ত্রী জপ করিবে। দশশতবার গায়ত্রী জপ করিলে জন্ম হইতে সঞ্চিত এবং শত সহস্র জপে পূর্ব্ব জন্মার্জ্জিত পাপ সকল বিনষ্ট হয়।

অনন্তর রামগায়ত্রী উদ্ধৃত হইতেছে। দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি। তন্নো রামঃ প্রচোদয়াৎ। এই শ্রীরাম গায়ত্রী ভক্ত বৃন্দের ভোগ ও মুক্তি প্রদান করিয়া থাকে। ইহার পুরশ্চরণে চারিলক্ষ জপ ও পূজাদি যে কিছু সমস্তই পূর্ব্বোক্ত বিধানানুসারে কর্ত্তব্য। এই গায়ত্রীর পূর্ব্বে ওঁকার যুক্ত করিয়া জপ করিলে মুক্তি, হ্রীঁং পূর্ব্বক জপে প্রাধান্য এবং শ্রীঁ পূর্ব্বক জপ করিলে শ্রী লাভ হয়। আর মদন বীজ (ক্লীং) পূর্ব্বক জপে পৃথিবী মোহিতা হয় এবং ইহার দ্বারা শ্রীরাম চন্দ্র আরাধিত হইলে সমস্ত মনোরথ প্রদান করেন। অনন্তর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক রামং তর্পয়ামি নমঃ এই বলিয়া পীঠ দেবতা সকলের সহিত ৪০ বার তর্পণ

পীঠদেবাদিপূর্ব্বকং। চত্বারিংশত্তর্পয়িত্বা সীতাদীংশ্চতুরঃ ক্রমাৎ। হৃদাদীং স্তর্পয়েৎ পশ্চাৎ মধ্যে মধ্যে রঘূদ্বহং। নামমন্ত্রৈর্ভবেদেবং চত্বারিংশচ্ছতদ্বয়ং। স্তবৈশ্চ প্রণমেদ্রামং যথাশক্তি মুনীশ্বর। কুর্য্যাদেতৎপ্রত্যহং সম্যক্ ত্রিসন্ধ্যঞ্চ যথাবিধি। কৃতকৃত্যো ভবেন্মন্ত্রী সত্যং সত্যং ন চান্যথা। ওঁ হংসঃ পূর্ব্বমুচ্চার্য্য সোহমিত্যজপাং জপেৎ। ঋষির্হংসোহব্যয়ং ছন্দঃ পরমাত্মাত্র দেবতা। সূর্য্যাত্মনে হৃৎ, সোমাত্মনে শিরঃ, নিরঞ্জনায় শিখা, নিরাভাষায় কবচং, অতনুঃ সূক্ষ্মং প্রচোদয়াদস্ত্রং। দ্যাং মূর্দ্ধানং যস্য বিপ্রা বদন্তি খং বৈ নাভিং চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ। দিশঃ শ্রোত্রে যস্য পাদৌ ক্ষিতিঞ্চ ধ্যাতব্যোহংসৌ সর্ব্বভূতান্তরাত্মা। একবিংশতিসাহস্রম্বা-

করিয়া সীতা, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্নের তর্পণ করিবে এবং মধ্যে মধ্যে শ্রীরাম তর্পণ করত হৃদয়াদির তর্পণ ও শ্রীরামের নাম সকল উচ্চারণ পূর্ব্বক তদীয় তর্পণ করিবে। সমষ্টিতে ২৪০ বার তর্পণ করিয়া যথাশক্তি স্তব পাঠ পূর্ব্বক শ্রীরামকে নমস্কার করিবে। এইরূপ বিধানে প্রতিদিন ত্রিসন্ধ্যাতে সন্ধ্যাত্রয় করিলে সাধক নিশ্চয়ই কৃতার্থ হইবে। অনন্তর ওঁ হং সঃ সোহং এই অজপা জপের জন্য এবং মস্তকে হংসায় ঋষয়ে নমঃ মুখে অব্যয়চ্ছন্দসে নমঃ, হৃদয়ে পরমাত্মনে দেবতায়ৈ নমঃ এই প্রকার ঋষ্যাদি ন্যাস করত সূর্য্যাত্মনে হৃদয়ায় নমঃ সোমাত্মনে শিরসে স্বাহা নিরঞ্জনায় শিখায়ৈ বষট্, নিরাভাষায় কবচায় হুং, অতনুঃ সূক্ষ্মং প্রচোদয়াৎ অস্ত্রায় ফট্ এই অঙ্গন্যাসাদি করত দ্যাং মূর্দ্ধানং যস্য বিপ্রা বদন্তি খং বৈনাভিং চক্ষুষীচন্দ্র সূর্য্যৌ। দিশঃ শ্রোত্রে যস্য পাদৌ ক্ষিতিঞ্চ ধ্যাতব্যোহংসৌ সর্ব্বভূতান্তরাত্মা। এই ধ্যান করিবে।

ধ্যানার্থ—যোগীগণ স্বর্গ যাহার মস্তক এবং আকাশমণ্ডল নাভি, চন্দ্র সূর্য্য চক্ষু, দিঙ্মণ্ডল শ্রোত্র এবং পৃথিবীকে পদ বলিয়া থাকেন সেই সর্ব্বভূতের অন্তরাত্মাস্বরূপ ঈশ্বর আমাদের ধ্যেয়।

সোচ্ছাসজপেন যট্। শতাধিকেন শ্রীরামঃ প্রীতোঽস্ত্বিতি বিসর্জ্জয়েৎ। ইতি শ্রীরামসন্ধ্যা।

রামং মত্বা গুরূন্ জ্যেষ্ঠান্ কুশাম্বুপুষ্পধারকান্। মুক্ত্বা তথৈব পাষণ্ডান্ রামং স্মৃত্বা গৃহং বিশেৎ। ভাগে তু প্রথমে রাজন্ দিবসস্য শুচিঃ স্বয়ং। হোমং কুর্য্যাদ্ বিধানেন দ্রব্যৈর্ব্রীহ্যাদিভির্দ্বিজঃ। দেবপূজাং ততঃ কুর্য্যাৎ স্বস্বমন্ত্রেণ মন্ত্রবিৎ। দদ্যাদ্দানং যথাশক্তি পাত্রে রামপরে তথা। তৃষাক্রান্তঃ পশুর্ব্বদ্ধঃ কন্যকা চ রজস্বলা। দেবতা চ সনির্ম্মাল্যা হন্তি পুণ্যং পুরাকৃতং। ইতি দিবসস্যাদ্যভাগকৃত্যবিধিঃ। দিবসস্য দ্বিতীয়েঽংশে বেদাভ্যসনমাচরেৎ। মীমাংসাতর্কধর্মার্থশাস্ত্রাদীনামপি দ্বিজঃ। সালঙ্কারঃ স্বচ্ছমনাঃ সং-

অনন্তর এই ছয় শত একবিংশতি সহস্র অজপাজপে শ্রীরামচন্দ্র প্রীতি লাভ করুন এই বলিয়া সন্ধ্যা সমাপন করিবে।

ইতি শ্রীরাম সন্ধ্যাবিধি।

অনন্তর শ্রীরামের নমস্কার পূর্ব্বক গুরু জন ও জ্যেষ্ঠ সকলকে প্রণাম করত শ্রীরামকে স্মরণ করিয়া গৃহে প্রবেশ করিবে। পাষণ্ড ও যাহাদের হাতে দর্ভ, জল ও পুষ্প থাকিবে তাহাদিগকে নমস্কার করিবে না। অনন্তর দিবসের প্রথম ভাগে উপাসক শুচি হইয়া ব্রীহি প্রভৃতি দ্রব্য দ্বারা যথাবিধি হোম করিয়া স্ব স্ব মন্ত্রে শ্রীরাম চন্দ্রের অর্চ্চনা সমাপন করিয়া রামভক্তিপরায়ণ সাধক সকলকে যথাশক্তি দানীয় দ্রব্য দান করিয়া নির্ম্মাল্য বিসর্জ্জন করিবে। পিপাসিত পশুকে যদি বাঁধিয়া রাখে, অবিবাহিতা কন্যা যদি রজস্বলা হয় আর দেবতা যদি নির্ম্মাল্য যুক্ত থাকেন তবে পূর্ব্বজন্মার্জ্জিত পুণ্য সকল বিনষ্ট হয়। দিবার প্রথম ভাগের-কার্য্য বিধি সমাপন॥

অনন্তর দিবসের দ্বিতীয় ভাগ উপস্থিত হইলে বেদ পাঠ পূর্ব্বক মীমাংসা তর্ক, ধর্ম্ম শাস্ত্র ও অর্থ শাস্ত্র প্রভৃতির আলোচনা করিয়া কুণ্ডলাদি অলঙ্কারে অলঙ্কৃত হইয়া পবিত্র চিত্তে গো. ভূমি, ব্রাহ্মণ তীর্থোদক কাঞ্চন দূর্ব্বা পুষ্প ও নৃপতি প্রভৃতি মাঙ্গল্য সকল দর্শন করিবে। ইতি দ্বিতীয় ভাগ কার্য্য বিধি।

পঞ্চোপমঙ্গলাষ্টকং। গোভূবিপ্রাগ্নিহেমত্ব্যমপিস্তেহত্রু-পানিতি। ইতিদ্বিতীয়দিনভাগকৃত্যবিধিঃ।

বিভাগেঽহ্নস্তৃতীয়ে তু পোষ্যাণাং পোষণায় চ। বেদশাস্ত্রা-বিরুদ্ধেন দ্রবিণং কর্ম্মণার্জ্জয়েৎ। ঋতামৃতাভ্যাং জীবেত মৃতেন প্রমৃতেন বা। সত্যানৃতাভ্যামপি বা ন শ্ববৃত্ত্যা কথঞ্চন। ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং যদযাচিতং। মৃতন্তু নিত্যযা-চ্ঞা স্যাৎ প্রমৃতং কর্ষণং স্মৃতং। সত্যানৃতঞ্চ বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনং। শ্ববৃত্তির্গর্হিতা সম্যক্ নাঙ্গীকুর্য্যাৎ কদাপি তাং। স্বচ্ছন্দচরিতঃ শ্বা স্বাধীনঃ ক্ব চ সেবকঃ। পণীকৃত্যাত্মনঃ প্রাণান্ যে বর্ত্তন্তে দ্বিজাধমাঃ। তেষাং দুরা-ত্মনামন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ। অনপেক্ষশ্চ তৌ ভাগৌ তিষ্ঠন্মন্ত্রী জপেন্মনুং। রামাজ্ঞাকৃতবিশ্বাসো দাতা সর্ব্বেশ্বরো যতঃ। ইতি তৃতীয়দিনভাগকৃত্য বিধিঃ।

অষ্টধাহ্নো বিভাগঃ স্যাচ্চতুর্থেঽহ্নে যথা দ্বিজঃ। কুর্য্যান্মাধ্যাহ্নিকং স্নানং জপদেবার্চ্চনাদি চ। মৃদ্গোময়াংশুক-

---

অনন্তর দিবসের তৃতীয় ভাগ উপস্থিত হইলে পরিবার বর্গের পোষণার্থ বেদাদিশাস্ত্র বিহিত কার্য্য দ্বারা অর্থোপার্জ্জন করিবে। জীবিকা নির্ব্বা-হের পথ প্রদর্শিত হইতেছে। ঋত—উঞ্ছবৃত্তি, অমৃত প্রার্থনা ব্যতিরেকে লব্ধ, মৃত—নিত্য ভিক্ষা, প্রমৃত—কৃষিকর্ম্ম, সত্যানৃত—বাণিজ্য এই সকল ব্যব-সাতে জীবিকা নির্ব্বাহ করিবে। কিন্তু কখনও শ্ববৃত্তি ( নীচ সেবা ) করিবে না, যেহেতু নীচসেবা সর্ব্বথা প্রকারে গর্হিত, কুক্কুর এবং সেবক কদাচ স্বেচ্ছাচারী হইতে পারে না। যে দ্বিজগণ আত্মাকে পণ করিয়া জীবি-কানির্ব্বাহ করে তাহাদের অন্নভোজন করিলে চান্দ্রায়ণ করিতে হয়। অথবা সাধক উক্ত ভাগদ্বয়ে কিছুতে অপেক্ষা না করিয়া রামাজ্ঞাতে একান্ত বিশ্বাসী হইয়া তাঁহার মন্ত্র জপ করিবে তাহা হইলেই দাতা ও সর্ব্বেশ্বর প্রভু হইতে পারিবে।

কুশাসনমুদ্রিকাদি পুষ্পাক্ষতাংস্তিলকমণ্ডলুচন্দনাদি।
নীত্বা জলান্তিকমনন্যমনা মনীষী স্বত্বার্চ্চয়েৎ সকলতীর্থপবিত্র-
কীর্ত্তিং। স্বগৃহ্যোক্তৈর্মন্ত্রবরৈঃ স্নাত্বা সন্ধ্যাং বিধায় চ।
শ্বেত কর্ব্বুর কৃষ্ণৈশ্চ দেবাদীংস্তর্পয়েত্তিলৈঃ। তথৈব ভুব-
নেশস্য স্নানং সন্ধ্যাঞ্চ তর্পণং। পূর্ব্ববদাচরেন্মন্ত্রী রামং
নত্বা বিসর্জ্জয়েৎ। ততো দেবালয়ং গত্বা ন্যাসান্ কৃত্বার্চ্চয়ে-
দ্ধরিং। লব্ধানুজ্ঞাং বিশেন্মন্ত্রী মন্দিরং সুন্দরং স্বকং।
ইতি চতুর্থদিনভাগকৃত্যবিধিঃ।

গৃহাগতোঽর্চ্চযেদ্রামং পঞ্চমে দিবসাংশকে। প্রক্ষাল্য
পাদাবাচম্য দদ্যাদর্ঘ্যং রবের্ব্বহিঃ। যো দেবঃ পূজকশ্চাথ পূজা
দ্রব্যাণি যৎ ফলং। প্রাগবুদ্ধ্যাদিকং সর্ব্বং তস্মৈ রামাত্মনে-

ইতি তৃতীয় দিনভাগ কৃত্যবিধি।

দিবা অষ্টভাগে বিভক্ত তাহার চতুর্থভাগে মধ্যাহ্ন কালীন স্নান ও জপ পূজাদি করিবে। প্রথমতঃ মৃত্তিকা, গোময়, বস্ত্র, কুশাসন, মুদ্রিকা (যাহা দ্বারা শঙ্খ চক্রাদি অঙ্কিত করে সেই যন্ত্রের নাম মুদ্রিকা) পুষ্প, আতপতণ্ডুল, তিল, কমণ্ডলু ও চন্দন প্রভৃতি লইয়া জল সমীপে উপস্থিত হইবে অনন্তর তীর্থ সকলের পবিত্র মাহাত্ম্য স্মরণ করিয়া অর্চ্চনা করিবে। অপর স্ব স্ব বেদোক্ত বিধানানুসারে মন্ত্র পাঠ করিয়া স্নান ও সন্ধ্যা সমাপন করিয়া শ্বেত, কর্ব্বুর ও কৃষ্ণ বর্ণ তিল দ্বারা দেবতা প্রভৃতির তর্পণ করিবে এই প্রকার শ্রীরামের সন্ধ্যা তর্পণাদি করিয়া পূর্ব্বরূপ শ্রীরামকে নমস্কার পূর্ব্বক বিসর্জ্জন করিবে। অনন্তর দেবতাগৃহে প্রবেশ করিয়া ন্যাস সকল করত রঘুনাথের অর্চ্চনা করিয়া আদেশগ্রহণ করিয়া স্বীয় অন্তঃপুরে প্রবেশ করিবে।

ইতি চতুর্থ দিনভাগ কৃত্য বিধি।

অনন্তর পঞ্চমভাগের কর্ত্তব্য কার্য্য কথিত হইতেছে। দিবার পঞ্চমভাগে শ্রীরামের অর্চ্চনা করিতে হয়, প্রথমতঃ পাদদ্বয় প্রক্ষালন করিয়া আচমন করত বহির্দ্দেশে সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া যো দেবঃ পূজকশ্চাথ পূজাদ্রব্যাণি যৎ ফলং।

নমঃ। অনেন মন্ত্রনা মন্ত্রী দ্বারদেবান্ প্রপূজয়েৎ। অগস্ত্য-সংহিতায়াস্তু পূজনং তৎক্রমেণ তু। অঙ্গুষ্ঠাভুং ক্রমেণাথ তদেবোদ্ধৃত্য লিখ্যতে। ওঁ নমো রামচন্দ্রায় গং গণেশায়তে নমঃ। সংসবিত্রে হৌংশিবায় ঐঁ হ্রীং শ্রীং পরম-শক্তয়ে। দীং দীননাথায় নমঃ ক্ষেং ক্ষেত্রপতয়ে নমঃ। পুষ্পাক্ষতাদিভিঃ পূজ্যা শ্রীরামদ্বারদেবতাঃ। ষড় দ্বারপুরতঃ সুধীঃ প্রমথানর্চ্চয়েৎ সুধীঃ। দ্বারশ্রিয়ৈ নমশ্চোর্দ্ধং দেহল্যৈ তদধস্ততঃ। দ্বারস্য শোভনায়াথ শাখয়ো র্দক্ষবাময়োঃ। ধাত্রে বিধাত্রে গঙ্গায়ৈ যমুনায়ৈ চ পূর্ব্বতঃ। ও ভদ্রায় সুভদ্রায় গদাং কৃষ্ণাঞ্চ দক্ষিণে। ও চণ্ডায় প্রচণ্ডায় রেবাং তাপাঞ্চ পশ্চিমে। শঙ্খং পদ্মং নিধিঞ্চাথ বাণীং বেদ্ধাং তথোত্তরে। চতুর্দ্বারং সুসংপূজ্য গৃহোপরি ততোহর্চ্চয়েৎ। গ্রহেশায় গৃহায়াথ কুলদেব্যৈ নমোহস্থিতি। নমঃ সশর শার্ঙ্গায় ফট্ পিনাকায় ফট্ নমঃ। আভ্যামন্তর্গতং পুষ্পশর যোগেন বামতঃ নিঃসার্য্য বিঘ্নসংঘং ত্রিঃ পার্ষ্ণিঘাতং সমভ্যসেৎ।

প্রাণবুদ্ধ্যাদিকং সর্ব্বং তস্মৈ রামায়নে নম এই বলিয়া নমস্কার করিয়া দ্বার দেবতা সকলের অর্চ্চনারম্ভ করিবে। অগস্ত্য সংহিতা হইতে পূজা ক্রম উদ্ধৃত করিয়া লিখিত হইতেছে যথা—প্রথমতঃ দ্বারদেবতা, পূজা সচন্দন পুষ্প (অথবা অক্ষতাদি দ্বারা) এতে গন্ধপুষ্পে ওঁ নমো রামচন্দ্রায় নমঃ এবং গং গণেশায় নমঃ, সং সবিত্রে নম, হৌঁ শিবায় নমঃ, ঐঁ হ্রীঁ শ্রী পরম শক্তয়ে নমঃ, দীং দীননাথায় নমঃ এবং ক্ষেং ক্ষেত্রপতয়ে নমঃ এই ক্রমে পূজা করিয়া দ্বারসংমুখে প্রমথাদি ছয় দেবতার অর্চ্চনা করিয়া দ্বারের ঊর্দ্ধে এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারশ্রিয়ৈ নমঃ, দ্বারের অধোদেশে ওঁ দেহল্যৈ নমঃ, দ্বারের দক্ষিণ পার্শ্বে ও বামপার্শ্বে ওঁ শোভনায় নমঃ পূর্ব্বদ্বারে ওঁ ধাত্রে নমঃ, ওঁ বিধাত্রে নমঃ, ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ যমুনায়ৈ নমঃ, দক্ষিণদ্বারে ওঁ ভদ্রায় নমঃ, ওঁ সুভদ্রায় নমঃ, ওঁ গদায়ৈ নমঃ ওঁ কৃষ্ণায়ৈ নমঃ। পশ্চিম

দেহলীমস্পৃশন্ দক্ষপাদপূর্ব্বং প্রবিশ্য চ। শেষায় ফণাধি-
পতয়ে বাস্তুপুংসে নমোঽর্চ্চয়েৎ। ইতি দ্বারপূজা বিধিঃ।
বংশাশ্মদারুধরণীতৃণপল্লবনির্ম্মিতং। বর্জ্জয়েদাসনং
ধীমান্ দারিদ্র্যান্ধ্যাদিদুঃখদং। কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্ম কৌ-
শেয়ং বেত্রনির্ম্মিতং। বস্ত্রাজিনং কম্বলং বা কল্পয়ে-
দাসনং মৃদু। নিবিশ্য তস্মিন্নাদৌ তু পাত্রাসাদনমারভেৎ।
সং পাদ্য বিবিধৈঃ পুষ্পৈঃ পূরয়েৎ পুষ্পভালিকাং। তুলসী-
পদ্মজাত্যাদ্যৈ র্মাল্যৈর্ব্বহুবিধৈ রপি। স্বপুরো দক্ষিণে তীর্থে
শুদ্ধবারিষু পূরিতং। কলসং স্বপুরো বামভাগে তু বিনি-
যোজয়েৎ। অন্যানি পূজাদ্রব্যাণি পুরস্তাদেব নিঃক্ষিপেৎ।
ইত্যাসনং।

দ্বারে ওঁ চণ্ডায় নমঃ, ওঁ প্রচণ্ডায় নমঃ, ওঁ রেবাট্যৈ নমঃ, ওঁ ভাপাট্যৈ নমঃ,
উত্তরদ্বারে ওঁ শঙ্খায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ নিধিভ্যো নমঃ, ওঁ বাণ্যৈ
নমঃ, ওঁ বেদ্যাট্যৈ নমঃ এই প্রকার গন্ধপুষ্পাদি দ্বারা চতুর্দ্বারে পূজা করিয়া
গৃহমধ্যে ওঁ গৃহেশায় নমঃ, ওঁ গৃহায় নমঃ এবং ওঁ কুলদেব্যৈ নমঃ। পরে,
নমঃ সশর শার্ঙ্গায় ফট্ ক্রীং পিনাকায় ফট্ নমঃ এই মন্ত্রোচ্চারণ পূর্ব্বক
বামপার্ষ্ণিদ্বারা আঘাত ত্রয় করত বিঘ্নোৎসারণ করিয়া মস্তক নত রাখিয়া
দক্ষিণপাদপূর্ব্বক গৃহপ্রবেশ করিবে। অনন্তর ওঁ শেষায় নমঃ, ওঁ ফণা-
ধিপতয়ে নমঃ। ওঁ বাস্তুপুরুষায় নমঃ এই সমস্ত বলিয়া পূজা করিবে।

ইতি দ্বারপূজা।

বাঁশ, প্রস্তর, কাষ্ঠ, মৃত্তিকা, তৃণ ও পল্লব এই সকল দ্বারা নির্ম্মিত আসন
বর্জ্জনীয়, ইহাতে উপবেশনে দরিদ্র ও অন্ধ হয়। কৃষ্ণাজিন, ব্যাঘ্রচর্ম্ম
কুশনির্ম্মিত, বেত্রনির্ম্মিত, বস্ত্র, বল্কল, ও কম্বল এই সকল আসন প্রশস্ত
জানিবে। অনন্তর প্রশস্ত আসনে উপবেশন করিয়া আবশ্যকীয় দ্রব্যাসাদন
করিবে। তুলসী ও পদ্ম জাতি প্রভৃতি পুষ্পসকল চয়ন করিয়া পুষ্পপাত্রে
স্থাপিত করিবে। আর বাটীর দক্ষিণ দিগের জলাশয় হইতে পবিত্র জলদ্বারা
পরিপূর্ণ নূতন কলস নিজের সম্মুখে বামভাগে রাখিয়া অন্য সকল পূজোপ-
করণ সামগ্রী সম্মুখে স্থাপিত করিবে।

তুলসীকাষ্ঠঘটিতৈ রুদ্রাক্ষাকারকারিতৈঃ। শংখচক্র গদাপদ্মপাদুকাকারনির্ম্মিতৈঃ। নির্ম্মিতাং মালিকাং কণ্ঠে নিধায়ার্চ্চনমারভেৎ। তথামলকমাল্যঞ্চ সম্যক্ পুষ্কর-মালিকাং। নির্মাল্য তুলসীমালাং শিরস্যপি নিধায় বৈ। নির্ম্মাল্যচন্দনেনাঙ্গমঙ্কয়েত্তস্য নামভিঃ। তস্যায়ুধানি বাহ্বোশ্চ তেনৈব দ্বিজসত্তম। পাপিষ্ঠো বা হ্যপাপিষ্ঠঃ সর্ব্বজ্ঞোপ্যজ্ঞ এব বা। ভবত্যেবাধিকার্য্যত্র পূজাকর্ম্মণ্য-সংশয়ং। ইতি মালাধারণং।

অথ পুষ্পাঞ্জলিং দত্বা কৃত্বা তৎপাদয়োঃ শিরঃ। প্রার্থয়েদ্রাঘবং ভক্ত্যা কপিমুদ্রাং প্রদর্শয়ন্। তর্জ্জন্যগ্রোঽঙ্গুষ্ঠ মূলে কৃত্বান্যাঙ্গুলি যোজনং। স্যাৎ সংপুটিতয়োঃ পাণ্যো মুদ্রা বানরসংজ্ঞিকা। যদ্ যত্র যা সর্ব্বগতাহতা তে ধ্যানেন চেতঃ পরতাহতাতে। স্তুত্যানয়া বাক্ পরতাহতা তে ক্ষমস্ব সর্ব্বং মম দেবদেব। অজ্ঞানাদ্ যদিবাজ্ঞানাৎ অশুভং কর্ম্ম যৎকৃতং।

বিশারদ ব্যক্তিরা অক্লেশে মুক্তিলাভ করিয়া থাকে। বিশেষতঃ একাদশী দিবসে বিষ্ণুর সন্নিধানে নৃত্যগীতাদি না করিলে পরিতাপ ও অধঃপতন লাভ করিতে হয়। ভারতে লিখিত আছে যে, কেবল নৃত্যগীতাদি দ্বারা ও ভগবান প্রীত হয়েন।

অনন্তর পুষ্পাঞ্জলি প্রদান করিয়া রঘুনন্দনের পাদপদ্মে মস্তক নম্র করিয়া বানর মুদ্রা প্রদর্শন করাইয়া প্রার্থনা করিবে। তর্জ্জনী অঙ্গুলিদ্বয়ের অগ্রভাগ দ্বয় অঙ্গুষ্ঠদ্বয়ের মূলদেশে নিহিত করিয়া অন্য অন্য অঙ্গুলি সমস্তের পরস্পর যোগেতে করদ্বয় পুটিত করিলে বানর মুদ্রা হয়। প্রার্থনার মন্ত্রসকল যদ্যত্র যা ইত্যাদি মূলে দ্রষ্টব্য।

ষস্তুমহ᾽সি তৎ সর্ব্বং দাস্যেনৈব গৃহাণ মাং। শ্রীগোবিন্দ মুকুন্দকেশব শিব শ্রীবল্লভ শ্রীনিধে। শ্রীবৈকুণ্ঠ সুকণ্ঠ কণ্ঠিত খলস্বামিন্নকুণ্ঠোদয়ঃ। শুদ্ধধ্যেয় বিধৃতভূতধরণ শ্রীমাধবাধোক্ষজ শ্রদ্ধাবদ্ধ বিধেহিনস্ত্বয়ি ধিয়ং ধীরাং ধরিত্রীধর। ত্বয্যেব ভক্তিং জনয় ত্বমেব মামুদ্ধরাস্মৎ কৃপয়া ভবাব্ধেঃ। ক্লিষ্টং কৃপালো ন দয়াস্তি তে চেৎ তর্হীশ হা কর্ম্মবশাদ্ধতোহস্মি। ইতি প্রর্থনা।

দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর। দেহি রাম মামনুজ্ঞাং তবতীর্থনিষেবণে। লব্ধানুজ্ঞাং তত্র তীর্থে পাত্রস্থে মন্ত্রমালিখেৎ। কুশমূলে লিখিত্বা চ পঠেন্মন্ত্রমঘাপহং। অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধি বিনাশনং। বিষ্ণোঃ পাদোদকং পুণ্যং শিরসা ধারয়াম্যহং। ওঁ চরণং পবিত্রং বিততং পুরাণং যেন পূতস্তরতি দুষ্কৃতানি। তেন পবিত্রেণ শুদ্ধেন পূতাত্মা পাপ্মানমরাতিং। ত্বমেব লোকস্য দ্বারমর্চ্চিত মপবিত্রং। জ্যোতিশ্চন্দ্রাজনং মহতস্তদমৃতস্য ধারা বহুধা দোহমানং চরণং লোকে সুধীতাং দদাতু। ইমং মন্ত্রং সমুচ্চার্য্য সর্ব্বদুষ্টগ্রহাপহং। প্রাশ্নীয়াৎ প্রোক্ষয়েদ্দেহং পুত্রমিত্রপরিগ্রহং। কৃত্বা পাদোকং শঙ্খে বৈষ্ণবানাং মহাত্মনাং। তুলসীমিশ্রিতং দদ্যাৎ পিবেন্মূর্দ্ধ্নাভিবন্দয়েৎ।

অতঃপর দেবদেব জগন্নাথ ইত্যাদি মন্ত্রে অনুমতি গ্রহণ করিয়া পাত্রস্থ পাদোদকে কুশমূলদ্বারা ইষ্টমন্ত্র লিখিয়া বিষ্ণোঃ পাদোদকং পুণ্যং ইত্যাদি এবং ওঁ চরণং পবিত্রং ইত্যাদি সুধীতাং দদাতু ইত্যন্ত মন্ত্রদ্বয় পাঠ করিয়া পাদোদক পান ও সর্ব্ব শরীরে ও পরিবারবর্গে প্রোক্ষণ করিবে এবং বিষ্ণুভক্ত সাধুসকলের পাদোদক শঙ্খপাত্রে লইয়া তুলসীযুক্ত করিয়া তাহা-

ভগবান্ পবিত্রং ভগবৎপাদোদকং পবিত্রং তৎপানেনা চমনীয়ং যথা হি সোমেষ্বিতিশ্রুতেঃ। শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে। বিষ্ণোঃ পাদোদকং পীতং কোটিজন্মাঘনাশনং। ভবেদষ্টগুণং পাপং ভূমৌ বিন্দুনিপাতনাৎ। হত্যাং হন্তি যদঙ্ঘ্রিসঙ্গতুলসীপেয়ঞ্চ তোয়ং পদাম্নৈবেদ্যং বহুমদ্যপাম দুরিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজং। যত্রাধীনমতেঃ স্থিতং সুরপুরেহঙ্গে তস্য নো কিল্বিমং শালগ্রামশিলানৃসিংহমহিমা কোহপ্যেব লোকোত্তরঃ। ইতি তীর্থপারণং।

তুলস্যা মাপতিং রামমর্চ্চয়িত্বা যথাবিধি। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণোঃ সাযুজ্যমাপ্নুয়াৎ। যা দৃষ্টা নিখিলাঘসংঘশমনী স্পৃষ্টা বপুঃ পাবিনী রোগানামভিবন্দিতা নিরসনী সিক্তান্তকত্রাসিনী। প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা তস্যৈ তুলস্যৈ নমঃ। ইতি নত্বাগত্য দেবমপরাধান্ ক্ষমাপয়েৎ। ইতি তুলস্যর্চ্চা।

---

দিগেব নমস্কার পুরঃসর পান করিবে। শ্রুতিতে অভিহিত আছে, ভগবান্ স্বয়ং পবিত্র তাঁহার পাদোদক ও পবিত্র, সোমরস পানে যাদৃশ উপকার ও পবিত্রতা হয় পাদোদকে ও তত্তুল্য। যে ব্যক্তি শালগ্রাম চক্র সম্পৃক্ত জল পান না করিয়া ত্যাগ করে সে ব্রহ্মহত্যার পাপভাগী হয়। বিষ্ণুপাদোদক পান করিলে কোটি জন্মার্জ্জিত পাপ সকল বিনষ্ট হয় কিন্তু তাহার বিন্দুমাত্রও যদি ভূমিতে পতিত হয় তবে অষ্টগুণ পাপ জন্মে। যাঁহার শ্রীপদে অর্পিত তুলসী ও পীত পাদোদক হত্যাজনিত পাপ বিনাশ করে, নৈবেদ্য প্রসাদ গ্রহণ করিলে মদ্যপান ও গুরুপত্নী গমনজনিত পাপ বিনষ্ট হয় এবং যাহাতে চিত্ত অর্পিত করিলে দেবধামে বসতি হয় এইরূপ সেই শালগ্রাম শিলারূপী ভগবানের অসংখ্য মহিমা।

যানৈর্ব্বা পাদুকৈর্ব্বাপি গমনং ভগবদ্‌গৃহে। দেবোৎসবা-দ্যসেবায়ামপ্রণামস্তদগ্রতঃ। উচ্ছিষ্টে চৈব চাশৌচে ভগ-বদ্বন্দনাদিকং। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং। পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনং। শয়নং ভক্ষণঞ্চাপি মিথ্যাভাষণমেবচ। উচ্চৈর্ভাষা মিথোজল্পো রোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রহৌ চৈব স্ত্রীষু চ ক্রূরভাষণং। কম্বলা-বরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ু বিমোক্ষণং। শক্তৌ গৌণোপচারাস্ত অনিবেদিতভক্ষণং। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং। বিনিযুক্তাবশি-ষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিচ। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভি-

---

অতঃপর তুলসী মাহাত্ম্য প্রদর্শিত হইতেছে। তুলসীদ্বারা যথাবিধি লক্ষ্মী-কান্তের অর্চ্চনা করিলে তৎসাযুজ্য প্রাপ্ত হয়। তুলসীর দর্শনে নিখিল পাপ বিনাশ, স্পর্শনে শরীরের পবিত্রতা, নমস্কারে রোগক্ষয় এবং অভিষেকে যমভয় নিবৃত্তি হয়। আর ভগবানের পাদপদ্মে অর্পিত হইলে মুক্তি প্রদান করে অতএব সাধকবৃন্দের তুলসী একান্ত নমস্য জানিবে। তুলসী বন্দনাদি সমা-পিত হইলে ভগবৎসন্নিধানে অনন্তরোক্ত দ্বাত্রিংশৎ প্রকার অপরাধের ক্ষমা প্রার্থনা করিবে।

অতঃপর দ্বাত্রিংশৎ প্রকার অপরাধ অভিহিত হইতেছে। দেবতার গৃহে শকট ঘোটক প্রভৃতি যানে আরোহণ করিয়া এবং পাদুকাদি লইয়া প্রবেশ করা, দেবতা দর্শনে তদগ্রে প্রণাম না করা, উচ্ছিষ্ট দ্রব্যদ্বারা ও অশৌচ সময়ে দেবতার অর্চ্চনা করা, এক হস্তে প্রণাম করা, কৃতাঞ্জলি না হইয়া দেবতা প্রদক্ষিণ করা, দেবতাভিমুখে পাদপ্রসারণ, উচ্চ আসনে উপবেশন, শয়ন, ভোজন, মিথ্যাকথা বলা, উচ্চবাক্য, পরস্পর জল্পনা, ক্রন্দন, যুদ্ধ অশ্লীল বাক্য বলা, অধোবায়ু নিঃসরণ করা কাহাকে তিরস্কার ও প্রশংসা করা, স্ত্রীলোকের প্রতি ক্রূর বাক্য বলা, মানসিক কষ্টের গোপন করা, পরের নিন্দা ও প্রশংসা করাশক্তি থাকিলে আবশ্যকীয় মুখ্য উপচার না দেওয়া

বাদনং। গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা। অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎপরিকীর্ত্তিতাঃ। অপরাধ সহস্রাণি ক্রিয়ন্তেঽহর্নিশং ময়া। দাসোঽহমিতি মাং মত্বা ক্ষমস্ব মধুসূদন। ইতি মন্ত্রং সমুচ্চার্য্য প্রণমেদ্দণ্ডবদ্ভুবি। কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্ব্বা বুদ্ধ্যাত্মনা বাঽনুস্মৃতঃ স্বভাবাৎ। করোমি যদ্যৎ সকলং পরস্মৈ নারায়ণায়ৈব সমর্পয়ামি। একো হি কৃষ্ণস্য কৃতপ্রণামো দশাশ্বমেধাবভৃতেন তুল্যঃ। দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়। সাধুবা সাধু বা কর্ম্ম যদ্যদাচরিতং ময়া। তৎ সর্ব্বং ভগবন্ বিষ্ণো গৃহাণারাধনং মম। ইতি শঙ্খজলং দদ্যাদ্দেবস্য দক্ষিণে করে। ইতি কর্ম্মার্পণং।

গজাস্যাদিত্যপঞ্চাস্যশক্তিসিংহাস্যরূপবান্। মম কৃত্যেন সর্ব্বাত্মা রামঃ প্রীণাতি চিদ্বপুঃ। সত্যপি ভেদাবগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বং। সামুদ্রো হি তরঙ্গঃ কচন

অনিবেদিত দ্রব্য ভক্ষণ, এবং সেইকালে যেই ফল হয় তাহা অর্পণ না করা, ব্যঞ্জনাদি উপকরণ দ্রব্যের অগ্রভাগ অন্যোন্য কার্য্যে গ্রহণ করিয়া অবশিষ্ট দেবতাকে নিবেদন করা, আসন সম্মুখে উপস্থিত না করিয়া অভ্যাগতকে অভিবাদন করা, গুরুসন্নিধানে মৌনাবলম্বন, নিজের প্রশংসা এবং দেবতা নিন্দা করা এই রূপে দ্বাত্রিংশৎ প্রকার অপরাধ জানিবে। অতঃপর অপরাধ সহস্রাণি ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিবে। অনন্তর কৃষ্ণ প্রণামী ব্যক্তির প্রশংসা কথিত হইতেছে। দশাশ্বমেধকারী ব্যক্তি ও একজন কৃষ্ণ প্রণামী ব্যক্তির তুল্য হইতে পারে না, যেহেতু দশাশ্বমেধী ব্যক্তির পুনর্ব্বার জন্ম হয় কিন্তু কৃষ্ণপ্রণামীর আর ভবযাতনা ভোগ করিতে হয় না।

অনন্তর শঙ্খপাত্রস্থ জল লইয়া সাধুবা সাধু বা কর্ম্ম ইত্যাদি পাঠ করিয়া দেবতার দক্ষিণহস্তে কর্ম্ম সমর্পণ করিবে। অতঃপর, গজাস্যাদিত্য ইত্যাদি

সমুদ্রো ন তারঙ্গঃ। সোঽহং দাসোঽহমিতি বা বুদ্ধির্মমাস্যা-মলা দৃঢ়া। কর্ম্মভির্ন স বধ্যেত হ্যকর্তৃত্বাচ্চিদেব সঃ। ত্বমেবাহং-মহঞ্চ ত্বং সন্মিমাত্রবপুর্ধর। আবযোরন্তরং ভ্রান্তির্নশ্যত্বা-জ্ঞাবলাত্তব। ইতি তথৈবাত্মার্পণং।

ত্বয়োপভুক্ত স্রগ্গন্ধবাসোলঙ্কার চর্চ্চিতাঃ। উচ্ছিষ্ট ভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি। প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ। ইতি সংপ্রার্থিতে দেবে দত্তামাশিষ-মুদ্বহন্। মহাপ্রসাদইত্যুক্ত্বা পরমপ্রীতিপূর্ব্বকং। তচ্ছে-ষগন্ধপুষ্পাদ্যৈঃ সম্যগাত্মানমর্হয়েৎ। ইত্যাশীর্গ্রহণং।

ধ্যাত্বা রামং জপেন্মন্ত্রং তিষ্ঠেদ্যাবন্মনো হৃদি। গুহ্যাতি-গুহ্যমন্ত্রেণ পূজাং দেবে নিবেদয়েৎ। ভক্তিহীনং ক্রীয়াহীনং মন্ত্রহীনং রমাপতে। যৎপূজিতং ময়া রাম পরিপূর্ণং তদস্তু মে। ইতি পুষ্পাঞ্জলিং দত্ত্বা সংহৃত্যাবরণং হরেঃ। ভক্ত্যা

পাঠ করিয়া পুনরূপ আত্মসমর্পণ করিবে। গজাস্য ইত্যাদি মন্ত্রার্থ। গণেশ, দিনেশ, ভূতেশ, শক্তি ও সিংহ মুখ প্রভৃতি দেবগণ সমস্তই যাহার প্রতিমূর্ত্তি সেই ভগবান শ্রীরামচন্দ্র আমার এই অর্চ্চনাতে প্রীত হউন। হে নাথ! স্থূলবুদ্ধিতে ভেদজ্ঞান থাকিলেও তোমারই আমি কিন্তু তুমি আমার নও সমু-দ্রেরই তরঙ্গ কিন্তু সমুদ্র কখনই তরঙ্গের বলা যায়না। যেব্যক্তি আত্মাকে প্রভু হইতে অভিন্ন কিংবা প্রভুর দাস বলিয়া জ্ঞান করে তাহার কখন ও কর্ম্মবন্ধ-হয়না সুতরাং মুক্তিলাভ করিয়া থাকে। হে চৈতন্যময় জগদীশ্বর। তুমিই আমি, আমিই তুমি কিন্তু আমার যে ভ্রান্তিবশতঃ ভেদজ্ঞান হয় তাহা তোমার আদেশে বিনষ্ট হউক।

অতঃপর ত্বয়োপভুক্ত ইত্যাদিদ্বারা প্রার্থনা করত দেবতাতে অর্পিত পুষ্পাদিদ্বারা মহাপ্রসাদ এই বলিয়া পরমানন্দপূর্ব্বক আশীর্ব্বাদ গ্রহণ করিয়া নিবেদিত মাল্যাদিদ্বারা বিভূষিত হইবে।

অনন্তর একাগ্রচিত্ত হইয়া প্রভুকে চিন্তা করিয়া তদীয় মন্ত্র জপ করিয়া গুহ্যাতি গুহ্য ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করিয়া পুষ্পাঞ্জলি লইয়া ভক্তিহীনং

সংশোধিতং স্বাস্তং বিশ্ববিশ্রামহেতবে। প্রার্থয়েবং পাদুকে দত্ত্বা সাঙ্গমুত্থাসয়েদ্ধরিং। প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ কৃত্বা মুদ্রাং বিসর্জ্জনীং। অহং রামো ন চান্যোহস্মি মন্ত্রমেতদুদীরয়েৎ। ইতি বিসর্জ্জনং। আত্মানং সততং রামং সম্ভাব্য বিহরন্তি যে। ন তেষাং দুষ্কৃতং কিঞ্চিদ্দুষ্কৃতোত্থা ন চাপদঃ।

ইতি শ্রীমন্মুকুন্দবন পরমহংস পরিব্রাজকাচার্য্য-
শ্রীচরণপঙ্কজশিষ্য শ্রীআনন্দবন বিরচিতায়াং
রামার্চ্চন—চন্দ্রিকায়াং তৃতীয়ং পটলঃ।

ক্রিয়াহীনং ইত্যাদি মন্ত্র পড়িয়া অর্পণ করিবে। অতঃপর ভক্ত্যা সংশোধিতং স্বাস্তং ইত্যাদি পাঠ করিয়া পাদুকাপ্রদান পূর্ব্বক অঙ্গাদিদেবতার সহিত প্রভুকে উত্থাপিত করিবে। প্রাণায়াম ও অঙ্গন্যাসাদি করিয়া বিসর্জ্জনী মুদ্রা করিয়া বিসর্জ্জন করিবে। যাহারা অবিরত আত্মাকে রামময় চিন্তা করিয়া কালযাপন করে তাহাদিগকে পাপ ও বিপদের ভাজন হইতে হয়না।

তৃতীয় পটল সমাপ্ত।

ষষ্ঠে দিনবিভাগে তু কুর্য্যাৎপঞ্চ মহামখান্। দৈবো হোমেন যজ্ঞঃ স্যাৎ ভৌতস্তু বলিদানতঃ। পৈত্রো বিপ্রান্নদানেন পৈত্রেণ বলিনাথবা। কিঞ্চিদন্ন প্রদানাদ্বা তর্পণাদ্বা চতুর্ব্বিধঃ। নৃযজ্ঞোঽতিথিসৎকারো ভক্ত্যা তচ্চরণাম্বুনা। ব্রহ্মযজ্ঞো বেদজপাৎ পুরাণপঠনেন বা। ইতি ষষ্ঠাংশকৃত্যং।

ইতিহাসপুরাণাভ্যামংশং সপ্তমকং নয়েৎ। শ্রীমদ্ভাগবতং তত্র বিশেষেণাদরাৎ পঠেৎ। যৈর্ন শ্রুতং ভাগবতং পুরাণং নারাধিতো যৈঃ পুরুষঃ পুরাণঃ। হুতং মুখে যৈর্ন ধরামরাণাং তেষাং গতং জন্ম বৃথা নরাণাং। চরিতং রঘুনাথস্য শতকোটিপ্রবিস্তরং। একৈকমক্ষরং পুণ্যং মহাপাতকনাশনং। অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবিদ্ যদি। পুংসোঽশ্রুতপুরাণস্য ন সম্যগ্ গতিদর্শনং। বেদার্থাদধিকং পুণ্যং পুরাণার্থঞ্চ ভাবিনি। পুরাণমন্যথা

অতঃপর দিবার ষষ্ঠভাগ উপস্থিত হইলে পঞ্চ মহাযজ্ঞ করিতে হয়। দেবমহাযজ্ঞ হোমসাধ্য, ভৌত মহাযজ্ঞ বলিদানসাধ্য, পৈত্র মহাযজ্ঞ ব্রাহ্মণভোজন অথবা পিতৃপুরুষের অর্চ্চনা ও তর্পণ সাধ্য, নৃযজ্ঞ আতিথি সৎকার সাধ্য। বেদাধ্যয়ন কিংবা পুরাণ পাঠের নাম ব্রহ্মযজ্ঞ জানিবে।

অনন্তর সপ্তমভাগ উপস্থিত হইলে ইতিহাস পুরাণাদি পাঠ করত কাল যাপন করিবে, বিশেষ শ্রীমদ্ভাগবত একান্তই সাদরে পাঠ করিবে যেহেতু ভাগবত শ্রবণ, পুরাণপুরুষ পুরুষোত্তমের আরাধনা ও ব্রাহ্মণ দিগকে ভোজ্য বস্ত্রপ্রদান যাহারা না করে তাহাদের জন্মই নিষ্ফল কথিত হইয়াছে। শ্রীরাম চরিত পাঠেঅন্যোক্ত পুরাণ বেদাদি পাঠঅপেক্ষায় শতকোটি অধিক মাহাত্ম্য, শ্রীরাম চরিতের একটি একটি অক্ষর পাঠে অসীম পুণ্য জন্মে ও মহাপাতক বিনাশ হয়। সমস্ত বেদ ও অন্যোক্ত নিখিল শাস্ত্রের পারদর্শী হইয়া ও যদি

কৃত্বা তির্য্যগ্‌যোনিমবাপ্নুয়াৎ। ন যত্র বৈকুণ্ঠকথা সুধাপগা ন সাধবো ভাগবতাস্তদাশ্রয়াঃ। ন যত্র যজ্ঞেশমখামহোৎসবাঃ সুরেশলোকোঽপি ন যাতি সেব্যতাং।

ইতি সপ্তমভাগকৃত্যবিধিঃ।

ভাগেঽষ্টমে উপাসীত সন্ধ্যাং শ্রীরাঘবীং তথা। কৃত্যাগ্নিহোত্রং বিধিনা ততো হোমং সমাপয়েৎ। ন্যাসং ষড়ঙ্গকং কৃত্বা প্রাণায়ামপুরঃসরং। সকৃদভ্যর্চ্চ্যনীরাজ্য প্রার্থয়েজ্জানকীপতিং। বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়। আগচ্ছ শয়নাগারং সীতয়া সহ রাঘব। পর্য্যঙ্কে তিলকপ্রশস্তফলকে ভোগীন্দ্রচিত্রাঙ্গকে স্বচ্ছপ্রচ্ছদভাবুকে মৃদুশিরঃ স্থানোপধানাদিকে। উন্মীলৎকুলশীলয়া দয়িতয়া শ্রীসীতয়া সংকৃতে শেতে নিত্যমগণ্যপুণ্যফলদ শ্রীকোশলেন্দ্রো নৃপঃ। ইতি শয়নোপাসনা। ইত্যষ্টমাংশবিধিঃ।

সায়ং প্রাতর্দ্বিজাতীনাং শ্রুত্যুক্তমশনং ততঃ। উচ্যতে রামসন্তুষ্ট্যৈ অগ্নিহোত্রসমং প্রিয়ং। আর্দ্রপাদঃ শুচির্ভূত্বা

পুরাণার্থ অবগত না হয় তবে তাহার সম্যকপ্রকার জ্ঞান জন্মেনাই বলাযায়। বেদার্থের জ্ঞান অপেক্ষায় পুরাণার্থ জ্ঞানে সমধিক ফল, পুরাণের প্রতি অবজ্ঞাকারী ব্যক্তিকে তির্য্যগ্‌ যোনিত্ব প্রাপ্তহইতে হয়। যেইস্থানে নারায়ণ কথারূপ সুধাময়ী নদী প্রবাহিনী না হয় এবং ভগবদ্ভক্ত সাধুদিগের সমাগম ও যজ্ঞেশ্বরের উদ্দেশে যজ্ঞনিবন্ধন মহোৎসব নাহয় সেই স্থানে কোন দেবতাই পূজাগ্রহণ করেন না।

অনন্তর দিবার অষ্টমভাগে শ্রীরামচন্দ্রের সন্ধ্যা করিয়া অগ্নিহোত্র করিয়া হোম সমাপিবে। প্রাণায়াম ও অঙ্গন্যাসাদি করিয়া একবারমাত্র প্রভুর অর্চ্চনানন্তর নীরাজনা করিয়া বলীয়সা ইত্যাদি মূলোক্ত প্রার্থনা মন্ত্রে প্রার্থনা করিয়া শয়নোপাসনা সমাপিবে।

অশ্নীয়াৎ সঘৃতং শুভং। উপবাসাৎ পরং হব্যং হব্যাৎ পরমযাচিতং। অযাচিতাৎ পরং নক্তং প্রিয়ং দেবস্য চক্রিণঃ। তস্মাৎপরেশসন্তুষ্ট্যৈ বিপ্রো নক্তংপরো ভবেৎ। বিষ্ণুভক্তো বিশেষেণ দিনপাপাপনুত্তয়ে। অন্নং দৃষ্ট্বা তৎ প্রণমেৎ নিত্যমস্মাকমস্ত্বিতি। তেজোঽসীতি জপেন্মন্ত্রং গায়ত্র্যা তীর্থবারিণা। সত্যং ত্বর্ত্তেনেতিমন্ত্রৈঃ প্রোক্ষয়েদন্নমাদরাৎ। ধর্ম্মরাজায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ বলিং। অশ্নীয়ান্মন্ত্ররাজেন স্বান্নং সপ্তাভিমন্ত্রিতং। তেজস্বী সুভগঃ শ্রীমান রোগায়ুশ্চ জায়তে। অন্নং ব্রহ্মা রসো বিষ্ণুর্ভোক্তা দেবো মহেশ্বরঃ। এবং জ্ঞাত্বা তু যো ভুঙ্‌ক্তে সোঽন্নদোষৈর্ন লিপ্যতে। অন্তশ্চরসি ভূতানাং গুহানাং বিশ্বতোমুখঃ। ত্বং যজ্ঞস্ত্বং বষট্‌কারস্ত্বং স্বাহা ত্বং স্বধেতি চ। ত্বয়োপভুক্তস্রগ্‌গন্ধ বাসো-

দ্বিজাতিসকলের প্রতি নিবাচিত ভোজন করিতে হয় অতএব প্রভুর প্রিয় অগ্নিহোত্র সদৃশ ভোজনানুষ্ঠান করিবে। পাদপ্রক্ষালনাদি করিয়া শুদ্ধচিত্ত হইয়া সঘৃত সামগ্রী ভোজন করিবে। উপবাসে অশক্ত হইলে ঘৃত তদশক্তে অযাচিত ভোজ্যবস্তু রাত্রিতে ভোজন করা বিধেয় ইহাই ভগবানের প্রীতিদায়ক জানিবে। বিষ্ণুভক্ত সাধু সকলের দিনকৃত পাপক্ষয়ার্থ নক্তব্রত অর্থাৎ রাত্রিতে ভোজন করা একান্ত বিধেয়। ভোজ্য বস্তু উপস্থিত হইলে নিত্যমস্মাকমস্ত্ব এই বলিয়া প্রণাম করিয়া ওঁ তেজোঽসি শুক্রমস্য মৃতমসি ধামনামাসি প্রিয়ন্দেবানামনাধৃষ্টং দেবযজনং এইমন্ত্র অন্নের উপরি জপ করিয়া গায়ত্রী ও সত্যং ত্বর্ত্তেন ইত্যাদি মন্ত্র পাঠ করত তীর্থোদকদ্বারা প্রোক্ষিত করিয়া ওঁ ধর্ম্মরাজায় নমঃ, ওঁ চিত্রগুপ্তায় নমঃ ও চিত্রায় নমঃ এই মন্ত্রে উক্ত উক্ত দেবতাদিগকে তিনভাগ বলিপ্রদান করিয়া মন্ত্ররাজদ্বারা সাতবার অভিমন্ত্রিত অন্নাদি ভোজন করিলে বলবান্ শ্রী ও রোগহীন হয়। অন্ন ব্রহ্মা, জল বিষ্ণু এবং ভোজন কর্ত্তা মহেশ্বর এইরূপজ্ঞান করিয়া যে ব্যক্তি ভোজন করে সে অন্নের দোষেতে লিপ্তহয় না।

লঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্টভোজিনো দাসাস্তুর মায়াং জয়েমহি। জপন্নেবং ভগবতঃ শ্রীতীর্থং তুলসীযুতং। অমৃতোপস্তরণমসীত্যগ্রতঃ প্রাশয়েত্ততঃ। মধ্যেন্দ্র বরুণ কুবের যমদিগ্‌গতানি কুণ্ডানি। অন্বাহার্য্যাহবনীয় গার্হপত্যসত্যাবসত্যাভিধানা বহ্নয়ঃ। ওঁ গার্হপত্যে প্রাণায় স্বাহেতি হিরণ্যয়া কৃত্বা প্রাণাগ্নিহোত্রং স্যাৎকনিষ্ঠাঙ্গুষ্ঠতঃ ক্রমাৎ। অন্বাহার্য্যে স্বপানায় স্বাহেতি গগনাশ্রুচা। কনিষ্ঠাঙ্গুষ্ঠযুগ্মেন দ্বিতীয়ামাহুতিং হুনেৎ। ব্যানায়াহবনীয়েহগ্নৌ রক্তবর্ণাশ্রুচা সুধীঃ। মধ্যমাঙ্গুষ্ঠযোগেন তৃতীয়ামাহুতিং হুনেৎ। সত্যে ভূদানসংজ্ঞায় কৃষ্ণবর্ণশ্রুচা তথা। তর্জ্জন্যঙ্গুষ্ঠযোগেন চতুর্থীমাহুতিং হুনেৎ। আবসত্যে সমানায় সুপ্রভাবর্ণয়া শ্রুচা। জুহুয়াদঙ্গুলীভিস্তু সর্ব্বাভিঃ পঞ্চমাহুতিং। নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রং বিশেষতঃ পাদজলেন বিষ্ণোঃ। যোহশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ প্রাপ্নোতি যজ্ঞাযুত কোটিপুণ্যং। প্রতিবদ্ধং ন চাশ্নীয়াৎ পবিত্রমপি নাঘৃতং। হস্তাদৃতেহম্বুনান্যেন নাশ্নন্

ওঁ অন্তশ্চরসি ভূতানাং ইত্যাদি এবং উচ্ছিষ্ট ভোজিনোদাসা ইত্যাদি পাঠকরতঃ ওঁ অমৃতোপস্তরণমসি এই বলিয়া তুলসী সম্পৃক্ত জল পান করিবে। হৃদয় মধ্যে পূর্ব্বাদি চতুর্দ্দিগে ও মধ্যস্থানে স্থিত পঞ্চকুণ্ডে অন্বাহার্য্যাদি পঞ্চাগ্নি মত্তমান করিয়া গার্হপত্য অগ্নিতে হিরণ্যা নামক তদীয় জিহ্বাতে ওঁ প্রাণায় স্বাহা এই মন্ত্রে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলীদ্বারা অন্নগ্রহণ করিয়া হোম করিবে, অন্বাহার্য্য বহ্নির গগনাজিহ্বাতে অনামিকাও বৃদ্ধাঙ্গুষ্ঠের যোগে ওঁ অপানায় স্বাহা এই মন্ত্রে দ্বিতীয় আহুতি প্রদান করিবে, তৃতীয় আহুতিতে আহবনীয় অগ্নির রক্তবর্ণা জিহ্বাতে মধ্যমাঙ্গুলি ও অঙ্গুষ্ঠের যোগে ওঁ ব্যানায় স্বাহা এই মন্ত্রে অন্নাশন করিবে। চতুর্থে অগ্নি সত্য, জিহ্বা কৃষ্ণা তর্জ্জনীও অঙ্গুষ্ঠের যোগে ওঁ উদানায় স্বাহা এইমন্ত্রে আহুতি দিবে। পঞ্চমে

পাত্রস্থিতং পিবেৎ। দক্ষিণস্থং পরিত্যজ্য বামে নীরং বিধা-
পয়েৎ। অভোজ্যং তদ্ভবেদন্নং পানীয়ঞ্চ সুরাসমং। তৃপ্তৌ
দদ্যাদন্নশেষং ভূমৌ দুর্গততৃপ্তয়ে। যত্র ক্বচন সংস্থানাং
ক্ষুত্তৃট্ক্লোপহতাত্মনাং। দুর্গতানাং ময়াদত্তমক্ষয্যমুপতি-
ষ্ঠতাং। অমৃতাপিধানমসীতি পিদধ্যাত্তীর্থবারিণা। অর্দ্ধং
তদম্বু ভূভাগে দদ্যাদ্দুর্গততৃপ্তয়ে। সম্যগাচম্য দক্ষাঙ্ঘ্রেরঙ্গুষ্ঠে
বারি নিঃক্ষেপেৎ। অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতু বিশ্বভুক্। ততঃ সংস্মৃত্য
সন্তুষ্টঃ পুষ্টিদামিষ্টদেবতাং। সন্নিকৃষ্টৈর্বৃতঃ শিষ্টৈর্জপে-
দন্নপতেম্মনূন্। অন্নপতেঽন্নস্য নো দেহ্যনমীবস্য শুষ্মিণঃ।
প্রপ্রদাতারং তারিষউর্জ্জং নো ধেহি দ্বিপদে চতুষ্পদে।
অগস্ত্যবহ্নির্ব্বড়বানলশ্চ ভুক্তং ময়ান্নং জরয়ত্বশেষং।
সুখঞ্চ মে তৎপরিণামসম্ভবং দদাত্বরোগঞ্চ সদাস্তুরস্তু। বিষ্ণুঃ
সমস্তেন্দ্রিয়দেহদেহী প্রধানভূতো ভগবান্ যথৈকঃ। সত্যেন
তেনান্নমশেষমেতদারোগ্যদং মে পরিণামমস্তু। ভক্ষয়েদপি

---

অবসত্যা বহ্নিং স্বপ্রভা ইত্যাদিতে পঞ্চাঙ্গুলির যোগে ওঁ সমানায় স্বাহা এই
মন্ত্রে হোম করিবে। যে ব্যক্তি বিষ্ণুর পাদোদক ও তুলসীমিশ্রিত নৈবেদ্য-
শেষ প্রতিদিন ভোজন করে সে অযুতকোটি যজ্ঞজন্য ফললাভ করে।
কোন ও প্রকার অশুচি অন্ন ভোজন করিবেনা। শুচি হইলে ও ঘৃতবর্জ্জিত
হইলে অগ্রাহ্য জানিবে। হস্তপাত্রে উদ্ধৃত এবং বামভাগস্থিত জল অপেয়।
উক্ত নিয়মের অন্যথা কৃত জল মদ্যের তুল্য এবং অন্ন ও অভোজ্য জানিবে।
অতঃপর ভোজনাবশিষ্ট অন্নসকল লইয়া যত্র ক্বচন সংস্থানাং ইত্যাদি মন্ত্রে
দুর্গত ব্যক্তিদিগের তৃপ্ত্যর্থ ভূমিতে বলিপ্রদান করিয়া ওঁ অমৃতাপিধানমসি
এইমন্ত্রে অভিমন্ত্রিত তীর্থোদকের অর্দ্ধ ভূমিতে ক্ষেপণ এবং অর্দ্ধ পান
করিবে। অনন্তর আচমন ও পাদপ্রক্ষালন করিয়া অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষ ইত্যাদি
মন্ত্র পড়িয়া প্রভুকে স্মরণ করিয়া হৃষ্টান্তঃকরণে সাধুদিগের সহিত অন্নপতে

তাম্বূলং প্রসাদাজ্জানকীপতেঃ। শিষ্টৈরিষ্টৈর্জপেদ্দিব্যং ভগবন্নামমঙ্গলং। ইতি প্রাণাগ্নিহোত্রং।

মৃদ্ভিঃ শৌচবিধিং বিধায় চরণৌ প্রক্ষাল্য চোপস্পৃশেদ্দিঃসং-স্মৃত্য জগৎপতিং কুলপতিং শ্রীকোশলেন্দ্রং নৃপং। প্রেয়স্যা নিমিষং শিবঃপ্রিয়সুধাধারায়মাণাং দিবং বস্ত্রেণাঙ্ঘ্রিযুগং প্রমৃজ্য শয়নং স্বামদ্য সদ্যঃ স্বপেৎ। রামং স্কন্দং হনূমন্তং পদ্মনাভং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং স দুঃস্বপ্নং ন পশ্যতি। মূলং স্মৃত্বা জপন্মাত্মরক্ষাং বিঘ্নোপশান্তয়ে। গুর্ব্বর্থেতি পুনঃ পদ্যং স্ত্রিয়া ব্যগ্রঃ স্বপেৎসুখং। ঋতুকালা-ভিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ। স সদা ব্রহ্মচারীহ বিজ্ঞেয়ঃ স গৃহাশ্রমী। ঋতুঃ ষোড়শযামিন্যশ্চতস্রস্তাসু গর্হিতাঃ। পুত্র-স্তাসু চ যুগ্মাসু অযুগ্মাঃ কন্যকাপ্রদাঃ। ত্যক্ত্বা চন্দ্রমসং দুষ্টং মঘাং মূলং বিহায় চ। শুচিঃ সন্নিবিশেৎ পত্নীং পুন্নামর্ক্ষে

হনস্ত নোধেহি ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক ভোজন করিবে। অনন্তর শ্রীরামের প্রসাদিত তাম্বূলাদি ভক্ষণ করিয়া আত্মীয় স্বজনের সহিত ভগবানের মঙ্গলময় নামকীর্ত্তন করিবে। অতঃপর মৃত্তিকা ও জলদ্বারা পাদদ্বয়ের শৌচ ও প্রক্ষালন করিয়া আচমনান্তে, জানকীর সহিত বিরাজমান জানকীনাথকে স্মরণ করিয়া শয়ন করিবে। যেব্যক্তি শয়ন সময়ে রাম, স্কন্দ, হনুমান, পদ্মনাভ ও বৃকো-দরকে স্মরণ করে সে দুঃস্বপ্নদর্শন করেনা। অতঃপর মূলমন্ত্র স্মরণ করিয়া আত্মরক্ষা করিয়া গুর্ব্বর্থে ত্যক্তরাজ্য ইত্যাদি পাঠকরিয়া সস্ত্রীক শয়ন করিবে। যে ব্যক্তি ঋতুকালে পত্নীকে গমন করে তাহাকে পুণ্যবান গৃহস্থাশ্রমী বলাকয়। ঋতুকাল ষোড়শরাত্রি পর্য্যন্ত, তন্মধ্যে প্রথম ৪ রাত্র গর্হিত জানিবে, অবশিষ্ট দ্বাদশ রাত্রির যুগ্মরাত্রিতে অর্থাৎ ৬, ৮, ১০, ইত্যাদি দিনে সঙ্গমে পুত্র সন্ততি অযুগ্ম রাত্রিতে সঙ্গমে কন্যা সন্ততি হয় জানিবে। এই দ্বাদশ রাত্রিতে অশুদ্ধচন্দ্র, মূলা ও মঘা নক্ষত্রের বর্জ্জন করিবে, বিশেষতঃ পুরুষ বাচক যে সকল নক্ষত্র তাহাতে শুচি হইয়া স্ত্রীসংসর্গ করিলে পুরুষার্থসাধক

বিশেষতঃ। শুচিং পুত্রং প্রসূয়েত পুরুষার্থপ্রবর্ত্তকং।
ইত্যাদিমন্বাদিমুনিপ্রণীতশাস্ত্রপ্রণীতে পথি বর্ত্তমানঃ।
ন বাধ্যতে দুঃখদকর্ম্মপাশৈঃ শ্রীরামচন্দ্রস্য পদং স এতি।
ইতি শয়নবিধিঃ। ইতি রাত্রিপ্রথমযাম কৃত্যং।

অথ শ্রীমন্ত্ররাজস্য পুরশ্চরণমুচ্যতে। বিনা যেন ন সিদ্ধঃ স্যান্মন্ত্রো বর্ষশতৈরপি। গুরোর্মন্ত্রবরং লব্ধা সর্ব্বাভীষ্টপ্রদং বুধঃ। পূর্ব্ববৎপূজয়েন্নিত্যং জপেচ্চ নিয়তব্রতঃ। ষট্‌সহস্রং সহস্রংবা শতং চাষ্টোত্তরং শুচিঃ। এবমারাধিতো রামো যদা ভক্তিং প্রবোধয়েৎ। পুরশ্চরণকৃত্যায় পূর্ব্বসেবা বিধীয়তে। যথাশক্তি নিয়ম্যান্তর্ব্বহিরাত্মানমাত্মবিৎ। পুরশ্চরণবৎ সর্ব্বং কুর্য্যাদ্ধোমং বিহায় তৎ। ততঃ সঙ্কল্পং কুর্ব্বীত পুরশ্চরণমাদরাৎ। ইতি পূর্ব্বকৃত্যং।

ততঃ সঙ্কল্প্য কুর্ব্বীত পুরশ্চরণমাদরাৎ। নিরন্তরান্তরেণৈব নিয়মাত্মা দৃঢ়ব্রতঃ। শৈলাগ্রে জলমধ্যে বা তীরে

পুত্র জন্মিবে। এই প্রকার মাননীয় মনু প্রভৃতি মহাঋষিদিগের দর্শিত পথে যেব্যক্তি অবস্থিতি করে সে কর্ম্মপাশে বদ্ধ না হইয়া রামপদপ্রাপ্ত হয়।

অতঃপর মন্ত্ররাজের পুরশ্চরণ সম্বন্ধে লিখিত হইতেছে। পুরশ্চরণ ব্যতিরেকে শতবর্ষেও মন্ত্র সিদ্ধ হয়না। গুরু হইতে মনোহভীষ্টপ্রদ মন্ত্রগ্রহণ করিয়া নিয়মানুসারে পূর্ব্বরূপ অর্চ্চনা ও অষ্টোত্তরশত অথবা সহস্র অথবা ষটসহস্র জপ করিয়া নিত্য কার্য্য সমাপন করিবে, এই প্রকার আরাধনাতে যেই সময় শ্রীরামচন্দ্র প্রীত হইয়া ভক্তির উদ্রেক জন্মাইবেন, সেই সময় পুরশ্চরণের পূর্ব্ব কর্ত্তব্য কার্য্য সকল আরম্ভ করিবে। শক্ত্যনুসারে আন্তরিক ও বাহ্য নিয়ম সকল অর্থাৎ হোম ভিন্ন পুরশ্চরণে যে সকল অনুষ্ঠান করিতে হয় সেই সকল অনুষ্ঠান করিবে।

অনন্তর সঙ্কল্প করিয়া পুরশ্চরণ আরম্ভ করিবে। নীচ জাতির সংসর্গ

বা লবণাম্বুধেঃ। নদীতটেঽশ্বত্থমূলে রম্যে বিল্ববনান্তরে। প্রত্যঙ্গমুখঃ শিবস্থানে বৃষলাদিবিবর্জ্জিতে। অশ্বত্থবিল্বতুলসীবনে পুষ্পান্তরাবৃতে। গবাং গোষ্ঠেষু তীর্থেষু পুণ্যক্ষেত্রেষু শস্যতে। ইতি স্থানানি।

বৈদিকাচারযুক্তানাং শুচীনাং শ্রীমতাংসতাং। সংকুলস্নানজাতানাং ভিক্ষাশীলাগ্রজন্মনাং। ভুঞ্জানানাং হবিষ্যান্নং শাকং যাবকমেব বা। পয়ো মূলং ফলং বাপি যদ্যত্রোপপদ্যতে। ইতি গৌতমীয়ে। চরুমূলফলক্ষীরদধিভক্ষ্যান্নশক্তবঃ। শাকঞ্চাষ্টবিধং চান্নং সাধকস্যোচ্যতে বুধৈঃ। ইতি ভক্ষ্যনিয়মঃ।

লবণঞ্চ পলঞ্চৈব ক্ষারং ক্ষৌদ্রং রসান্তরং। মাষমুদ্গমসূরাদ্যান্ কোদ্রবাংশ্চণকাদপি। অসত্তামণসম্ভোষনাং বর্জ্জয়েদন্যপূজনং। বিনাশ্রমোচিতং নিত্যমর্থ নৈমিত্তিকঞ্চ যৎ। স্ত্রীশূদ্রপতিতব্রাত্যনাস্তিকোচ্ছিষ্টভাজনং। অসত্যভাষণং

বর্জ্জিত পর্ব্বতশৃঙ্গ, জলমধ্যে, লবণসমুদ্রের তীরে, নদীতীরে, অশ্বত্থমূলে অথবা মনোহর বিল্ববনে, নানাপুষ্পসমাকীর্ণ তুলসীকাননে, গোষ্ঠে অথবা তীর্থস্থানে পুরশ্চরণাদি কার্য্য করিবে। ইতি স্থাননির্ণয়।

অতঃপর বৈদিকাচারবত মহাত্মাদিগের ভক্ষ্যবস্তু সকল অভিহিত হইতেছে। গৌতমীয়ে লিখিত আছে, যে হবিষ্যান্ন, শাক, যাবক, দুগ্ধ এবং ফল মূলাদি যেস্থানে যাহা ঘটে তাহার দ্বারাই নিয়ম রক্ষা করিবে। এবং চরু ফল, মূল, দুগ্ধ, দধি শাল্যান্ন, শক্তু (ছাতু) এবং শাক এই অষ্ট প্রকার ভোজন সামগ্রী সাধকের ব্যবহর্ত্তব্য।

সংপ্রতি বর্জ্জনীয়ের নির্দ্দেশ করিতেছেন। লবণ,মাংস, ক্ষার, মধু, মাষ, মুদ্গ, মসূর, কোদ্রব, এবং বুট এই সমস্ত ভোজন করিবে না। আর অস্তোষ প্রস্তাব, অন্য দেবতার অর্চ্চনা এবং নিত্য ও স্বীয় আশ্রম বিহিত কার্য্য ব্যতিরি

ক্ষান্যভাষণং পরিবর্জ্জয়েৎ। ত্যজেদ্ বৈ কলহং ম্লেচ্ছ-ভাষণং পরিবর্জ্জয়েৎ। সত্যঞ্চাপি ন ভাষেত জপহোমাদি-কর্ম্মসু। বাঙ্ মনঃকর্ম্মভির্নিত্যং নিস্পৃহো বনিতাদিষু। বর্জ্জয়েদ্ গীতবাদ্যাদিশ্রবণং নৃত্যদর্শনং। তাম্বূলং গন্ধলেপঞ্চ পুষ্পধারণমেব চ। মৈথুনং তৎকথালাপং তদ্ গোষ্ঠীং পরিবর্জ্জয়েৎ। কৌটিল্যং ক্ষৌরমভ্যঙ্গমনিবেদিতভক্ষণং। অসঙ্কল্পিতকৃত্যঞ্চ বর্জ্জয়েন্মর্দ্দনাদিকং। ত্যজেদুষ্ণজলস্নানং সুগন্ধামলকাদিকং। ইতি বর্জ্জ্যানি।

স্নায়াচ্চ পঞ্চগব্যেন কেবলামলকেন চ। শ্রুতিস্মৃতি-পুরাণোক্তমন্ত্রৈঃ স্নায়াদনন্তরং। শক্তৌ ত্রিবারকং স্নান মন্যথা সকৃদাচরেৎ। ইতি স্নান নিয়মঃ।

নৈমিত্তিক কর্ম্ম বর্জ্জনীয় জানিবে। স্ত্রী, শূদ্র পতিত, সংস্কার বিহীন ও নাস্তিকের স্পৃষ্টান্ন ভোজন করা নিষিদ্ধ এবং মিথ্যা কথা ও অন্য প্রস্তাব বর্জ্জনীয়, জানিবে, কৌটিল্যও পরি ত্যাগ করিবে। জপ হোমাদি কার্য্যে সত্য প্রস্তাব করাও নিষিদ্ধ। কায়মনো বাক্যে বিষয়ে স্পৃহা শূন্য হইবে। গীত বাদ্যাদিশ্রবণ, নৃত্য দর্শন তাম্বূল ভোজন চন্দনানুলেপন পুষ্পধারণ বর্জ্জনীয় জানিবে। স্ত্রী সঙ্গ, তদ্বিষয়ের প্রস্তাব ও সেই বিষয়ের সমাজ পরিত্যাগ করিবে। অসরল ব্যবহার, ক্ষৌর, তৈল ব্যবহার ও অনিবেদিত ভক্ষণ বর্জ্জনীয় এবং সঙ্কল্পাতিরিক্ত কার্য্য, গাত্রমর্দ্দনাদি, উষ্ণ জলে স্নান ও গন্ধ দ্রব্যাদি দ্বারা স্নান পুনশ্চ রন্ধনাদি কার্য্যে নিষিদ্ধ জানিবে।

স্নান নিয়ম। প্রথমতঃ পঞ্চগব্য ও আমলকী মাত্র দ্বারা স্নান করিয়া পরে শ্রুতি স্মৃতি পুরাণোক্ত মন্ত্রপাঠ করিয়া স্নান করিবে। শক্তের পক্ষে ঐ রূপ স্নান তিন বার, অশক্তের পক্ষে একবার কর্ত্তব্য।

বর্ত্তুলং নবকোষ্ঠস্তং কৃত্বা কূর্ম্মাকৃতিং লিখেৎ। স্বরযুগ্মং ক্রমেণৈব মিন্দ্রাদ্যষ্টস্থ দিক্ষু চ। কাদীন্ বর্গান্ লক্ষমীশে তথা মধ্যে স্থলাধিপং। তৎক্ষেত্রাদ্যক্ষরং যত্র কূর্ম্মাস্যং তচ্চ দীপকং। তৎপার্শ্বকোষ্ঠৌ হস্তৌ দ্বাবধোহংঘ্রঃ কুক্ষিপাদকৌ। শেষকোষ্ঠঃ ভবেৎ পুচ্ছং মুখে সিদ্ধিরনুত্তমা। করস্থানে মহান্ ক্লেশঃ কুক্ষৌ দুঃখমবাপ্নুয়াৎ। পদে হানিস্তথা পুচ্ছে পীড়া স্যাদ্বন্ধনাদিভিঃ। মোক্ষার্থী বদনে কুর্য্যাদ্দক্ষিণে ত্বাভিচারিকং। শ্রীকামঃ পশ্চিমে ভূত্বা উত্তরে শান্তিদং ভবেৎ। ঈশানে শত্রুনাশঃ স্যাৎ আগ্নেয়ে শত্রুদায়কঃ। নৈঋর্তে শত্রুভীতিঃ স্যাৎ বায়ব্যে তু পলায়নং।

অনন্তর কূর্ম্মচক্র অভিহিত হইতেছে। বর্ত্তুল একটী ক্ষেত্র অঙ্কিত করিয়া তাহাকে নব কোষ্ঠা দ্বারা বিভক্ত করিবে, এই চক্রটী কূর্ম্মাকারে পরিণত হইবে। পরে নবকোষ্ঠার অষ্টকোষ্ঠাতে ইন্দ্রাদি অষ্ট দিক ক্রমে অআ হইতে ক্রমে দুইটী দুইটী স্বর লিখিয়া বহির্ভাগে পূর্ব্বাদি ক্রমে উত্তরদিক পর্য্যন্ত সপ্তদিগে ক্রমে কাদি হান্ত সপ্তবর্গ এবং ঈশান কোণে অবশিষ্ট লক্ষ, এই দুইটী বর্ণ লিখিবে। ক্ষেত্রের মধ্যস্থল কূর্ম্মের পৃষ্ঠ স্থান এবং ক্ষেত্রের আদ্য অক্ষর যেই দিগে থাকিবে, অর্থাৎ পূর্ব্বদিগে কূর্ম্মের মুখ নির্দ্দিষ্ট করিবে ইহাকেই দীপস্থান বলে। ঈশান কোণে ও অগ্নি কোণে হস্তদ্বয় নৈঋতকোণে ও বায়ু কোণে পাদদ্বয় এবং পশ্চিমদিগে পুচ্ছ নির্দ্দিষ্ট করিয়া মুখস্থ হইয়া কার্য্য করিলে নির্ব্বিঘ্নে কার্য্যসিদ্ধি হয়, কূর্ম্মে হস্তেস্থিতিতে নিতান্ত কষ্ট, পার্শ্বদ্বয়ে ও চরণদ্বয়ে দুঃখ ও ক্ষতি এবং পুচ্ছদেশে স্থিতিতে বন্ধন পীড়া হয় জানিবে। মোক্ষাভিলাষী ব্যক্তি মুখ স্থানে উপবিষ্ট হইয়া কার্য্য করিবে। ইহার দক্ষিণভাগে আভিচারিক কার্য্য প্রশস্ত। শ্রীকামনাতে পশ্চিম ভাগে উপবিষ্ট হইবে। উত্তরে মঙ্গল, ঈশানে বৈরিবিনাশ এবং বায়ুকোণে পলায়ন ফল জানিবে। অদৃশ্যাক্রমে গ্রামে অরণ্যে কি পর্ব্বতে যেস্থানে হউক দীপস্থানে

গ্রামে বা বিপিনে বাপি যত্র কুত্রাবিলোকনে। দীপ-স্থানে জপঃ কার্য্যঃ সর্ব্বকার্য্যাভীপ্সুভিঃ। কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপযজ্ঞকং। তস্য যজ্ঞফলং নাস্তি সর্ব্বোহনর্থায় কল্প্যতে। ইতি কূর্ম্মচক্রং॥

কুশাজিনাম্বরেণাথ কল্পয়েদাসনং বুধঃ। স্বস্তিকাদি-ক্রমেণাত্র বিশেত্তত্র নিরাকুলঃ। স্তম্ভনে গজচর্ম্ম স্যাৎ মারণে মাহিষং তথা। মেষচর্ম্ম তথোচ্চাটে খড়্গজং বশ্যকর্ম্মণি। বিদ্বেষে জাম্বুকং প্রোক্তং ভবেদ্গোচর্ম্ম শান্তিকে। সর্ব্বসিদ্ধ্যৈ ব্যাঘ্রচর্ম্ম জ্ঞানসিদ্ধ্যৈ মৃগাজিনং। বস্ত্রাসনং রোগহরং বেত্রজে বিপুলাং শ্রিয়ং। কৌষেয়ে পৌষ্টিকং কার্য্যং কম্বলং দুঃখমোচনং। বংশাসনে চ দারিদ্র্যং দৌর্ভাগ্যং দারুজাসনে। ধরণ্যাং দুঃখসম্ভূতিঃ পাষাণে দুঃখসম্ভবঃ। তৃণাসনে যশোহানিরেতৎ সাধারণে জপে। ইত্যাসনং।

উপবিষ্ট হইয়া কার্য্য করিলে অভীষ্ট কার্য্যের সিদ্ধি হয়। কূর্ম্ম চক্র অবগত না হইয়া জপ হোমাদি করিলে তাহার ফল লাভ হয় না এবং সমস্তই অনর্থের জন্য হয়।

অতঃপর দর্ভ, চর্ম্ম, অথবা বস্ত্র দ্বারা নির্ম্মিত আসনে স্বস্তিকাদি ক্রমে স্থির চিত্তে উপবিষ্ট হইয়া কার্য্য করিবে। আসনের নিয়ম কথিত হইতেছে, স্তম্ভনে হস্তিচর্ম্ম, মারণে মহিষ চর্ম্ম, উচ্চাটনে ছাগচর্ম্ম, বশ্যে গণ্ডার চর্ম্ম, বিদ্বেষে জাম্বুক চর্ম্ম শান্তি কার্য্যে গোচর্ম্ম সাধারণে ব্যাঘ্রচর্ম্ম এবং জ্ঞানসিদ্ধি কামনাতে মৃগচর্ম্ম প্রশস্ত জানিবে। বস্ত্রনির্ম্মিত আসনে রোগবিনাশ এবং বেত্রনির্ম্মিতে পরমৈশ্বর্য্য হয়। কৌষেয় অর্থাৎ রেসম দ্বারা নির্ম্মিত আসন মাঙ্গলিক কার্য্যে সুপ্রশস্ত। কম্বলাসনে দুঃখনিবৃত্তি, বাঁশের আসনে দরিদ্রতা এবং দারুআসনে

রুদ্রাক্ষশঙ্খপদ্মাক্ষপুত্রজীবকমৌক্তিকৈঃ। স্ফাটিকৈর্মণিরত্নৈশ্চ সৌবর্ণৈর্বিদ্রুমৈস্তথা। কুশমূলৈস্তথৈব স্যাদ্‌গৃহস্থস্যাক্ষমালিকা। অঙ্গুলীগণনাদেকং রেখয়াষ্টগুণং ভবেৎ। পুত্রজীবৈর্দশগুণং শতং শঙ্খৈঃ সহস্রকং। প্রবালৈর্মণিরত্নৈশ্চ দশসাহস্রিকং স্মৃতং। তদেব স্ফাটিকৈঃ প্রোক্তং মৌক্তিকৈর্লক্ষমুচ্যতে। পদ্মাক্ষৈর্দশলক্ষং স্যাৎ সুবর্ণৈঃ কোটিরুচ্যতে। কুশগ্রন্থ্যা কোটিশতং রুদ্রাক্ষৈঃ স্যাদনন্তকং। তুলসীকাষ্ঠঘটিতৈর্মণিভির্জপমালিকা। সর্ব্বকর্ম্মাণি সর্ব্বেসাং ঈপ্সিতার্থফলপ্রদা। অষ্টোত্তরশতৈর্মালা পঞ্চাশচ্চতুরাধিকৈঃ। সপ্তবিংশতিভিঃ কার্য্যা সর্ব্বসাধারণে জপে। পঞ্চবিংশতিমোক্ষার্থী ধনার্থী ত্রিংশতা

দৌভাগ্য হয়। মৃত্তিকাতেও পাষাণে দুঃখ, এবং তৃণাসনে যশের হানি হয়। সাধারণজপেই এই প্রকার আসন নিয়ম জানিবে।

অনন্তর জপমালার প্রণালী কথিত হইতেছে। রুদ্রাক্ষ, শঙ্খ, পদ্মবীজ, জীবপুত্রকা, মুক্তা, স্ফটিক, মণি, বজ্র, সুবর্ণ প্রবাল ও কুশমূল দ্বারা নির্ম্মিত মালা জপ কার্য্যে প্রশস্ত জানিবে। গৃহীদিগের অঙ্গুলী দ্বারা সংখ্যা রাখিলে কথিত ফল মাত্র লাভ হয়, তাহার রেখাসকল দ্বারা অষ্টগুণ জীবপুত্রিকাতে দশ গুণ শঙ্খমালিকাতে শত গুণ, প্রবালে সহস্রগুণ, মণি, রত্নে ও স্ফটিকে অযুতগুণ মৌক্তিকে লক্ষ, পদ্ম বীজে দশ লক্ষ, সুবর্ণে কোটি, কুশনির্ম্মিতে শত কোটি গুণ এবং রুদ্রাক্ষে অনন্ত ফল জন্মে। তুলসীর মালা সমস্ত কার্য্যে প্রশস্ত এবং মনোভীষ্ট ফল প্রদ হয়। সাধারণ জপে অষ্টোত্তর শত, চতুঃ পঞ্চাশৎ অথবা সপ্তবিংশতিসংখ্যক মালা প্রশস্ত। মুমুক্ষুদিগের সপ্তবিংশতি, ধনার্থীর পঞ্চবিংশতি, পুষ্টি কামনাতে ও সপ্তবিংশতি অভিচারে

জপেৎ । পুষ্ট্যর্থী সপ্তবিংশত্যা পঞ্চদশ্যাভিচারকে ।
সমেরুকৈঃ সাষ্টবর্গৈর্মালা স্যাদ্ যোগিনাং শুভা । গোপুচ্ছ-
সদৃশী কার্য্যা এবমেব সমেরুকা । মুখং মুখেন সং-
যোজ্য পুচ্ছং পুচ্ছে নিযোজয়েৎ । প্রোতব্যা সিতরক্তাদ্যৈঃ
সূত্রৈস্তৎকর্ম্মসিদ্ধয়ে । জপমালাং বিধায়েত্থং ততঃ সংস্কার-
মারভেৎ । ক্ষালয়েৎ পঞ্চগব্যেন তাং সদ্যোজাতেন মা-
র্জ্জয়েৎ । চন্দনাগুরুগন্ধাদ্যৈর্বামদেবেন ঘর্ষয়েৎ । ধূপয়ে-
ত্তামঘোরেণ লেপয়েৎ পুরুষেণ তু । মন্ত্রয়েৎ পঞ্চমেনৈব
প্রত্যেকন্তু শতং শতং । মন্ত্রয়েৎ পঞ্চমেনৈব তথা মন্ত্রেণ
মন্ত্রয়েৎ । অনুলোমবিলোমস্থৈর্মাতৃকার্ণৈঃ সবিন্দুকৈঃ ।
যেন প্রতিষ্ঠিতা মালা তেনৈব তু মনুং জপেৎ । অন্যমন্ত্র-
জপান্মালা ন কার্য্যা কর্হিচিদ্বুধৈঃ । ন স্পৃশেদ্বামহস্তেন কর-
ভ্রষ্টাং ন কারয়েৎ । অঙ্গুষ্ঠং মোক্ষদং বিদ্যাৎ তর্জ্জনীং শত্রু-
নাশিনীং । মধ্যমা ধনসিদ্ধ্যৈ স্যাৎ শান্তিকর্ম্মণ্যনামিকা । ক-

পঞ্চদশ সংখ্যক মালা দ্বারা জপ করা প্রশস্ত । সংপ্রতি মালার নিয়ম বলিতেছেন । শুভ্র অথবা রক্তবর্ণ সূত্র দ্বারা গোপুচ্ছের ন্যায় মেরুর সহিত মালা গাথিবে, মুখে মুখ এবং পুচ্ছে পুচ্ছ সংলগ্ন করিবে । মালার গ্রন্থি হইলে তাহার সংস্কার করিয়া লইবে । প্রথমতঃ পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন করিয়া সদ্যোজাত ইত্যাদি মন্ত্রে মার্জ্জন এবং চন্দন অগুরু প্রভৃতি গন্ধদ্রব্য দ্বারা বামদেব ইত্যাদি মন্ত্রে ঘর্ষণ করিয়া অঘোর ইত্যাদি মন্ত্রে সন্তাপিত করিবে । পরে বিধানোক্ত পঞ্চম মন্ত্র ও মূলমন্ত্র দ্বারা মন্ত্রিত করিবে এবং অনুলোম ও বিলোমে বিন্দুর সহিত মাতৃকাবর্ণ সকল জপ করিয়া প্রত্যেক মালাতে প্রতিষ্ঠা করিয়া অভীষ্ট মন্ত্র জপ করিবে । সেই মন্ত্রে মালা প্রতিষ্ঠা করিবে সেই মন্ত্রই প্রত্যহ জপ করিবে এক মন্ত্রে প্রতিষ্ঠা করিয়া অন্যমন্ত্র জপ করিবে না।

নিষ্ঠাকর্ষণে জ্ঞেয়া জপকর্ম্মণি সিদ্ধিদা। অঙ্গুষ্ঠেন বিনা কর্ম্ম কৃতং তদফলং ভবেৎ। তর্জ্জন্যা ন স্পৃশেৎ সূত্রং চালয়েন্ন বিধূনয়েৎ। অঙ্গুষ্ঠপর্ব্বমধ্যস্থং পরিবর্ত্তং সমাচরেৎ। আরভ্যা-নামিকামূলাৎ প্রাদক্ষিণ্যেন বৈ ক্রমাৎ॥ মধ্যমামূলপর্য্যন্তং জপেদ্দশসু পর্ব্বসু। জপমালালক্ষণং।

জপঃ স্যাদক্ষরাবৃত্তিঃ স উচ্চোপাংশুমানসঃ। যদুচ্চঃ নীচসমকৈঃ শব্দৈঃ স্পষ্টপদাক্ষরৈঃ। মন্ত্রমুচ্চারয়েদ্বাচা জপ যজ্ঞঃ স বাচিকঃ। শনৈরুচ্চারয়েন্মন্ত্র মীষদোষ্ঠং প্রচালয়েৎ। কিঞ্চিচ্ছ্রবণযোগ্যঃ স্যাদুপাংশুঃ স জপঃ স্মৃতঃ। ধিয়া যদঃ ক্ষরশ্রেণিং বর্ণস্বরপদাত্মিকাং। উচ্চরেদথ সংস্মৃত্য স উক্তো মানসো জপঃ। উচ্চৈর্জ্জপাদ্বিশিষ্টঃ স্যাদুপাংশুর্দ্দশভি-

মালাকে বাম হস্তদ্বারা স্পর্শ এবং করভ্রষ্ট করিবে না। অঙ্গুষ্ঠ মুক্তিপ্রদ, তর্জ্জনী বৈরিবিনাশিনী এবং মধ্যমাঙ্গুলীতে জপে অর্থ লাভ হয়। শান্তিকার্য্যে অনা-মিকা, আকর্ষণে কনিষ্ঠাঙ্গুলী প্রশস্ত জানিবে। অঙ্গুষ্ঠ ব্যতিরেকে কার্য্য হইলে সে কার্য্য নিষ্ফল হয়। তর্জ্জনী অঙ্গুলী দ্বারা সূত্র স্পর্শ করিবে না। মালাকে কম্পিত করিবে না, অঙ্গুষ্ঠের মধ্যপর্ব্বে রাখিয়া ফিরাইয়া লইবে। জপের নিয়ম অনামিকার মূল হইতে আরম্ভকরিয়া প্রদক্ষিণ ক্রমে মধ্যমাঙ্গুলীর মূল পর্য্যন্ত দশপর্ব্বে জপ করিবে।

অতঃপর জপলক্ষণ অভিহিত হইতেছে। মন্ত্রাক্ষরের যে আবৃত্তিকরা তাহার নাম জপ, ইহা উচ্চ, উপাংশুওমানসভেদে ত্রিবিধ। বর্ণ সকল স্পষ্ট করিয়া উচ্চ, নীচ ওসমবাক্যে যে মন্ত্রোচ্চারণ করা হয় তাহার নাম বাচিক জপ যজ্ঞ। ওষ্ঠকে ঈষৎ প্রচালিত করিয়া কিঞ্চিন্মাত্র শ্রবণ যোগ্য করিয়া যে মন্ত্রোচ্চারণ তাহাকে উপাংশু জপ বলাহয়। মনেতে মন্ত্রস্মরণ করিয়া যে মানসিক উচ্চারণ করাহয় তাহার নাম মানসিক জপ। উচ্চজপে বিশিষ্ট ফল

গুণৈঃ। জিহ্বাজপাচ্ছতগুণঃ সহস্রং মানসঃ স্মৃতঃ। পশুভাবে স্থিতা মন্ত্রাঃ কেবলা বর্ণরূপিণঃ। সৌষুম্নধ্বন্যুচ্চরিতাঃ প্রভুত্বং প্রাপ্নুবন্তি তে। ( একস্য মন্ত্রনাথস্যাপ্যন্তর্ব্বাহ্যোদিতস্য চ। যদেকং তং জপং বিদ্ধি লক্ষসংখ্যাবিধং মুনে।) মন্ত্রাক্ষরাণি মণিবচ্ছক্তৌ প্রোতানি ভাবয়েৎ। তামেব পরমব্যোম্নি পরমামৃতবৃংহিতাং। দর্শয়ত্যাত্মসদ্ভাবং পূজাহোমং বিনাপি সঃ। ন দোষো মানসে জাপ্যে সর্ব্বদেশেহপি সর্ব্বদা। জপনিষ্ঠো দ্বিজশ্রেষ্ঠঃ সর্ব্বযজ্ঞফলং লভেৎ। সর্ব্বেষামেব যজ্ঞানাং জপযজ্ঞঃ প্রশস্যতে। অহিংসয়াপি ভূতানাং জায়তেহসৌ মহাফলঃ। যজ্ঞানাং জপযজ্ঞোহহমিত্যাহ ভগবান্ হরিঃ। পদ্মনাভীয়ে। যাবন্তঃ কর্ম্মযজ্ঞাঃ স্যুঃ প্রদীপ্তানি তপাংসি চ। সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীং। জপেন দেবতা নিত্যং স্তূয়মানা

প্রাপ্তি, উপাংশু জপে দশগুণ, জিহ্বা দ্বারা জপে শতগুণ এবং মানসিক জপে সহস্রগুণ ফল লাভ হয়। বর্ণরূপ মন্ত্র সকল পশুর ন্যায় অচৈতন্য অবস্থাতে অবস্থিতি করিয়া থাকে সুষুম্না দ্বারা ধ্বনি হইয়া উচ্চারিত হইলে সেই মন্ত্র সকল প্রভুত্বপ্রাপ্ত হয়। মণির ন্যায় মন্ত্রবর্ণ সকল শক্তিতে সংলগ্ন আছে সেই পরমামৃত দ্বারা অভিষিক্তা শক্তির পরমাত্মাতে সংযোগ ভাবনা করিবে। এই রূপ চিন্তা করত জপ করিলে পূজা হোম ব্যতিরেকে ও অভীষ্ট ফল প্রাপ্তি হয়। মানসিক জপ সাধারণ স্থানেও সদা কাল করিতে পারা যায় ইহাতে কোন প্রকারেরই কোন দোষ ঘটিবার সম্ভাবনা নাই। জপপরায়ণ ব্যক্তি দ্বিজ শ্রেষ্ঠ বলিয়া কথিত হন এবং সমস্ত যজ্ঞের ফললাভ করিয়া থাকেন, সমস্ত যজ্ঞের মধ্যে জপরূপ যজ্ঞই প্রশস্ত যে হেতু জপরূপ যজ্ঞ প্রাণিহিংসা ব্যতিরেকে নিষ্পন্ন হইয়া থাকে সুতরাং জপ যজ্ঞ মহা ফলপ্রদ। ভগবান হরি

প্রাপ্নোতি। প্রসন্না বিপুলান্ ভোগান্ মুক্তিং দদ্যাচ্চ শাশ্বতীং ॥

মানসঃ সিদ্ধিকামানাং পুষ্টিকামৈরুপাংশুভিঃ। বাচিকো মারণে চৈব প্রশস্তো জপ ঈরিতঃ। মন্ত্রদেব প্রকাশিকায়াং।— সূর্য্যস্যাগ্নের্গুরোরিন্দোর্দীপস্য চ জলস্য চ। বিপ্রাণাঞ্চ গবাঞ্চৈব সন্নিধৌ সংমুখো জপেৎ। মন্ত্রার্ণবে।— মনঃ সংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনং। অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসংপত্তিহেতবঃ। উষ্ণীষী কঞ্চুকী নগ্নো মুক্তকেশো গণাবৃতঃ। অপবিত্রকরোঽশুদ্ধঃ প্রলপন্ন জপেৎ ক্বচিৎ। অপ্রাবৃতৌ করৌ কৃত্বা শিরসা প্রাবৃতো২পি চ। চিন্তাব্যাকুলচিত্তো বা ক্রুদ্ধো ভ্রান্তঃ ক্ষুধান্বিতঃ। অনাসনঃ শয়ানো

বলিয়াছেন যে, যজ্ঞের মধ্যে জপ রূপ যে যজ্ঞ তাহা শাস্ত্রি পদ্মনাভীয়ে লিখিত আছে যে, সমস্ত কর্ম্ম যজ্ঞ এবং অতিকৃচ্ছ্র সাধ্য তপস্যা ইহারা কেহই জপ যজ্ঞের ষোড়শ ভাগেক ভাগের যোগ্য হয় না। দেবতা যদি জপেতে সন্তুষ্টি লাভ করেন তবে বিপুল ঐশ্বর্য্য ও মুক্তি প্রদান করেন।

সিদ্ধি কামনাতে মানসিক, পুষ্টিকামনাতে উপাংশু এবং মারণে বাচিক জপ প্রশস্ত। মন্ত্র দেব প্রকাশিকাতে লিখিত আছে যে, সূর্য্য, বহ্নি, গুরু, চন্দ্র, প্রদীপ, জল, ব্রাহ্মণ ও গো ইহাদিগের সমীপেতে সম্মুখ হইয়া জপ করিবে। মন্ত্রার্ণবে বলিয়াছেন।—মনের স্থিরতা, পবিত্রতা, মৌন, মন্ত্রার্থপরিজ্ঞান, একাগ্রতা ও সুস্থতা এই সমস্ত জপসিদ্ধির প্রতি কারণ এই সমস্ত ব্যতিরেকে জপসিদ্ধি হয় না। উষ্ণীষধারী, বস্ত্রাবৃত, বস্ত্রবিহীন, মুক্তকেশ, বহুজনাবৃত অপবিত্র হস্ত, অশুচি এবং প্রলাপী ব্যক্তি জপকার্য্যে অধিকারী নহে। মস্তক নগ্ন করিয়া অথবা হস্ত দ্বয় অনাচ্ছাদিত করিয়া জপ করিবেনা। চিন্তাতে অস্থিরচিত্ত, ক্রুদ্ধ, ভ্রান্ত, ক্ষুধাকুল এবং আসনবিহীন ব্যক্তি জপেতে

বা গচ্ছন্ ভুঞ্জান এব বা। রথ্যায়ামশিবে স্থানে ন জপেৎ তিমিরান্তরে। উপানদ্গূঢ়পাদো বা যানশয্যাগতস্তথা। প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব চ। পতিতানাং মন্ত্যজানাং দর্শনে ভাষণেঽপি চ। ক্ষুতেহধোবায়ুগমনে জৃম্ভনে জপমুৎসৃজেৎ। প্রাপ্তাবাচম্য এতেষাং প্রাণায়ামং ষড়ঙ্গকং। কৃত্বা সম্যক্ জপেচ্ছেষং যদ্বা সূর্য্যাদিদর্শনং। মার্জ্জারং কুক্কুটং ক্রৌঞ্চং শ্বানং শূদ্রং খরং কপিং। দৃষ্ট্বাচম্য চরেৎ কর্ম্ম স্পৃষ্ট্বা স্নানং বিধীয়তে। অশুচির্ব্বা শুচির্ব্বাপি গচ্ছন্ তিষ্ঠন্ স্বপন্নপি। মন্ত্রৈক-শরণো বিদ্বান্ মনসৈব সদা জপেৎ। গৃহে জপঃ সমঃ প্রোক্তো গোষ্ঠে শতগুণশ্চ সঃ। আরামে চ তথারণ্যে সহস্রগুণমুচ্যতে। অযুতং পর্ব্বতে পুণ্যং নদ্যাং দশগুণ-

অনধিকারী। গমন ভোজন অথবা শয়ন করিয়া জপ করিবে না। পথে অমঙ্গল স্থানে এবং অন্ধকারে জপ করা নিষিদ্ধ। চর্ম্মপাদুকা ধারণ করিয়া এবং শয্যাতেস্থিত হইয়া অথবা পাদপ্রসারণ করিয়া জপ করা নিষিদ্ধ। উচ্চাসনে, পতিত ও চণ্ডালাদির দর্শনে ও উহাদিগের সহিত আলাপে জপ করিবে না। হাঁচি, অধোবায়ু নিঃসরণ ও জৃম্ভন হইলে জপ পরিত্যাগ করিবে। উল্লিখিত প্রতিবন্ধক উপস্থিত হইলে আচমন, প্রাণায়াম অঙ্গন্যাস ও সূর্য্যাদিদর্শন করিয়া অবশিষ্ট জপ করিবে। মার্জ্জার, কুক্কুট, বক কুক্কুর শূদ্র গাধা ও বানর এই সকলের দর্শনে আচমন করিয়া এবং স্পর্শনে স্নান করিয়া কার্য্যে প্রবর্ত্ত হইবে। শৌচে, অশৌচে, গমনে ও শয়নে সর্ব্বদাই এক মন্ত্র মাত্রে পরায়ণ হইয়া মানসিক জপ করিতে পারে।

জপফল অভিহিত হইতেছে। গৃহে জপ করিলে তুল্য ফল, গোষ্ঠে

স্মৃতং। কোটিং দেবালয়ে প্রাহুরনন্তং শিবসন্নিধৌ। শক্তশ্চেৎ সর্ব্বমেবৈতদশক্তঃ শক্তিতো জপেৎ। ন নিঃক্ষামোহপ্যনশক্তো নিষেধবিধিগোচরঃ। তথাচোক্তং শ্রীভাগবতে। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। সৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে।সদয়ো রাম চন্দ্রোহয়ং বিশেষং নেচ্ছতি ক্বচিৎ। রসনাস্পৃক্ ফলত্যেব পাবকঃ সংস্কৃতো যথা। ইতি জপলক্ষণং।

জপেচ্চ নিয়তং নিত্যং ত্রিকালং পুরুষোত্তমং। অর্চ্চয়ন্নেব চাব্যগ্রো যাবৎ ষড়্‌লক্ষমাদিতঃ। তর্পয়েচ্চ বিধানেন দশাংশং শুদ্ধবারিণা। পুষ্পাক্ষতাদিযুক্তেন জলেসংপূজ্য পুর্ব্ববৎ। ততো বিল্বফলৈঃ পুষ্পৈঃ পত্রৈরপি হুতাশনে। পূর্ব্বোক্তেন প্রকারেণ রামমাবাহ্য পূজয়েৎ।

শতগুণ, উপবনে ও বনে সহস্রগুণ পর্ব্বতে অযুত গুণ, নদীতীরে দশ গুণ, সাধারণ দেবালয়ে কোটি গুণ এবং শিবসমীপে অনন্তফল লাভ হয়। সমস্ত নিয়মই শক্তের পক্ষে, অশক্তের যেরূপ শক্তি তদনুসারেই জপ করিবে। কামনাও শক্তিশূন্য ব্যক্তি কোন নিষেধ ও বিধির লক্ষ্য নহে। ভাগবতে লিখিত আছে, যেকাল পর্য্যন্ত কষ্ট না হয় এবং সৎকথা প্রসঙ্গে অভিলাষ না হয় সেই কাল পর্য্যন্ত কর্ম্ম করিবে। অগ্নি যেরূপ সংস্কৃত হইলে ফল প্রদান করিয়া থাকেন সেইরূপ দয়াময় রামচন্দ্র রসনাতে বিরাজমান হইলেই ফল প্রদান করেন ভক্তের বিশেষ পরিশ্রমের অপেক্ষা করেন না। ইতি জপ লক্ষণ।

প্রতিদিন ত্রিকালে অব্যগ্র হইয়া শ্রীরাম চন্দ্রের অর্চ্চনা করতঃ ছয় লক্ষ জপ সম্পূর্ণ করিয়া দশাংশ নিয়মে শুদ্ধ জল দ্বারা তর্পণ এবং পূর্ব্বোক্ত নিয়মে পুষ্পাদি দ্বারা অর্চ্চনা এবং হোম ও ব্রাহ্মণ

মধুরত্রয়সংযুক্তৈঃ পদ্মৈর্ব্বা পায়সেন বা। তিলৈর্নানারসৈর্ব্বাপি ব্রাহ্মণান্ ভোজয়েত্ততঃ। পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ। হোমো ব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে। গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসন্নাচ্চ যথাবিধি। পঞ্চাঙ্গোপাসনং সিদ্ধ্যৈঃ পুরশ্চৈতদ্বিধীয়তে। নিষ্কামানাং মনেনৈব সাক্ষাৎকারো ভবেদিতি। অর্থসিদ্ধিঃ সকামানাং ভবেদেবং ন সংশয়ঃ। পঞ্চাঙ্গমেতৎ কুর্ব্বীত যঃ পুরশ্চরণং বুধঃ। স বৈ বিজয়তে লোকে বিদ্যৈশ্বর্য্যফলাদিভিঃ। আদাবন্তে চ মধ্যে চ ব্রাহ্মণান্ ভোজয়েদ্বহূন্। দিনে দিনে যথাশক্তি রামমুদ্দিশ্য ভক্তিতঃ। সুভোজিতেষু বিপ্রেষু তৎ সাঙ্গং সফলং ভবেৎ। সংসারে দুঃখভূয়িষ্ঠে য ইচ্ছেৎ সুখমাত্মনঃ। পঞ্চাঙ্গোপাসনেনৈব রামং ভজতু ভক্তিতঃ। পঞ্চাঙ্গোপাসনং ভক্ত্যা পুরশ্চরণমুচ্যতে। এতদ্ধি

ভোজন নির্ব্বাহ করিবে। নিত্য জপ, কালত্রয়ে পূজা, তর্পণ, হোম ও ব্রাহ্মণ ভোজন হইলেই পুরশ্চরণ সাঙ্গ হয়। প্রসন্নগুরুর নিকট হইতে লব্ধ মন্ত্রের যথা বিধি পঞ্চাঙ্গোপাসনা হইলেই সিদ্ধি হইয়া থাকে। নিষ্কামী দিগের এই পুরশ্চরণেই অভীষ্ট দেবতার সাক্ষাৎ হয়। এবং কামীদিগের ও ইহাতেই কামনাসিদ্ধি হয়। যে সাধক পঞ্চাঙ্গ পুরশ্চরণ করে সে বিদ্যা ও ঐশ্বর্য্যশালী হইয়া লোকে শ্রেষ্ঠতা প্রাপ্ত হয়। পুরশ্চরণের আদিতে অন্তে ও দিনে২ বহুতর ব্রাহ্মণভোজন করাইবে। ব্রাহ্মণ ভোজনে পরিতুষ্ট হইলে অনুষ্ঠিত কার্য্য সম্পূর্ণ ও ফল প্রদ হয়। যিনি এই দুঃখের আকর সংসারে নিজের সুখ অভিলাষ করেন তিনি পঞ্চাঙ্গোপাসনাতে শ্রীরামচন্দ্রকে প্রীত করুন।

বিদুষাং শ্রেষ্ঠং সংসারচ্ছেদকারকং নানেন সদৃশো ধর্ম্মো নানেন সদৃশং তপঃ। নানেন সদৃশং কিঞ্চিদিষ্টার্থস্য চ সম্বলং। ইতি পুরশ্চরণং।

যদি হোমে ত্বশক্তঃ স্যাৎ পূজায়াং তর্পণে হপি বা। তাবৎসংখ্যা জপেনৈব ব্রাহ্মণারাধনেন চ। ভবেদঙ্গদ্বয়েনৈব পুরশ্চরণমার্য্য বৈ। যদ্‌যদঙ্গং বিহীয়েত তৎসংখ্যাদ্বিগুণো জপঃ। কর্ত্তব্যঃ সাঙ্গসিদ্ধ্যর্থং তদশক্তেন ভক্তিতঃ। ন চেদঙ্গং বিহীয়েত তত ইষ্টমবাপ্নুয়াৎ। অঙ্গহীনং ভবেদ্ যদ্‌যৎ কর্ম্ম নেষ্টার্থ সাধকং। সর্ব্বথা ভোজয়েদ্বিপ্রান্ ব্যঙ্গ সাঙ্গত্বসিদ্ধয়ে। বিপ্রারাধনমাত্রেণ কর্ম্মণঃ সাঙ্গতা ভবেৎ। জপাদ্দশাংশতো হোমং তদ্দশাংশেন তর্পণং। মার্জ্জনং তদ্দশাংশেন তদ্দশাংশেন ভোজনং।

## ইতি ন্যূনাতিরিক্ত পূর্ণতা।

ভক্তি পূর্ব্বঃসর যে পঞ্চাঙ্গোপাসনা করা তাহাকে পুরশ্চরণ বলে। সাধক সকলের ইহাই সংসারচ্ছেদনের প্রধান মূল ইহার সদৃশ ধর্ম্ম নাই ইহার সদৃশ তপস্যা নাই এবং ইহার সদৃশ অভীষ্ট সিদ্ধির প্রধান সম্বল নাই।

যদি পূজা, হোম এবং তর্পণে অশক্ত হয় তবে জপ ও ব্রাহ্মণ ভোজন এই অঙ্গদ্বয়ে ও পুরশ্চরণ সিদ্ধি হইতে পারে। অশক্ত হইয়া যে যে অঙ্গের পরিত্যাগ করিবে মূলসংখ্যানুসারে তাহার দ্বিগুণ জপে সেই অঙ্গের সিদ্ধি হইবে। সাঙ্গ কর্ম্ম করিলেই অভীষ্ট ফল প্রাপ্তি হয়, অঙ্গহীন করিলে অভীষ্টসিদ্ধি হয় না। বিশেষরূপে ব্রাহ্মণভোজন করাইলে অঙ্গহানি জন্য দোষ হইতে পারে না। জপের দশাংশ হোম, হোমের দশাংশ তর্পণ, তর্পণের দশাংশ মার্জ্জন (অভিষেক) এবং অভিষেকের দশাংশ ব্রাহ্মণভোজন জানিবে।

এবং সিদ্ধে মন্ত্ররাজে প্রয়োগান্ সাধয়েদথ। গ্রথনঞ্চ বিদর্ভঞ্চ সংপুটো রোধনং তথা। যোগঃ পল্লব ইত্যেতে বিজ্ঞেয়াঃ ষট্ ক্রিয়া মুনে। মন্ত্রার্ণান্তরিতান্ কৃত্বা নামবর্ণান্ যথাবিধি। গ্রথনং তদ্বিজানীয়াৎ প্রশস্তং শান্তিকর্ম্মণি। মন্ত্রার্ণদ্বয়মধ্যস্থং সাধ্যনামাক্ষরং লিখেৎ। বিদর্ভ এষ বিজ্ঞেয়ো মন্ত্রিভির্বশ্যকর্ম্মণি। আদাবন্তে চ মন্ত্রঃ স্যাৎ নাম্নোঽসৌ সংপুটঃ স্মৃতঃ। এষ সংস্তম্ভনে জ্ঞেয় ইত্যুক্তং মন্ত্রবেদিভিঃ। আদাবন্তে ভবেন্নাম মনোস্তদ্রোধনং মতং। বিদ্বেষণ বিধানেষু প্রশস্তমিদমীরিতং। মন্ত্রস্যান্তে ভবেন্নাম যোগঃ প্রোচ্চাটনে মতঃ। অন্তে নাম্নো ভবেন্মন্ত্রঃ পল্লবো মারণে মতঃ। ইতি ষট্ কর্ম্মসু গ্রথনাদিজ্ঞানং।

তত্ত্বোদয়ং পরিজ্ঞায় কর্ম্ম কুর্য্যাদ্ যথোচিতং। ক্ষমাতত্ত্বে স্তম্ভনং কুর্য্যাদাপস্তত্ত্বেন চ শান্তিকং। বশ্যমাকর্ষণেচৈব

অনন্তর ষট্‌কর্ম্ম বিবৃত হইতেছে, মন্ত্র সিদ্ধি হইলে এই সমস্ত বিধেয়। গ্রথন, বিদর্ভ, সংপুট, রোধন, যোগ ও পল্লব এই ষড়্‌বিধ প্রয়োগ অনন্তর বক্তব্য কার্য্য সকলে প্রশস্ত জানিবে। বিধিঅনুসারে নামবর্ণ সকলকে যে মন্ত্রবর্ণের অন্তরিত করা তাহার নাম গ্রথন ইহা শান্তিকার্য্যে প্রশস্ত। মন্ত্র বর্ণদ্বয়ের মধ্যে সাধ্যের নামাক্ষর লেখাকে বিদর্ভ বলে। ইহা বশীকরণ কার্য্যে প্রশস্ত। নামের আদিতে ও অন্তেতে মন্ত্র লিখিয়া যে পুটিত করা হয় ইহার নাম সংপুট স্তম্ভনকার্য্যে বিধেয়। আর মন্ত্রের আদিতে ও অন্তেতে যে সাধ্যের নামলেখা তাহাকে রোধন বলে ইহা বিদ্বেষ কার্য্যে প্রশস্ত। মন্ত্রের অন্তেতে নাম লেখার নাম যোগ উচ্চাটন কার্য্যে প্রশস্ত এবং নামের অন্তে মন্ত্র বিন্যাসের নাম পল্লব ইহা মারণ কার্য্যে প্রশস্ত বলিয়াছেন।

তেজস্তত্ত্বোদয়ে সতি। উচ্চাটনং মরুত্তত্ত্বে ব্যোমতত্ত্বে চ মারণং। জানীয়াদুদিতং তত্ত্বং বর্ণৈর্ব্বিন্দুগতৈঃ পৃথক্॥ ইতি তত্ত্বজ্ঞানং।

বেদাস্রং যোনিমর্দ্ধেন্দু ত্র্যস্রং বৃত্তং ষড়স্রকং। পঙ্কজাকারমষ্টাস্রং শান্তিকার্য্যে নিযোজয়েৎ। ইতি কুণ্ডানি।

লৌকিকেহগ্নৌ শান্তিকং স্যাৎ পৌষ্টিকঞ্চ শুভং তথা। বটজে স্তম্ভনং কুর্য্যাৎ শ্মশানস্থে তু মারণং। বিভীতকাগ্নৌ বিদ্বেষঃ ষট্কর্ম্মণ্যগ্নয়ো মতাঃ। ইত্যগ্নয়ঃ।

অঙ্গুষ্ঠানামিকাভ্যাঞ্চ জপেদুত্তমকর্ম্মণি। অঙ্গুষ্ঠমধ্যমাভ্যাঞ্চ জপেদাকৃষ্টিসিদ্ধয়ে। তর্জ্জন্যঙ্গুষ্ঠসংযোগাদ্বিদ্বেষোচ্চাটনং মতং। কনিষ্ঠাঙ্গুষ্ঠকাভ্যাঞ্চ জপেন্মারণকর্ম্মণি। ইতি জপজ্ঞানং।

তত্ত্বোদয় অবগত হইয়া কার্য্য করিবে। পৃথিবী তত্ত্বে স্তম্ভন, জল তত্ত্বে শান্তি কর্ম্ম, তেজস্তত্ত্বে বশীকরণ ও আকর্ষণ, বায়ু তত্ত্বে উচ্চাটন আর আকাশ তত্ত্বের উদয় হইলে মারণ প্রশস্ত। বিন্দুগত বর্ণদ্বারা পৃথক্২ রূপে তত্ত্বোদয় অবগত হইবে।

চতুরস্র, যোনি, অর্দ্ধচন্দ্র, ত্র্যস্র, বৃত্ত, ষট্কোণ পদ্ম ও অষ্টাস্র এই অষ্টবিধ কুণ্ড শান্তিপ্রভৃতি কার্য্যে করিবা।

অনন্তর অগ্নির নির্ণয় করিতেছেন। লৌকিক বহ্নিতে শান্তিক পৌষ্টিক ও মাঙ্গলিক কার্য্য প্রশস্ত। বটবৃক্ষোদ্ভব বহ্নিতে স্তম্ভন, শ্মশানানলে মারণ, বিভীতক বহ্নিতে বিদ্বেষ ও উচ্চাটন কার্য্য করিবে।

উৎকৃষ্টকার্য্যে অঙ্গুষ্ঠ ও অনামিকাদ্বারা আকর্ষণে অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলি দ্বারা, বিদ্বেষে ও উচ্চাটনে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠদ্বারা মারণে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠদ্বারা জপ করিতে হয়।

উদয়াদ্ যাম পর্য্যন্তং হেমন্তে পৌষ্টিকং জপেৎ। যামদ্বয়ং পূর্ব্বরাত্রেঃ শিশিরে মারণং জপেৎ। বসন্তে প্রহরাদূর্দ্ধং যাবন্মাধ্যাহ্নিকং ভবেৎ। কার্য্যমাকর্ষণন্তত্র মন্ত্রৈরিষ্টস্য বস্তুনঃ। গ্রীষ্মে তৃতীয়কো যামো হিতো বিদ্বেষকর্ম্মণি। ততোঽস্তময়পর্য্যন্তমুচ্চাটে তোয়দাগমে। অর্দ্ধরাত্রে নিশীথে চ জপেচ্ছরদি শান্তিকং। তথাচাহ বশিষ্ঠঃ, যস্মিন্ কস্মিন্নৃতৌ কার্য্যং মন্ত্রাণাং সাধনং শুভং। পূর্ব্বাহ্নে বশ্যপুষ্টী চ মধ্যাহ্নে প্রীতিনাশনং। উচ্চাট মপরাহ্নে তু সন্ধ্যায়াং মারণন্তথা। শান্তিকর্ম্মার্দ্ধরাত্রে চ তদূর্দ্ধং সর্ব্বকর্ম্ম চ। ইতি ঋতুস্থানং।

পূর্ব্বামুখং ভবেদ্বশ্যং দক্ষিণা চাভিচারিকং। পশ্চিমে স্তম্ভনং বিদ্যাদুত্তরাস্যঞ্চ শান্তিকং। আকর্ষণমথাগ্নেয়ে নৈঋর্তে মারণন্তথা। উচ্চাটনঞ্চ বায়ব্যে ঐশান্যাং মোক্ষদায়কং। ইতি দিঙ্নিয়মঃ।

পৌষ্টিক কার্য্য হেমন্ত ঋতুতে করিয়া উহাতে রবিউদয় হইতে একপ্রহর পর্য্যন্ত জপ করিবে। মারণ শিশিরে প্রশস্ত এবং রাত্রির প্রথম যামদ্বয় পর্য্যন্ত জপ, আকর্ষণ বসন্ত কালে বিধেয় মধ্যাহ্ন পর্য্যন্ত জপ, বিদ্বেষে গ্রীষ্ম কালে তৃতীয় যাম পর্য্যন্ত জপ। উচ্চাটনে বর্ষাকাল ও সূর্য্যাস্তপর্য্যন্ত জপ করিবে। শান্তিক কার্য্য শরৎকালে কর্ত্তব্য রাত্রিযোগে যাম দ্বয়পর্য্যন্ত জপ করিতে হয়।

বশীকরণে পূর্ব্বদিক, অভিচারিকে দক্ষিণ, স্তম্ভনে পশ্চিম; শান্তিকে উত্তর, আকর্ষণে আগ্নেয়, মারণে নৈঋর্ত, উচ্চাটনে বায়ুকোণ মোক্ষকামনাতে ঈশান কোণ প্রশস্ত জানিবে।

শুক্লপক্ষে দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা। বুধদেবঃ গুরূপেতা শান্তিকে চাথ সপ্তমী। ষষ্ঠী ত্রয়োদশী চৈব চতুর্থী নবমী তথা। সোমদেবগুরূপেতা পৌষ্টিকে শংসিতা বুধৈঃ। অষ্টমী নবমী চৈব দশম্যেকাদশী তথা। শুক্রভানুসুতোপেতা শস্তা বিদ্বেষকর্ম্মণি। ততশ্চতুর্দ্দশী কৃষ্ণা শনিবারে তথাষ্টমী। উচ্চাটনে তু শস্তোয়ং জপঃ শঙ্করভাষিতঃ। অমাবস্যাষ্টমী কৃষ্ণা তাদৃক্ চৈব চতুর্দ্দশী। ভানুনা তৎসুতোপেতা ভূসুতেনাপি সংযুতা। মারণে স্তম্ভনে চৈব জপে হোমে প্রশংসিতা। ইতি তিথি নির্ণয়ঃ।

লক্ষং তদর্দ্ধমথবা জপিত্বা তদ্দশাংশতঃ। তিলৈর্ব্বা কমলৈর্হুত্বা যদ্‌যদিষ্টং তদাপ্যতে। বিল্বপ্রসূনৈরৈশ্বর্য্যমর্চ্চিতেঽগ্নৌ হুতৈর্ভবেৎ। পালাশকুসুমৈর্হুত্বা মেধাবী

শান্তিকার্য্যে শুক্ল পক্ষের তৃতীয়া ও পঞ্চমী এবং বুধবার ও শুক্রবার প্রশস্ত। পৌষ্টিক কার্য্যে শুক্ল পক্ষের সপ্তমী ষষ্ঠী ত্রয়োদশী, চতুর্দ্দশী ও নবমী এবং সোমবার ও শুক্রবার প্রশস্ত। বিদ্বেষে অষ্টমী, নবমী, দশমী ও একাদশী এবং শুক্রবার ও শনিবার প্রশস্ত। উচ্চাটনে কৃষ্ণ পক্ষীয় অষ্টমী চতুর্দ্দশী ও শনিবার প্রশস্ত। মারণে ও স্তম্ভনে অমাবস্যা, কৃষ্ণপক্ষীয় অষ্টমী ও চতুর্দ্দশী এবং শনি রবি ও মঙ্গল বার প্রশস্ত জানিবে।

এক লক্ষ অথবা তদর্দ্ধ পরিমিত জপ করিয়া তাহার দশাংশ নিয়মে তিল প্রভৃতি দ্বারা হোম করিবে। বিল্বপুষ্প দ্বারা হোম করিলে। ঐশ্বর্য্য পলাশ পুষ্প দ্বারা হোমে মেধা, দূর্ব্বা ও গুড়ূচীর সহিত তণ্ডুল যোগ করিয়া তাহার দ্বারা হোম করিলে রোগমুক্ত ও দীর্ঘায়ু হয়। আরোগ্যার্থী ব্যক্তি অন্নের উপরি ৮ বার রামমন্ত্র জপ করিয়া ভোজন

বেদবিদ্ভবেৎ। দূর্ব্বাভিশ্চ গুড়ূচীভিঃ প্রত্যেকমপি চা-
ক্ষতৈঃ। নিরাময়োঽপি দীর্ঘায়ুর্ভবত্যেব তপোনিধে।
আরোগ্যকামো ভুঞ্জীতে অন্নং মন্ত্রাভিমন্ত্রিতং। অষ্টধামন্ত্র-
পূতাম্ভঃ পীত্বা ভক্তঃ কবির্ভবেৎ। রোগোক্তৌষধি-
হোমেন রোগান্মুচ্যেত তৎক্ষণাৎ। সম্যক্চন্দনতোয়ৈশ্চ
প্রত্যগ্রৈশ্চ সম্যুক্ষতৈঃ। জাতিপ্রসূনৈর্হুত্বা তু রাজানং
বশমানয়েৎ। ধ্যাত্বা তু মন্মথং রামং সীতামপি
রতিং স্মরেৎ। মধুরত্রয়যুক্তেন পায়সেন হুতেন তু।
বাঞ্ছিতং ধনমাপ্নোতি হুত্বা রক্তোৎপলৈর্নবৈঃ। হুত্বা নী-
লোৎপলৈঃ সম্যক্ বশয়েদখিলং জগৎ। রামং বিধিবদা-
রাধ্য জ্বলিতেগ্নৌ প্রয়োগবিৎ। মধুরত্রয়যুক্তেন পায়সেন
হুতেন তু। সর্ব্বাধিপত্যং বৈদুষ্যং ভবত্যেব ন সংশয়ঃ।
বিল্বপ্রসূনৈঃ কুমুদৈস্তথা বিল্বদলৈরপি। হুত্বা তু লভতে
লক্ষ্মীমচিরান্মন্ত্রসাধকঃ। আরাধ্য রামং চণ্ডাংশুমণ্ডলে

করিলে আরোগ্য লাভ করিবে। ৮ বার রামমন্ত্রে অভিমন্ত্রিত জল পান
করিলে কবি হইবে। আর যে রোগে যে ঔষধ নির্ব্বাচিত হইবে
তাহার দ্বারা হোম করিলে তৎক্ষণাৎ মাত্র রোগ হইতে আরোগ্য
হইবে। সচন্দনজলমিশ্রিত জাতি পুষ্প দ্বারা হোম করিলে রাজা
বশীভূত হইবেন। রাম মন্মথ, সীতা ও রতিকে ধ্যান করিয়া মধুরত্রয়-
যুক্ত পায়স দ্বারা হোম করিলে বাঞ্ছিত ধন লাভ হয়। নূতন রক্ত
পদ্ম ও নীল পদ্মদ্বারা হোম করিলে নিখিল জগৎ বশীভূত হয়। বিধি
অনুসারে রামের আরাধনা করিয়া মধুর ত্রয়যুক্ত পায়স দ্বারা জ্বলিত বহ্নিতে
হোম করিলে সমস্তের প্রতি আধিপত্য ও পাণ্ডিত্য লাভ হয়। বিল্ব
পত্র বিল্বপুষ্প ও কুমুদ দ্বারা হোম করিলে অচিরেই শ্রীলাভ হইবে

বৎসরং মুনিঃ। উদয়াদস্তমানান্তং জপেন্মন্ত্রমনন্যধীঃ। ফলং ভবতি তস্যাশু দেবানামপি দুর্ল্লভং। রাজ্যৈশ্বর্য্যোপভোগার্থী জপেল্লক্ষমনন্যধীঃ॥ পদ্মৈর্ব্বিল্বপ্রসূনৈশ্চ দশাংশং জুহুয়া-ন্মুনে। সমুদ্রতীরে গোষ্ঠে বা লক্ষজাপী পয়োব্রতঃ। পায়সেনাজ্যযুক্তেন হুত্বা বিদ্যানিধির্ভবেৎ। পরিক্ষীণা-ধিপত্যো যঃ শাকাহারো জলান্তরে। জপেল্লক্ষঞ্চ জুহুয়াৎ বিল্বপুষ্পৈর্দ্দশাংশতঃ। ভবেন পুনরায়াতি স্বাধিপত্যং ন সংশয়ঃ। উপোষ্য গঙ্গাদিজলান্তরস্থো রামং সমারাধ্য জপেচ্চ লক্ষং। হুত্বা দশাংশং কমলৈর্স্তিলৈর্ব্বা বিল্প প্রসূনৈর্ম্মধুরত্রয়াক্তৈঃ। রাজ্যং শ্রিয়ং বিন্দতি মন্দভাগ্যো হ্যপ্যমুষ্য দাস্যং বহুবাঞ্ছিতং স্যাৎ। মাঘমাসে জলে স্থিত্বা জলমূলফলাশনঃ। জপেল্লক্ষঞ্চ জুহুয়াৎ পায়সেনা-র্চ্চিতানলে। শ্রীরামসদৃশঃ পুত্রঃ পৌত্রোঽপ্যস্য প্রজায়তে।

এক বৎসর পর্য্যন্ত উদয়াবধি অস্ত পর্য্যন্ত মুনিবৃত্তি অবলম্বন করতঃ অনন্যচিত্ত এবং হৃষ্টমনা অভিমুখ হইয়া শ্রীরামের আরাধনা পূর্ব্বক তদীয় মন্ত্র জপ করিলে দেবগণের ও দুর্লভ ফল অবিলম্বে প্রাপ্ত হয়। রাজৈশ্বর্য্য কামনাতে একাগ্রচিত্তে লক্ষ জপ করিয়া বিল্বপুষ্প ও পদ্ম দ্বারা দশাংশনিয়মে হোম করিবে। সমুদ্রতীরে অথবা গোষ্ঠে দুগ্ধমাত্র পান করত লক্ষ জপ করিয়া ঘৃতযুক্ত পায়স দ্বারা হোম করিলে বিদ্যানিধি হইবে। রাজত্বের পরিক্ষয় হইলে শাকভোজী ও জলান্তরস্থ হইয়া লক্ষ জপ ও বিল্বপুষ্প দ্বারা দশাংশ নিয়মে হোম করিলে পুনর্ব্বার পূর্ব্বরূপ আধিপত্য লাভ হয়। উপবাসী থাকিয়া গঙ্গাদি জলে স্থিত হইয়া রামকে আরাধনা করত লক্ষ জপ ও পদ্ম তিল এবং মধুর ত্রয়যুক্ত পদ্ম পুষ্প দ্বারা পূর্ব্বনিয়মে হোম করিলে ভাগ্যবিহীন ব্যক্তি ও রাজ্যৈশ্বর্য্য লাভ করিবে এবং বহুলোকে ইহার দাসত্বে

বলিষ্ঠৈঃ শক্রভির্মন্ত্রী পরিভূতোঽবমানিতঃ। তদা হন-হনেত্যুক্ত্বা নামান্তৈর্ব্বৈরিণাং জপেৎ। ধ্যায়েদ্রঘুপতিং ক্রুদ্ধং কালানলমিবাপরং। আকর্ণসশরাকৃষ্টং কোদণ্ডভুজ-মণ্ডলং। রণাঙ্গনে রিপূন্ সর্ব্বান্ তীক্ষ্ণমাকুলবৃষ্টিভিঃ। সংহরন্তং মহাবীরমুগ্রমৈন্দ্ররথস্থিতং। লক্ষ্মণাদি মহা-বীরৈঃ শৈলবৃক্ষকরোদ্ধৃতৈঃ। বেগোত্থতালহুঙ্কারৈর্ন্নতে তুক্ত্বা মহারবৈঃ। নদদ্ভিঃ পরিধাবদ্ভিঃ সমরে রাবণ-প্রেত। এবং ধ্যাত্বা নিরাহারো মারণায় রিপোঃ পুনঃ। জুহুয়াৎ শাল্মলীপুষ্পৈর্দ্দশাংশং মন্ত্রসাধকঃ। অষ্ট্রৈশ্বর্য্যেণ-যুক্তোঽপি ন শক্র বশগোভবেৎ। বৈরিণং রাবণং ধ্যাত্বা তথাত্মানং রঘূদ্বহং। বিধায় পূর্ব্ববৎ সর্ব্বমনায়াসেন মার-য়েৎ। সীতাহরণশোকাব্ধি স্তম্ভীভূতমচেতনং। জপে-দ্রঘুপতিং ধ্যায়ন্ নিরাহারো জলে বসন্। দশাংশতস্তিলৈ হুর্ত্বা স্তম্ভয়েচ্ছক্রসংহতিং। বিধায় বায়ুবীজান্ত তন্নাম্না-ত্রাসয়েতি চ। জপেন্মন্ত্রং নিরাহারো জুহুযাৎ সতিলৈরপি।

প্রার্থী হইবে। ফল, মূল ও জল দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া মাস মাসে জলান্তর্গত হইয়া লক্ষ জপ ও পায়স দ্বারা হোম করিলে শ্রীরামচন্দ্রের তুল্য পুত্র পৌত্র জন্মিবে। বলবান শক্রকর্তৃক পরাজিত ব্যক্তি যদি ভোজন রহিত হইয়া ধ্যায়েদ্রঘুপতিং ক্রুদ্ধং ইত্যাদি সমরে রাবণপ্রেত ইত্যন্ত মূলোক্ত ধ্যান করত দ্বিতীয়ান্ত শক্রনামের পরে হন হন ইত্যন্ত মন্ত্র জপ করিয়া দশাংশ নিয়মে শাল্মলী পুষ্পের হোম করে তবে কদাচ ও শক্রর বশতাপন্ন হইবে না। আর শক্রকে রাবণরূপী এবং আত্মাকে শ্রীরামরূপী চিন্তা করিয়া পূর্ব্ব নিয়মে জপ হোমাদি করিলে নিশ্চয়ই সাধক অনায়াসে শক্র বিনাশে সমর্থ হইবে। জলান্তর্গত ও ভোজন বিহীন হইয়া শ্রীরাম চন্দ্র সীতা

